# জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper :www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in


## প্রয়াত বাসন্তী

ফিল্ম ও টেলি-জগতের অভিনেত্রী বাসন্তী চট্টোপাধ্যায় প্রয়াত। ক্যান্সারে আক্রান্ত বাসন্তীর বয়স হয়েছিল ৮৮। শোকপ্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেছেন, শিল্পজগতে অপূরণীয় ক্ষতি হল



## রাজ্যে ভারী বৃষ্টি



সাগরে নিম্নচাপ। সরবে দক্ষিণ ওড়িশা ও উত্তর অন্ধ্রপ্রদেশ উপকূলমুখো। বৃহস্পতিবার রাজ্যের উত্তর-দক্ষিণে ভারী বৃষ্টির পূর্বাভাস। যদিও দক্ষিণের চেয়ে উত্তরের জেলায় বৃষ্টির প্রভাব বেশি থাকবে

## পুরীর মন্দির উড়িয়ে দেওয়ার হুমকি-কথা দেওয়ালে লেখা



## আবার যোগীরাজ্য, বিশেষভাবে সক্ষমকে তাড়া করে গণধর্ষণ




বর্ষ - ২১, সংখ্যা ৮২ ● ১৪ অগাস্ট, ২০২৫ ● ২৮ শ্রাবণ ১৪৩২ ● বৃহস্পতিবার ● দাম - ৪ টাকা ● ১৬ পাতা ● Vol. 21, Issue - 82 ● JAGO BANGLA ● THURSDAY ● 14 AUGUST, 2025 ● 16 Pages ● Rs-4 ● RNI NO. WBBEN/2004/14087 ● KOLKATA


# বাংলা সিনেমার পাশে মুখ্যমন্ত্রী এবার রোজ প্রাইম টাইমেই শো

## টলিউডে চলচ্চিত্র বিপ্লব



**প্রতিবেদন :** বাংলা চলচ্চিত্র শিল্পে বিপ্লব। আরও গুরুত্ব পাবে বাংলা ছবি। আগেই স্পষ্ট বার্তা দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। তারই ক্রমপরিণতি হিসেবে মুখ্যমন্ত্রীর নির্দেশে যুগান্তকারী সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। বুধবার নন্দনে মন্ত্রী অরূপ বিশ্বাস এবং ইন্দ্রনীল সেন টলিউডের সব ক্ষেত্রের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসে দুটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। প্রথম সিদ্ধান্ত হল, প্রাইম টাইমের পরিবর্তন হবে। ১২টা থেকে ৯টার পরিবর্তে এখন প্রাইম টাইম ৩টে থেকে ৯টা। দ্বিতীয় সিদ্ধান্ত হল, প্রতিদিন প্রতি স্ক্রিনে বাংলা ছবি বাধ্যতামূলক। অর্থাৎ এই বিধি সিনেমাহল এবং মাল্টিপ্লেক্স— উভয় ক্ষেত্রে চালু হবে।

বুধবার মন্ত্রী অরূপ বিশ্বাস এবং ইন্দ্রনীল সেন শিল্পী, পরিচালক, প্রযোজক, কলাকুশলী, পরিবেশকদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকের পরেই এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেন। অরূপ জানান, মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগ ও নির্দেশিত পথে বাংলা ছবির স্বার্থে এত বড় সিদ্ধান্ত নেওয়া গেল। সিদ্ধান্ত ব্যাখ্যা করতে গিয়ে অরূপ বলেন, ৩টে থেকে ৯টার মধ্যে যেখানে সিঙ্গল স্ক্রিন আছে সেখানে ৩৬৫ দিন একটি করে বাংলা ছবি চালাতে হবে। যে মাল্টিপ্লেক্সে দুটি স্ক্রিন রয়েছে সেখানে দুটি করে ছবি চলবে। অর্থাৎ বছরে ৭৩০টা। যেখানে চারটি স্ক্রিন রয়েছে সেখানে বছরে ১৪৬০টি বাংলা সিনেমা হবে। সরকারের লক্ষ্য হল বাংলা সিনেমা-শিল্পকে আরও উৎসাহিত করা। আরও বেশি বাংলা ছবি তৈরি করা, বাংলা ছবির প্রচার এবং প্রসার বাড়ানো। নতুন প্রযোজক, নতুন ভাবনা, নতুন শিল্পীরা আসছেন। ফলে বাংলা ছবির ভবিষ্যৎ উজ্জ্বল সেকথা অস্বীকার করার কথা নয়। মন্ত্রী বলেন, এখন হিন্দি ছবির চাইতে বাংলা ছবির দর্শক বেশি। কিছু ছবি ব্যাপক প্রচার করে হলে (এরপর ১০ পাতায়)



মঙ্গলবার। নন্দন। বৈঠকের পর ঘোষণার মুহূর্তে মন্ত্রী অরূপ বিশ্বাস, ইন্দ্রনীল সেন, ঋতুপর্ণা সেনগুপ্ত, স্বরূপ বিশ্বাস, শান্তনু বসু ও পিয়া সেনগুপ্ত।

## দিনের কবিতা

'জাগোবাংলা'য় শুরু হয়েছে নতুন সিরিজ— 'দিনের কবিতা'। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিতান থেকে একেকদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তা-ই আমাদের দিনের কবিতা।



### ধৈর্য

ধৈর্যটা যেন ডুমুরের ফুল  
হাঠাৎ নেই  
কদম ফুলের মাথায় টাক,  
সূর্য না উঠলেও  
সূর্যমুখী ফুল তো ফোটে  
তবে কেন এ সাদৃশ্য  
অদৃশ্যর ঘেরাটোপে।  
ধৈর্যটা তো গোলাপের কাঁটা নয়,  
অথবা সজারু কাঁটা!  
ধৈর্য তো সহ্য শক্তির সৌজন্য সান্ত্বনা,  
নিজেও ধরে  
অপরকেও ধরায়।  
তবে বাঁধও ভাঙে—  
বাঁধ ভেঙে বন্যার প্লাবনের মতো  
বন্যাত্রাণের খালি থালাতে  
খাবি খায় দুটো চিঁড়ে,  
ভেজালেও ভেজে না।  
সাড়া দেয় না  
সাড়া নেয়ও না।  
কুম্ভকর্ণর ঘুমে চলে যায়।

# জগন্নাথধামের চূড়ায় সোলার হ্যালো বিরল দৃশ্য দেখে আপ্লুত হল বাংলা

তুহিনশুভ্র আগুয়ান ● দিঘা

বুধবার সকালে এক মহাজাগতিক ঘটনার সাক্ষী থাকলেন দিঘার মানুষ। সূর্যের চারদিকে দেখা গেল রামধনু রঙের আলোকবৃত্ত। দিঘায় জগন্নাথধামের চূড়ায় এই মহাজাগতিক দৃশ্য দেখতে ভিড় জমান পর্যটকেরা। বুধবারের এই ঘটনার ছবি তাঁর এক্স হ্যান্ডেলে পোস্ট করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আধ্যাত্মিকতার কথা উল্লেখ করে লিখেছেন, দিঘার জগন্নাথধামে প্রভু শ্রীকৃষ্ণের আগমনবার্তা নিয়ে এল রামধনুর আলোকবৃত্ত।

**সকাল ১১টা :** বুধবার সকাল ১১টা নাগাদ জগন্নাথধামের চূড়ায় দেখা যায় এই দৃশ্য। প্রায় ঘণ্টাখানেক স্থায়ী ছিল আলোকবৃত্তটি। জন্মাষ্টমীর ক'দিন আগে এই ধরনের মহাজাগতিক ঘটনায় অনেকেই আধ্যাত্মিকতায় বুঁদ হয়ে পড়েন। ছবি ফোনবন্দি করতে হুড়োহুড়ি পড়ে যায় পর্যটকদের মধ্যে। জেলার বিভিন্ন প্রান্ত থেকে দেখা গিয়েছে। সোলার হ্যালো মিলিয়ে যাওয়ার পরেই কয়েক জায়গায় নামে বৃষ্টি।

**বিজ্ঞানীরা কী বলছেন :** জ্যোতির্বিজ্ঞানীরা এটিকে বলছেন সোলার হ্যালো। আলোর বিচ্ছুরণের ফলেই এই বৃত্ত (এরপর ১০ পাতায়)

দিঘার জগন্নাথধামে প্রভু শ্রীকৃষ্ণের আগমনের বার্তা নিয়ে এল রামধনুর আলোকবৃত্ত। লিখলেন মুখ্যমন্ত্রী।

### সমাজমাধ্যমে পোস্ট মুখ্যমন্ত্রীর



# আবার মুম্বই, পারিশ্রমিক চাওয়ায় কান কাটা গেল বাংলার শ্রমিকের

**প্রতিবেদন :** ফের বিজেপি-শাসিত রাজ্যে বাংলার পরিযায়ী শ্রমিকের ওপর হল অকথ্য অত্যাচার। এবার শুধু মারধর করেই ছেড়ে দেওয়া হয়নি, কেটে নেওয়া হয়েছে দুটি কানই! বীরভূমের নলহাটি পুরসভার ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা রাহুল সিং মুম্বইয়ে কাজে গিয়েছিলেন। সেখানেই কাজের পর হকের টাকা চাওয়ায় মালিকপক্ষ এই ঘৃণ্য কাজ করেছে।

আতঙ্কে মুম্বই ছেড়ে কোনক্রমে বীরভূমের নলহাটির বাড়িতে ফিরে এসেছেন। আপাতত পরিবারের সঙ্গেই রয়েছেন। এই ভয়ংকর অত্যাচারের পর রাহুলের প্রতিজ্ঞা আর কোথাও বাইরে কাজে যাবেন না। সম্প্রতি বীরভূম সফরে এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, বাংলার শ্রমিকেরা ভারতবর্ষের যে যেখানেই আছে তারা যেন বাংলায় ফিরে আসে। বাংলা তাদের কাজ দেবে, দুবেলা দুমুঠো অন্ন দেবে, কিন্তু বাংলার শ্রমিক হিসেবে বিজেপি-শাসিত রাজ্যে অত্যাচারিত হওয়ার কোনও প্রয়োজন নেই। বারবার বাংলার মুখ্যমন্ত্রী বিজেপি-শাসিত রাজ্যের বিরুদ্ধে বাংলার উপর অত্যাচারের কথা বলে আসছেন, মুখ্যমন্ত্রীর অভিযোগ যে অসত্য নয় এই অত্যাচারগুলো তার প্রমাণ দিচ্ছে। অনুব্রত মণ্ডল বলেন, চরম অন্যায় হয়েছে। মুম্বইয়ে কাজ করত, নিজের প্রাপ্য টাকা চাইতে গিয়ে যদি এইভাবে একজন শ্রমিকের কান কেটে নেওয়া হয় তা সত্যিই অমানবিক। বাংলার মানুষের উপর এই অত্যাচার নোংরামো বন্ধ হোক। উল্লেখ্য, বিজেপি-শাসিত রাজস্থান, উত্তরপ্রদেশ, হরিয়ানা, মধ্যপ্রদেশ, গুজরাতে লাগাতার বাংলা বিদ্বেষ চলছেই। মুখ্যমন্ত্রীর দেখানো পথে কলকাতা থেকে দিল্লি— আছড়ে পড়েছে আন্দোলনের ঢেউ।



মুম্বইয়ে অত্যাচারের শিকার রাহুল সিং।

### অনুরোধ করা সত্ত্বেও এফআইআর নেয়নি পুলিশ

# নানা রকম

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

14 August, 2025 • Thursday • Page 2 || Website - www.jagobangla.in

## তারিখ অভিধান


**১৪৫৭ ইউরোপে মুদ্রাকরের** নাম সমেত প্রথম বইয়ের ছাপা শেষ হল এদিন। জার্মানির মেইঞ্জে এই বৈপ্লবিক কাণ্ডটি ঘটে। যিনি এটি ঘটালেন তাঁর নাম গুটেনবার্গ। তাঁর আবিষ্কৃত ছাপার মেশিন রেনেসাঁ এবং বৈজ্ঞানিক বিপ্লবে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পাশাপাশি আধুনিক জ্ঞানভিত্তিক অর্থনীতি এবং জনসাধারণের শিক্ষার বিস্তারের জন্য গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে কাজ করে।



**১৯৩৫ অবসরকালীন ভাতা বা পেনশন** প্রকল্প চালু হল আমেরিকায়। প্রেসিডেন্ট রুজভেল্ট এদিন সামাজিক নিরাপত্তা আইনে স্বাক্ষরের মাধ্যমে এটির সূত্রপাত করেন। কর্মচারী ও মালিক উভয়ের আর্থিক অবদানে গড়ে ওঠে ভবিষ্যনিধি বা পেনশনের তহবিল।



**২০১১ শাম্মি কাপুর** (১৯৩১-২০১১) মুম্বইয়ে প্রয়াত হন। বিশিষ্ট চলচ্চিত্র তারকা এবং থিয়েটারের অভিনেতা। আসল নাম শমশের রাজ কাপুর। ১৯৫৭ সালে 'তুমসা নেহি দেখা' ছবির হাত ধরে বলিউডে জনপ্রিয়তা পেয়েছিলেন তিনি। এরপর আর ফিরে দেখতে হয়নি, তাঁর হেয়ার স্টাইল থেকে সিনেমার সংলাপ ছড়িয়ে পড়েছে সিনেপ্রেমীদের মুখে মুখে। বলিউডের প্রথম রকস্টার বলা হয় তাঁকে।



**১৯৮০ পোল্যান্ডে শুরু হল সলিডারিটি আন্দোলন।** লেনিন শিপইয়ার্ডের ১৭ হাজার কর্মী ধর্মঘটে যোগ দিল। এই আন্দোলনের নেতা হয়ে ওঠেন লেচ ওয়ালেসা। ১৯৮৩-তে নোবেল শান্তি পুরস্কার প্রাপক। এই সলিডারিটি আন্দোলনের জেরেই সেদেশে কমিউনিস্ট শাসনের অবসান ঘটে।





**১৯০০ আন্তর্জাতিক বাহিনী** চিনের বেজিং দখল করে বক্সার বিদ্রোহের অবসান ঘটায়। প্রায় ১৯ হাজার সেনা সমন্বিত এই বাহিনীতে মূলত জাপানি ও রুশ সেনারা ছিল। তাছাড়া ছিল মার্কিন, ব্রিটিশ, ফরাসি, অস্ট্রো-হাঙ্গেরীয় সেনারাও। চিন থেকে বিদেশিদের বিতাড়নের লক্ষ্যেই বক্সার বিদ্রোহ গড়ে ওঠে।



**১৯৪১ আটলান্টিক সনদ স্বাক্ষরিত হল।** স্বাক্ষর করলেন ইংল্যান্ডের প্রধানমন্ত্রী চার্চিল ও আমেরিকার প্রেসিডেন্ট রুজভেল্ট। এই সনদে যুদ্ধ নীতি পরিত্যাগ করে পৃথিবীতে স্থায়ী শান্তি এবং সংঘর্ষ এড়িয়ে পারস্পরিক আলাপ আলোচনা ও বোঝাপড়ার ভিত্তিতে সকল আন্তর্জাতিক সমস্যার সমাধানের প্রতিশ্রুতির কথা ব্যক্ত হয়।



**১৮৯৭ লাবণ্যপ্রভা ঘোষ** (১৮৯৭-২০০৩) জন্মগ্রহণ করেন। গান্ধীবাদী স্বাধীনতা সংগ্রামী। লবণ সত্যাগ্রহ, ভারত ছাড়ো ও সত্যাগ্রহ আন্দোলনে অংশ নিয়ে একাধিকবার কারাবরণ করেন। স্বাধীনতার পর মানভূম অঞ্চলে বাংলা ভাষা আন্দোলনে নেতৃত্ব দেন।



## পার্টির কর্মসূচি



অসমের শ্রীভূমি জেলায় অসম তৃণমূল কংগ্রেসের উদ্যোগে যোগদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সাংসদ সুস্মিতা দেব-সহ জেলা ও ব্লক পর্যায়ের নেতা ও কর্মী-সমর্থকেরা।




২৮ অগাস্ট তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসকে সামনে রেখে গোপীবল্লভপুর-১নং ব্লক তৃণমূল ছাত্র পরিষদ ও সুবর্ণরেখা কলেজ ইউনিটের যৌথ উদ্যোগে প্রস্তুতি সভা।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

## শব্দবাংলা-১৪৭৩



**পাশাপাশি :** ১. ছুঁচো ৪. ধ্বংস, নষ্ট ৫. আফশোস ৬. অস্পষ্ট প্রকাশ ৮. তারা ৯. ব্যঙ্গে খুব কালো এবং কুৎসিত।

**উপর-নিচ :** ১. সাজানো, গড়াপেটা ২. আদর্শ ৩. দ্রত ছুটে পালানো ৫. অধঃপতন ৬. হস্টেলে বাসকারী ৭. অন্যমনস্কতা।

■ শুভজ্যোতি রায়

**সমাধান ১৪৭২ : পাশাপাশি :** ১. ইন্দ্রত্ব ৪. রিসেপশন ৬. বিগত ৭. গজরাজ ৯. খচাখচি ১২. হিসাব ১৩. লালপাগড়ি ১৪. কদন্ন। **উপর-নিচ :** ১. ইচ্ছাবিমুখ ২. ত্বরিত ৩. উপযোগ ৫. নখরা ৮. জন্মাবচ্ছিন্ন ১০. চাকলা ১১. চিতপাত ১২. হিড়িক।

## ১৩ অগাস্ট কলকাতায় সোনা-রুপোর বাজার দর

| | |
|---|---|
| পাকা সোনা (২৪ ক্যারেট, ১০ গ্রাম), | ১০০১০০ |
| গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম), | ১০০৬০০ |
| হলমার্ক গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৫৬৫০ |
| রুপোর বাট (প্রতি কেজি), | ১১৫৫০০ |
| খুচরো রুপো (প্রতি কেজি), | ১১৫৬০০ |

সূত্র : ওয়েস্ট বেঙ্গল বুলিয়ন মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন। দর টাকায় (জিএসটি),

## মুদ্রার দর (টাকায়)

| মুদ্রা | ক্রয় | বিক্রয় |
|---|---|---|
| ডলার | ৮৮.৪৩ | ৮৬.৯৪ |
| ইউরো | ১০৩.৮৫ | ১০১.৮০ |
| পাউন্ড | ১২০.২৯ | ১১৮.২১ |

## নজরকাড়া ইনস্টা



■ শ্রেয়া ঘোষাল



■ সৌমি তৃষা

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়
• সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY
Owned by ALL INDIA TRINAMOOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd., 20 Prafulla Sarkar Street, Kolkata 700 072
Regd. No. WBBEN/2004/14087
• Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020



উচ্চমাধ্যমিকের পরীক্ষার্থীদের নিয়ে জগৎবল্লভপুরে প্রস্তুতি কর্মশালা



# প্রতিদিন বাংলা সিনেমা, ঐতিহাসিক সিদ্ধান্তে কে কী বললেন

**প্রতিবেদন :** বছরের ৩৬৫ দিনই বাংলার প্রত্যেক সিনেমা হলে প্রাইম টাইমে চলবে বাংলা ছবি! মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক ইচ্ছায় রাজ্য সরকারের ঐতিহাসিক সিদ্ধান্ত। রাজ্যের এই সিদ্ধান্তে বাংলার প্রত্যেক প্রেক্ষাগৃহে বাংলা সিনেমা বিশেষ অগ্রাধিকার পাবে। নতুন প্রাইম টাইম দুপুর ৩টে থেকে রাত ৯টার মধ্যে একটি বাংলা সিনেমার বাধ্যবাধকতা বাড়বে। মানুষের মধ্যে বাড়বে বাংলা সিনেমা দেখার আগ্রহ। ছোট কিন্তু ভিন্নধর্মী সিনেমার পরিচালক-প্রযোজকরা আরও ভাল কাজের জন্য উৎসাহ পাবেন। অদূর ভবিষ্যতে আরও বদলে যেতে পারে টলিপাড়ার সিনে ইন্ডাস্ট্রির ছবিটাও। তাই মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় রাজ্যের এমন যুগান্তকারী সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছেন ফেডারেশন সভাপতি স্বরূপ বিশ্বাস থেকে শুরু করে সিনেপাড়ার অভিনেতা-পরিচালক-প্রযোজকরা। ধন্যবাদ জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। বুধবার রাজ্যের তরফে মন্ত্রী অরূপ বিশ্বাস ও ইন্দ্রনীল সেন এই সিদ্ধান্ত ঘোষণার পর বিশিষ্টরা যা জানালেন—



**স্বরূপ বিশ্বাস (ফেডারেশন সভাপতি)**

এই সিদ্ধান্ত আসতে একটু সময় লেগেছে ঠিকই। কিন্তু বুঝতে হবে, এক ছাদের তলায় সকলকে এনে সব পরিবেশক-প্রযোজক-পরিচালকদের সঙ্গে কথা বলে একমত হওয়া সহজ নয়। বছরের প্রত্যেকদিন প্রতিটি হলে প্রাইম টাইমে বাংলা ছবি চালানোর কথা আগের সরকার ভাবেনি। তারা যে বিল পাশ করেছিল, সেখানে ১২০টা শোয়ের উল্লেখ ছিল। কিন্তু এই সরকারের সিদ্ধান্তে সেই শোয়ের সংখ্যা সিঙ্গেল স্ক্রিনে বছরে ৩৬৫টি, ডবল স্ক্রিন হলে ৭৩০টি। ট্রিপল হলে শো টাইম আরও বাড়বে। এর ফলে বাংলা ছবি তৈরির আগ্রহ ও সংখ্যা বাড়বে। আরও বেশি শিল্পী এই ইন্ডাস্ট্রিতে যুক্ত হবে। অর্থাৎ বাংলা ছবির পরিধি আরও বেড়ে গেল। যাঁরা বলছিলেন বাংলা ছবির সংখ্যা কমে যাচ্ছে, রাজ্য সরকারের সিদ্ধান্তের ফলে তাঁদের অভিযোগের সুযোগ থাকবে না। আরও নতুন শিল্পী থেকে টেকনিশিয়ান যুক্ত হবেন। এর জন্য রাজ্য সরকার ও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কৃতজ্ঞতা জানাই।



**ঋতুপর্ণা সেনগুপ্ত (অভিনেত্রী)**

সিদ্ধান্তে আমি খুশি। এটা মননশীল পরিচালক-প্রযোজকদের উৎসাহিত করবে। যাঁরা ভাল ছবি বানাচ্ছেন, তাঁরা উৎসাহ পাবেন। বাইরের প্রযোজকরাও কাজ করার সাহস পাবেন। আমি এই নিয়ে অনেকদিন ধরে লড়াই করেছি। যেহেতু আমি নতুন পরিচালকদের সঙ্গে কাজ করি, তাই সমস্যায় পড়তে হয়। সম্প্রতি আমার দুটো ছবি 'ম্যাডাম সেনগুপ্ত' আর 'গুডবাই মাউন্টেন' রিলিজের সময় এর মধ্যে দিয়ে যেতে হয়েছে। তবে আমার ভাল লাগছে যে সকলে মিলে আজ এই সিদ্ধান্তে উপনীত হয়েছে। আরও আগে হলে ভাল হত। আজকের এই সিদ্ধান্তের ফলে আমি প্রযোজকদের নির্ভয়ে সিনেমা তৈরির কথা বলতে পারব।



**শ্রীকান্ত মেহতা (এসভিএফ-এর কর্ণধার)**

ঐতিহাসিক সিদ্ধান্ত! এর ফলে বাংলা সিনে জগৎ উৎসাহ পাবে। সুযোগ বাড়বে শিল্পী থেকে টেকনিশিয়ানদের। যে ইন্ডাস্ট্রি গত কয়েকবছরে বড় হতে পারছিল না, আগামী কয়েক বছরে এমন জায়গায় পৌঁছবে যা আমরা আগে দেখিনি। ভারতের বুকে কোনও রাজ্যের কোনও সরকার এমন সিদ্ধান্ত নিয়েছে কিনা জানা নেই। এই প্রথম কোনও রাজ্য সরকার কোনও একজন বা দুজন মানুষকে নয়, একটা গোটা ইন্ডাস্ট্রির পাশে দাঁড়িয়েছে। সরকারের এই সিদ্ধান্তে আমাদের নতুন ভাল ছবি বানানোর দায়িত্ব বেড়ে গেল।



**অরিন্দম শীল (অভিনেতা-পরিচালক)**

সিনেমা ইন্ডাস্ট্রির জন্য কোনও সরকার এরকম সিদ্ধান্ত নেবে, এটা ভাবাও যায় না। আমরা সকলেই মনে করছি এটা বাংলা চলচ্চিত্রকে একটা বিশাল ধাপে এগিয়ে নিয়ে গেল। আমাদের দায়িত্ব বেড়ে গেল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার দারুণ কাজ করেছে।



**রানা সরকার (প্রযোজক)**

অনেকদিন ধরেই এই সমস্যা সমাধানের চেষ্টা চলছিল। এবার 'নো শো শেয়ারিং' ব্যাপারটা সবার সামনে এসেছে। আমরা যে সিনেমা বানাই, তা সবসময় কলকাতার বাইরে মুক্তি পায় না। তাই শহরের বাইরের সিঙ্গেল স্ক্রিনের অবস্থা নিয়ে একটা ধোঁয়াশা ছিল। 'ধূমকেতু'র সময় সবটা বোঝা গেল। এরপরই মুখ্যমন্ত্রীকে জানাতে তিনি উদ্যোগ নেন। মন্ত্রী অরূপ বিশ্বাসের সঙ্গে দুবার বৈঠক হয়। অবশেষে এই ঐতিহাসিক সিদ্ধান্ত যা আগামীতে মুক্তিপ্রাপ্ত সব সিনেমার জন্য একটা ভাল দিক।



**গর্গ চট্টোপাধ্যায় (বাংলা পক্ষ)**

বাংলা পক্ষ-র দীর্ঘদিনের লড়াইয়ের বিরাট জয়। বাংলা সিনেমার বিরাট জয়। বাংলার প্রতিটা সিনেমা হলে, প্রতিটা স্ক্রিনে বছরে কমপক্ষে ৩৬৫টা বাংলা সিনেমার শো আর প্রতিদিন প্রাইম টাইমে প্রতিটা স্ক্রিনে বাধ্যতামূলক বাংলা সিনেমা। বাংলা পক্ষ এর জন্যই গত ৫ বছর ধরে লড়ছে। রাজ্য সরকার ও রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে বিশেষ ধন্যবাদ। তিনি এমন একটা উদ্যোগ নিয়েছেন।

## জমি বেদখল, বন্দর কর্তৃপক্ষকে একহাত

**প্রতিবেদন :** বন্দরের জমিতে জবরদখল? রাজ্যসভায় বিজেপির জাহাজমন্ত্রী সর্বানন্দ সোনোয়ালের দাবি উড়িয়ে দিলেন রাজ্যের মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। বুধবার কলকাতা পুরসভায় জাহাজমন্ত্রীর দাবি উড়িয়ে মহানাগরিক বলেন, বন্দরের জমিতে ৫০-১০০ বছর ধরে মানুষ রয়েছেন। এখন ওরা যদি ভাবে হঠাৎ খালি করে দেবে, সেটা তো করা যায় না। আমাদের ইরিগেশনের জমিতেও তো অনেক লোকজন রয়েছে। গরিব মানুষ যেখানে আস্তানা পেয়েছে, সেখানেই থেকেছে। ফিরহাদের বক্তব্য, আমরা তো বন্দর কর্তৃপক্ষকে নর্থপোর্ট থানা এলাকায় জমি দিতে বলেছিলাম। আমরা বাংলার বাড়ি করে দিতাম। জমিগুলোকে বাণিজ্যিকভাবে ব্যবহার করা যেত। কিন্তু এখন নতুন জাহাজমন্ত্রী এখানে নানা অরাজকতার সৃষ্টি করতে চাইছে। এদিকে মেয়র পারিষদের বৈঠক থেকে ছোট-ছোট জমিতে বিশেষ ছাড় দিয়ে বাড়ি তৈরির অনুমোদন দেওয়া শুরু করল কলকাতা পুরসভা। অনুমোদন দেওয়া হল বিল্ডিং প্ল্যানে। এদিনের বৈঠকে কলকাতার যেখানে রাস্তা ডাউন আছে, পিচ রাখা যাচ্ছে না, তেমন বেশ কয়েকটি রাস্তায় পেভার্স ব্লক দেওয়ার ছাড়পত্র দেওয়া হয়েছে। রাস্তাগুলিতে পিচ নষ্ট হয়ে যাচ্ছে। এছাড়াও ধাপা এবং গড়িয়া ঢালাই ব্রিজে দুটি জল প্রকল্পের কাজ জানুয়ারিতে শেষ হবে। তাই যাদবপুর, টালিগঞ্জ এলাকায় বুস্টার পাম্পিং স্টেশনের কাজেরও অনুমোদন দেওয়া হল।

## কড়া নিরাপত্তা

**প্রতিবেদন :** স্বাধীনতা দিবসের আগে নিরাপত্তার চাদরে মোড়া হল শহর। কলকাতার রেড রোডে রাজ্যের মূল অনুষ্ঠান সকাল ১০টা থেকে শুরু হয়ে চলবে সাড়ে ১১টা পর্যন্ত। সেই সময় রেড রোডের পাশাপাশি শহরের গুরুত্বপূর্ণ মোড়, রেলস্টেশন, বিমানবন্দর, শপিং মল ও সরকারি দফতর এলাকায় মোতায়েন থাকবে অতিরিক্ত বাহিনী। বম্ব ডিসপোজাল স্কোয়াডও মোতায়েন থাকবে।




■ চেতলায় বিজেপির বাংলা-বিদ্বেষের প্রতিবাদে ভাষা আন্দোলন। বক্তা মেয়র ফিরহাদ হাকিম। রয়েছেন ৮২ নম্বর ওয়ার্ডের তৃণমূল নেতৃত্ব।

# রাজ্যে অত্যাধুনিক একিউআই পূর্বাভাস সিস্টেম

## বেঙ্গালুরুর সংস্থার সঙ্গে গাঁটছড়া

**প্রতিবেদন :** বাতাসের মানের পূর্বাভাস দেওয়ার ব্যবস্থা চালু করতে উদ্যোগী হল রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ। বায়ুদূষণের নিরিখে শীর্ষস্থানে থাকা রাজ্যের ছ'টি শহরে এই ব্যবস্থা চালু করা হবে। সেজন্য বেঙ্গালুরুর বিশেষজ্ঞ সংস্থার সঙ্গে গাঁটছড়া বাঁধছে রাজ্য। আবহাওয়া দফতর যেমন সাতদিনের আগাম জলবায়ুর পূর্বাভাস দেয়, আধুনিক প্রযুক্তি ব্যবহার করে তেমনই সাতদিনের বাতাসের মান বা একিউআই পূর্বাভাস দেওয়া যাবে। এই তথ্য 'পরিবেশ অ্যাপ'-এর মাধ্যমে সাধারণ মানুষও জানতে পারবেন।

শীতকালে বাতাসের মান খারাপ থাকে। তাই আসন্ন শীতেই এই পরিষেবা চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে। একিউআই পূর্বাভাস ব্যবস্থা চালু হলে পরিবহণ দফতর, হাউজিং সোসাইটি, পুরসভা-সহ সংশ্লিষ্ট সংস্থাগুলিকে আগাম সতর্কবার্তা দেওয়া হবে। আগে থেকেই যাতে দূষণ রোধে ব্যবস্থা নেওয়া যায়, সেজন্যই রাজ্যের এই উদ্যোগ। জাতীয় পরিচ্ছন্ন বায়ু কর্মসূচি (এনসিএপি)-এর তালিকাভুক্ত রাজ্যের বায়ুদূষণের শীর্ষে থাকা শহরগুলি হল কলকাতা, হাওড়া, বারাকপুর, আসানসোল, দুর্গাপুর ও হলদিয়া। সারা দেশের মোট ১৩৫টি শহরকে টানা পাঁচ বছর উচ্চ পিএম-১০ মাত্রা থাকার ভিত্তিতে এই তালিকায় রাখা হয়েছে। ২০১৯ সালে শুরু হওয়া এই কর্মসূচির লক্ষ্য ২০২৬ সালের মধ্যে এই শহরগুলিতে পিএম-১০ স্তর ৪০ শতাংশ কমানো।

পর্ষদের ২০২৪-'২৫ সালের তথ্য বলছে, রাজ্যে খোলা আকাশের নিচে বায়োমাস পোড়ানোর ঘটনা ঘটেছে ২৬,৭৪৮টি, যার মধ্যে কৃষি ফসলের অবশিষ্টাংশ পোড়ানোর ঘটনা ১৯,৭২১টি। এছাড়া হয়েছে ৬,১৩৭টি বনদাহ, কয়লাখনি এলাকায় ৮৭৩টি অগ্নিকাণ্ড এবং ডাম্পিং গ্রাউন্ডে ১৭টি আগুন। গত কয়েক বছরে সাফল্যও মিলেছে। কলকাতায় পিএম-১০ স্তর ২০১৭ সালের ১৪৭ থেকে ২০২৩-'২৪ সালে নেমেছে ৯৪-এ। হাওড়ায় ১৩৯ থেকে কমে হয়েছে ১১১। হলদিয়ায় পিএম-২.৫ মাত্রা নেমে এসেছে ৩৮-এ, যা ৪০-এর অনুমোদিত সীমারও নিচে। ফলে দেশ জুড়ে উল্লেখযোগ্যভাবে বায়ুর মানোন্নত হওয়া দশ শহরের মধ্যে জায়গা পেয়েছে হলদিয়া। দুর্গাপুরে পিএম-১০ স্তর ১৫০ থেকে ১০৬-এ, আসানসোলে ১৪৭ থেকে ১০৮-এ নেমেছে।

## ২০৩০-এই বারাসতে মেট্রো শুরু

**সংবাদদাতা, বারাসত :** ২০৩০ নাগাদ বারাসত থেকে মেট্রোরেল চালু হওয়ার সম্ভাবনা। বুধবার সাংবাদিক বৈঠকে বারাসতের পুরপ্রধান অশনি মুখোপাধ্যায় এই কৃতিত্ব দিলেন তৎকালীন রেলমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও বারাসতের সাংসদ ডাঃ কাকলি ঘোষ দস্তিদারকে। জমি নিয়ে জট কাটিয়ে কাজ সম্পন্ন হয়েছে সাংসদ ডাঃ কাকলি ঘোষ দস্তিদারের তৎপরতায়। মেট্রোরেল কর্তৃপক্ষ বারাসত পুরসভাকে চিঠি দিয়ে ৫টি জায়গায় টোপোগ্রাফিকাল সার্ভে ও জিও টেকনিক্যাল সার্ভে করতে চেয়েছিল। আগামী ২০৩০ সালের মধ্যে গঙ্গানগর কাটা-খালের তলা দিয়ে রেলপথটি লোকোশেডে গিয়ে শেষ হবে। সেই লক্ষ্যেই পাঁচটি জায়গায় সয়েল টেস্ট হবে। কাকলি ঘোষ দস্তিদার জানান, ২০১০ সালে যখন রেলমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ছিলেন তখনই তিনি বারাসত মেট্রোর অনুমোদন করেছিলেন। ওনার রেলমন্ত্রী থাকাকালীন আমি বারাসত মেট্রো নিয়ে ওনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। বারাসত মেট্রো উনি 'পিঙ্ক বুকে' তুলে দেওয়াতে কেন্দ্রীয় সরকার কাজটি করতে বাধ্য হয়েছে। তবে এই কাজ আরও আগে হয়ে যেত। পরে জমি জট শুরু হওয়াতে কাজ বন্ধ হয়ে যায়। পরবর্তীতে লোকসভায় রেলমন্ত্রীকে বারবার প্রশ্ন করায় অবশেষে মাটির নিচ দিয়ে মেট্রো লাইন নিয়ে যাওয়ার অনুমতি মিলেছে।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

# সম্পাদকীয়

14 August, 2025 • Thursday • Page 4 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## ঐতিহাসিক

২০২৫-এর ১৩ অগাস্ট দিনটি নিশ্চিতভাবে বাংলার চলচ্চিত্র শিল্পে রেড লেটার ডে হয়ে থাকবে। বাংলা এবং বাংলা চলচ্চিত্র শিল্প নিয়ে এর আগে অনেকেই নানা কথা বলেছেন। কিন্তু টলিউড ইন্ডাস্ট্রিকে হিন্দি-সহ অন্যান্য আঞ্চলিক ফিল্ম ইন্ডাস্ট্রির সঙ্গে সমান তালে লড়াই করার বৃহত্তর পরিসরটি তৈরি করে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। টালিগঞ্জের চলচ্চিত্র শিল্পে বেশ কিছু সমস্যা এবং ভুল বোঝাবুঝির অবকাশ তৈরি হয়েছিল। ফলে মাঝে-মধ্যেই ছোটখাটো সমস্যা তৈরি হয়েছে। মুখ্যমন্ত্রী পরিস্থিতি বুঝে বিষয়টি অনুধাবন করে যেখানে যে নির্দেশ দেওয়ার কথা তা শুধু দিয়েছেন তাই নয়, বাস্তবে পরিণত করতে যা যা করার কথা তাই করেছেন। দরকার ছিল আগে নিজেদের ঘর গোছানোর। অর্থাৎ বাংলা ছবিকে আগে সুরক্ষিত করার প্রয়োজন ছিল। তার জন্য দুটি সিদ্ধান্তই যুগান্তকারী। একটি হল প্রাইম টাইমের সময় বদলে দেওয়া এবং অন্যটি হল প্রাইম টাইমে প্রতি স্ক্রিনে দিনে একটি করে বাংলা ছবি বাধ্যতামূলক করা। যে মাল্টিপ্লেক্সে দুটি কিংবা তিনটি স্ক্রিন রয়েছে, সেখানে দৈনিক তিনটি বাংলা ছবি দেখানো বাধ্যতামূলক থাকছে। এটা যে শুধু বাংলা ছবির ইন্ডাস্ট্রিকে চাঙ্গা করে দেবে তাই নয়, আরও ছবি তৈরি হবে, আরও কর্মসংস্থান হবে, আরও শিল্পী-কলাকুশলী উঠে আসবেন। চলচ্চিত্র শিল্পে ব্যবসার গতিপথটাই পরিবর্তিত হয়ে যাবে। নিঃসন্দেহে এই ঘটনা বাংলা চলচ্চিত্র শিল্পকে একধাপে অনেকটা এগিয়ে দেবে। মুখ্যমন্ত্রীর এই দূরদর্শিতায় কৃতজ্ঞ বাংলার চলচ্চিত্র মহল।

## e-mail থেকে চিঠি

### ভারতের সবচেয়ে খতরনাক অপরাধী

প্রেসিডেন্ট নির্বাচনের সময় ডোনাল্ড ট্রাম্পের হয়ে গলা ফাটিয়েছেন এলন মাস্ক। রিপাবলিকান প্রার্থীর হয়ে অর্থ ঢেলেছেন জলের মতো। দ্বিতীয়বার হোয়াইট হাউজের বাসিন্দা হওয়ার পরে টেসলা প্রধান এলন মাস্ককে গুরুত্বপূর্ণ সরকারি পদেও বসিয়েছিলেন ট্রাম্প। কিন্তু দু'জনের সম্পর্ক বর্তমানে আদায়-কাঁচকলায়। তাতে নতুন মাত্রা যোগ করল মাস্কের সংস্থা 'গ্রোক'। মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পকে ওয়াশিংটনের 'সবচেয়ে খতরনাক অপরাধী' বলে উল্লেখ করা হয়েছে মাস্কের এআই চ্যাটবটে। কী কারণে খোদ মার্কিন প্রেসিডেন্ট সম্পর্কে এমন মন্তব্য করা হচ্ছে, তারও একটি আপাতগ্রাহ্য যুক্তি থাকছে 'গ্রোক'-এ সার্চের উত্তরে। যেখানে বারবার দাবি করা হচ্ছে, ব্যবসায়িক নথি জালিয়াতির জন্য নিউ ইয়র্কে ট্রাম্পকে ৩৪টি গুরুতর মামলায় দোষী ঘোষণা করা হয়েছে। যা তাঁকে শহরের সবচেয়ে কুখ্যাত অপরাধীর তকমা দিয়েছে। সেদিন খুব দূরে নেই, যেদিন একই ভাবে, আজ যারা বিজেপির হয়ে গলা ফাটাচ্ছে, তারাই বলবে, এদেশের সবচেয়ে মারাত্মক অপরাধী বিজেপি সরকার কারণ, তাঁরা ভোট চুরি করে জিতেছে। তারা দেশের সংবিধানকে ধ্বংস করতে চেষ্টা করেছে। তারই নমুনা অহরহ দেখে চলেছি আমরা। স্বাধীনতা দিবসে মাংস নিষিদ্ধ! মাংসের দোকান বন্ধ রাখতে হবে! এমনই নির্দেশ দেওয়া হয়েছে দেশের নানা প্রান্তে। বেশ কয়েকটি পুরসভা থেকে এই ধরনের নির্দেশিকা জারি করা হয়েছে। কে কী খাবেন, তা সরকার বা প্রশাসন ঠিক করে দিতে পারে কি? অথচ সেটাই করছে বিজেপি সরকার দিকে দিকে। হায়দরাবাদেও যে এই নির্দেশ দেওয়া হয়েছে সেটা সংবিধানবিরোধী। স্বাধীনতা দিবস পালনের সঙ্গে মাংস খাওয়ার কী সম্পর্ক? তেলঙ্গানার ৯৯ শতাংশ মানুষ মাংস খান। তাতে নিষেধাজ্ঞা নাগরিকদের স্বাধীনতা, ব্যক্তিগত পরিসরে, সংস্কার এবং ধর্মাচরণে হস্তক্ষেপ।

**— অর্ণব মুখোপাধ্যায়,**
**নিউ টাউন, কলকাতা**

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagabangla@gmail.com / editorial@jagobangla.in

# এক যাত্রায় পৃথক ফল তাই আবার হয় নাকি!

ওরা দেশটাকে নিজেদের সম্পত্তি ভেবে জোরজবরদস্তি সব প্রতিষ্ঠানকে নিজেদের রাজনৈতিক স্বার্থে কাজে লাগাচ্ছে। এখন মানুষের ভোটাধিকারটুকুও কেড়ে নিতে চাইছে। আমরা এটা করতে দেব না। লিখছেন **আকসা আসিফ**

কিছু মানবেন না আপনারা? আধার কার্ড? ভোটার কার্ড? কোনওটাই মানবেন না?

তাহলে আমি যে ভারতের নাগরিক সেটার প্রমাণ কী?

অন্যান্য নথির সাপেক্ষে তা খতিয়ে দেখতে হবে। বিহারে ভোটার তালিকার স্পেশাল ইন্টেনসিভ রিভিশন (এসআইআর) ইস্যুতে গোটা দেশ যখন তোলপাড়, সেই সময় কার্যত কমিশনের অবস্থানকেই মান্যতা দিয়েছে শীর্ষ আদালত।

বম্বে হাইকোর্টের বিচারপতি অমিত বোরকারের বেঞ্চ একধাপ এগিয়ে বলেছে, আধার, প্যান বা ভোটার কার্ড থাকলেই সংশ্লিষ্ট ব্যক্তি ভারতের নাগরিক বলে প্রমাণ হয় না। এগুলি স্রেফ পরিষেবা গ্রহণের সময় বা কাউকে শনাক্ত করতে কাজে লাগে। নাগরিকত্ব নির্ধারণের ক্ষেত্রে শেষ কথা বলবে সিটিজেনশিপ অ্যাক্ট (১৯৫৫)।

এতদিন পর্যন্ত আমরা ওই নথিগুলিকে উপযুক্ত প্রমাণপত্র হিসেবে বিবেচনা করতাম। এখন আদালত যদি সেগুলিকে নাগরিকত্বের পরিচয় নয় বলে জানায়, তাহলে সেটাকে মান্যতা দিতে হবে। কিচ্ছু করার নেই। সেটা না হয় বুঝেছি, মেনেও নিচ্ছি।

কিন্তু গোল বেধেছে অন্যত্র।



বিহারের ভোটার সংখ্যা ৭.৯ কোটি। এর মধ্যে সাড়ে ছ'কোটি ভোটারকেই নিজেদের বা বাবা-মায়ের কোনও নথি পেশ করতে হয়নি। এর মধ্যে ৭.২৪ কোটি ভোটার এসআইআর প্রক্রিয়ায় সাড়া দিয়েছেন। তাহলে এক কোটি ভোটারের নাম বাদ পড়ে কীভাবে? কোন যুক্তিতে? কোন হিসেবে? সেই সঙ্গে মৃত, স্থানান্তর বা অন্য কেন্দ্রে নাম রেজিস্টার করা ৬৫ লক্ষ ভোটারের তথ্যও প্রশ্নাতীত নয়। একটি কেন্দ্রে দেখা গিয়েছে, ১২ জনকে কমিশন মৃত হিসেবে ঘোষণা করলেও তাঁরা জীবিত। বিহারে এই অবস্থা হলে দেশের অন্যান্য অংশে কী ঘটবে?

সংশয় সেখানেই। আশঙ্কা সেটাই।

স্মর্তব্য, গালভরা গণতন্ত্রের কোনও মূল্য নেই। গণতন্ত্রের কোয়ালিটি নির্ভর করে তার অনুশীলনের ধরনের উপর। আমাদের সংবিধান রাষ্ট্র পরিচালনার জন্য সংসদীয় গণতান্ত্রিক মডেল উপহার দিয়েছে এবং গণতন্ত্রের অনুশীলনে স্বীকৃত হয়েছে বহু দলের অংশগ্রহণ। বহু ধর্ম, ভাষা, সংস্কৃতি এবং অঞ্চলের সমন্বয়ে ভারত মাথা তুলে দাঁড়িয়ে আছে। প্রাচীন ভারতের এই বহুত্বের সাধনা অক্ষত ও অব্যাহত রাখতে দেশজুড়ে চাই প্রকৃত গণতন্ত্রের চর্চা। আমাদের প্রতিটি সরকার (স্থানীয় সরকার, রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার) প্রত্যক্ষ ভোটদানের মাধ্যমে গঠিত হয়। ভারতে এই মুহূর্তে ভোটার সংখ্যা কমবেশি একশো কোটি! এত সংখ্যক দূর, এর সামান্য এক ভগ্নাংশ মানুষের রায় নিয়েও সরকার গঠন করার কথা বহির্ভারত ভাবতেই পারে না। অথচ, সেটাই ঘটেছে ভারতে। ভোট জালিয়াতি এবং রাজনীতির দুর্বৃত্তায়নের ভয় কাটিয়ে ভারতীয় গণতন্ত্রকে এগোতে হয়েছে এবং হচ্ছে।

এটাও আমরা মেনে নিয়েছিলাম। কিন্তু এখন দেখা যাচ্ছে, যে নির্বাচন কমিশনকে একটি স্বশাসিত এবং সাংবিধানিক প্রতিষ্ঠান বলে আমরা সবাই জানি, সেই ইসিআই খুব কম সময়েই তার মর্যাদা অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়েছে। বস্তুত টি এন সেশনের আগে কোনও নির্বাচন কমিশনার সম্ভবত জানতেনই না, এই সংস্থাটির প্রকৃত ক্ষমতা কী এবং এই সংস্থার উচ্চতা কতটা? ফলে নানা সময়ে শাসক দল ইসিআই'কে তার চাহিদামতো ব্যবহারের অপচেষ্টা করেছে। সেশন অবসর নেওয়ার পর ইসিআই তার রাশ তেমন ধরে রাখতে পেরেছে বলে ভরসা হয় না। কেননা, সাম্প্রতিক অতীতেও (বিশেষত মহারাষ্ট্র বিধানসভার নির্বাচন) কমিশনের ভূমিকা নিয়ে বিরোধীরা গুরুতর অভিযোগ তুলেছে। তার নিরসন হওয়ার পূর্বেই, মাসকয়েক আগে ভোটার তালিকায় কারচুপির ভূরি ভূরি দৃষ্টান্ত সামনে এনেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বাংলার তালিকায় একাধিক ভিন রাজ্যের মানুষের নামধাম পাওয়া গিয়েছে। ওই কেলেঙ্কারি ঘটানো হয়েছে একই এপিক (ভোটারের সচিত্র পরিচয়পত্র) নম্বর ব্যবহার করে। উত্তরপ্রদেশের ভোটার তালিকায় নাম জ্বলজ্বল করছে। তাঁরা গত লোকসভা নির্বাচনে যোগীরাজ্যে ভোটও দিয়েছেন। অথচ বিহারের নতুন খসড়া ভোটার তালিকাতেও তাঁদের নাম! ইনটেনসিভ রিভিশনের পর বাল্মীকিনগর বিধানসভা কেন্দ্রের তালিকা পরীক্ষা করে পাঁচ হাজারের বেশি এমন ভোটারের নাম মিলেছে, যাঁরা আগে থেকেই রয়েছেন উত্তরপ্রদেশের বিভিন্ন এলাকার ভোটার তালিকায়। এর মধ্যে সহস্রাধিক ভোটারের নাম, নিকটাত্মীয়ের নাম ও বয়স দুটি তালিকাতেই হুবহু এক। তাঁদের শুধুমাত্র এপিক নম্বর ও ঠিকানা আলাদা। আর বাকি ভোটারদের নাম ও নিকটাত্মীয়ের নামের কয়েকটি অক্ষর ও বয়স সামান্য বদল করে বিহারের তালিকায় যুক্ত করা হয়েছে। স্পেশাল ইন্টেনসিভ রিভিশনের (এসআইআর) পর বিহারের খসড়া ভোটার তালিকা নিয়ে বিতর্কের অন্ত নেই। এর আগে '০' নম্বর ঠিকানায় বিহারের প্রায় তিন লক্ষ ভোটারের নাম পাওয়া গিয়েছিল। সেই বিতর্ক সামলে ওঠার আগেই যোগ হল এক নয়া কেলেঙ্কারি! নিয়ম অনুযায়ী, একই ব্যক্তির নামে আলাদা এপিক নম্বর থাকার কথা নয়। থাকলেও তা আইনবিরুদ্ধ। অথচ ইউপি'র বহু ভোটারের নাম হঠাৎ চলে এল বিহারের তালিকায়! কেরলের ত্রিশূর লোকসভা এলাকার এক মহিলার দাবি চোখ কপালে তুলে দিয়েছে। প্রসন্ন নামে ওই মহিলার অভিযোগ, ত্রিশূর শহরে তাঁর ঠিকানা ব্যবহার করে অচেনা ন'জনের নাম তোলা হয়েছে ভোটার তালিকায়। গত লোকসভা নির্বাচনে দক্ষিণের এই রাজ্যে শুধুমাত্র ত্রিশূরেই জয় পেয়েছিল বিজেপি। ৭৪ হাজারের বেশি ভোটে জয়ী হয়েছিলেন বর্তমান কেন্দ্রীয় মন্ত্রী সুরেশ গোপী।

কেন এসব হচ্ছে, তার কোনও সন্তোষজনক জবাব নির্বাচন কমিশনের কাছে নেই।

এই আবহে আমাদের সাফ কথা, যদি কমিশনের যুক্তিমতো মেনে নেওয়া হয় ভোটার তালিকায় গরমিল রয়েছে, তার অর্থ গত বছরের লোকসভা ভোটও এই গরমিল-সহ ভোটার তালিকার ভিত্তিতেই হয়েছে। সেই ভোট থেকেই প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী নির্বাচিত হয়েছেন। ফলে যদি ওই ভোটার তালিকা নিয়ে প্রশ্ন থাকে, তা হলে গোটা কেন্দ্রীয় মন্ত্রিসভারই ইস্তফা দেওয়া উচিত।

কমিশন যদি ঠিক হয়, যদি এই ভোটার তালিকায় গরমিল থাকে, তা হলে প্রথম পদক্ষেপ হওয়া উচিত তৎকালীন মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমারের বিরুদ্ধে। তাঁর বিরুদ্ধে 'ক্রিমিনাল প্রসিডিং' শুরু করা হোক। তাঁর বিরুদ্ধে নির্বাচন কমিশন থেকে এফআইআর করা হোক। তাঁর তত্ত্বাবধানে এক বছর আগে যে সাধারণ নির্বাচন হয়েছে, সেখানে যদি সত্যিই গরমিল থাকে, ভুয়ো ভোটার থাকে, বাংলাদেশি থাকে, তবে তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা শুরু করতে হবে। ওই তালিকার ভিত্তিতে যাঁরা নির্বাচিত হয়েছেন, সকলের পদত্যাগ করা উচিত। প্রধানমন্ত্রী-সহ গোটা মন্ত্রিসভার পদত্যাগ চাইছি আমরা

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

বারুইপুরের খ্রিস্টান পাড়া এলাকা থেকে গোয়েন্দা বিভাগের হাতে গ্রেফতার বাংলাদেশি মহিলা। ধৃত শেখ সালমা বেগম (৪৫)-এর কাছ থেকে উদ্ধার হয়েছে ভারতীয় আধার-ভোটার-সহ বাংলাদেশের পরিচয়পত্র



# মুখ্যমন্ত্রীর উদ্যোগ, জনগণের হাতেই এবার বাংলার উন্নয়নের চাবিকাঠি

## আমাদের পাড়া আমাদের সমাধানে বুথে ১০ লক্ষ টাকার কাজ

**প্রতিবেদন :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার উন্নয়নের ভার তুলে দিয়েছেন বাংলার জনতার হাতেই। রাজ্য সরকার প্রতি বুথের উন্নয়নে ১০ লক্ষ টাকা বরাদ্দ করেছে। সেই বরাদ্দ টাকা বুথের কোন কাজে লাগবে, কোন উন্নয়নমূলক কাজ হবে, সেটা ঠিক করবেন আপনারাই। বাংলা জনতাই ঠিক করবে বাংলার উন্নয়নের রূপরেখা।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ই প্রথম 'দুয়ারে সরকার' কর্মসূচি চালু করে প্রশাসনকে মানুষের দরবারে পৌঁছে দিয়েছিলেন। বিপুল সাড়া মিলেছিল দুয়ারে সরকারে। এবার সেই সাফল্যের আঙ্গিকেই তিনি শুরু করেছেন 'আমাদের পাড়া আমাদের সমাধান' কর্মসূচি। প্রতি জেলার বুথে বুথে তা ইতিমধ্যেই সাড়া ফেলে দিয়েছে। এবার মুখ্যমন্ত্রীর মস্তিষ্কপ্রসূত আর এক কর্মসূচি



'আমাদের পাড়া আমাদের সমাধান' শুরু হয়েছে বাংলা জুড়ে। ইতিমধ্যেই ১০ দিনে ৩০ লক্ষ মানুষের উপস্থিতি নজর কেড়েছে শিবিরে। এই কর্মসূচির মধ্যে দিয়ে জনগণের হাতেই উন্নয়নের চাবিকাঠি তুলে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

মুখ্যমন্ত্রী ইতিমধ্যেই 'আমার পাড়া আমার সমাধান' প্রকল্পে সাফল্যের খতিয়ান পেশ করে সাফল্যের বার্তা দিয়েছেন। টার্গেট নেওয়া হয়েছে, রাজ্যে এই প্রকল্পে কভার করা হবে ৮০,৬৮১টি বুথ। মোট ক্যাম্প করা হবে ২৮,৭৫৩টি। মঙ্গলবার পর্যন্ত ১৪,২৬৫টি বুথ কভার করা হয়েছে। ৫,৪২৮টি ক্যাম্পে মানুষ এসেছেন ২৯,৫১,১৬৪। প্রতি ক্যাম্পে গড় অংশগ্রহণকারীর সংখ্যা ৫৪৪। এখন পর্যন্ত ১,৩৬,৪১৫টি প্রকল্পের কাজ হয়েছে। বাংলার মানুষ এই প্রকল্পে আন্তরিকভাবে সাড়া দিয়েছেন।

## প্রয়াত অভিনেত্রী শোক মুখ্যমন্ত্রীর



**প্রতিবেদন :** বর্ষীয়সী অভিনেত্রী বাসন্তী চট্টোপাধ্যায় প্রয়াত। দীর্ঘ অসুস্থতা শেষে মঙ্গলবার বেলা ১০টায় প্রয়াত হন। বয়স হয়েছিল ৮৮। তাঁর প্রয়াণের খবর পেয়েই গভীর শোকপ্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলে লেখেন, 'প্রবীণ অভিনেত্রী বাসন্তী চট্টোপাধ্যায়ের প্রয়াণে আমি গভীরভাবে শোকাহত। তাঁর মৃত্যুতে আমাদের শিল্প ও বিনোদনের জগতে এক অপূরণীয় ক্ষতি হল। আমি তাঁর পরিবার, বন্ধুবান্ধব এবং অনুরাগীদের প্রতি সমবেদনা জানাই।' ক্যানসারে ভুগছিলেন, একটি কিডনিও নষ্ট হয়ে গিয়েছিল। ওঁর শেষ ধারাবাহিক 'গীতা এলএলবি'। বাড়িতে পরিচারিকার সঙ্গে থাকতেন। আপাতত তাঁর দেহ বাড়িতেই রাখা হয়েছে মেয়ের আসার অপেক্ষায়।

শেষ ধারাবাহিক করার সময় অসুস্থতা সত্ত্বেও রোজ পাইকপাড়া থেকে সোনারপুরে শুটিং সেটে ঠিক সময়ে পৌঁছে যেতেন। অভিনয়-দক্ষতা ও সবার সঙ্গে আন্তরিক ব্যবহার অভিনয় জগৎ ছাড়াও বাস্তব জীবনেও তাঁকে জনপ্রিয় করে তুলেছিল। থিয়েটারের মঞ্চ থেকে সিনেমা, সিরিয়াল সবেতেই তিনি সমান দক্ষ ছিলেন। অভিনেত্রীর মৃত্যুতে শোকের ছায়া টলিউড জুড়ে।

## বিলে সম্মতি বোসের

**প্রতিবেদন :** পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশন সংশোধনী বিল এবার আইনে পরিণত হওয়ার পথে। গত জুন মাসে রাজ্য বিধানসভায় পাশ হওয়া সংশোধনী বিলটিতে একাধিক গুরুত্বপূর্ণ পরিবর্তনের প্রস্তাব ছিল। রাজ্যপালের সম্মতি মেলায় বিলটি আইনে পরিণত হওয়ার পথে একধাপ এগোল। বিলটিতে সংশোধনীর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হল, কমিশনে ভাইস-চেয়ারপার্সনের সংখ্যা বাড়ানো। এতদিন পর্যন্ত সংখ্যালঘু কমিশনে এক জন ভাইস চেয়ারপার্সন থাকতেন। সংশোধিত আইনে সেই সংখ্যা বাড়িয়ে দু'জন করার ব্যবস্থা করা হয়েছে। নতুন কাঠামো অনুযায়ী, কমিশনে থাকবেন এক জন চেয়ারপার্সন, দু'জন ভাইস-চেয়ারপার্সন এবং মোট ন'জন সদস্য। রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন, কার্যক্ষমতা বাড়াতে এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় গতিশীলতা আনতেই পদাধিকারীর সংখ্যা বাড়ানো হয়েছে।

## স্থায়ী উপাচার্য চূড়ান্ত করতে

**প্রতিবেদন :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পাঠানো নামের তালিকা থেকে স্থায়ী উপাচার্য নিয়োগ চূড়ান্ত করতে কলকাতায় হতে চলেছে তিনদিনের বৈঠক। আগামী ১৯ আগস্ট থেকে ২১ আগস্ট কলকাতার একটি বেসরকারি হোটেলে হবে সেই বৈঠক। সুপ্রিম কোর্টের গড়া ইউ ইউ ললিতের নেতৃত্বে পাঁচজনের সার্চ কমিটি এই বৈঠকে উপস্থিত থেকে উপাচার্যদের নাম চূড়ান্ত করবেন। মোট ১৫টি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্য নিয়োগের জন্য এই বৈঠক হতে চলেছে বলে জানা গিয়েছে।

## হরিণঘাটায় এবার মাছও

**প্রতিবেদন :** মাংস, চিকেনের পর এবার মাছও বিক্রি করবে প্রাণী সম্পদ দফতর। রুই, কাতলা, বাটা, মৃগেল মাছ প্যাকেট করে বিক্রি করা হবে হরিনঘাটা ফিশ নামে। ২৫০ ও ৫০০ গ্রামের প্যাকেট থাকবে। সংরক্ষিত হবে ঠান্ডায়। চেষ্টা হবে ৭ দিনের মধ্যে বিক্রি করতে। পাশাপাশি ডিম উৎপাদনে সাফল্যের পর হলুদ কুসুমের প্যাকেটজাত ডিম হরিনঘাটা গোল্ড প্রিমিয়াম ডিম নামে বিক্রি হবে।

## ধূমকেতুর সাফল্য : বড়মা-স্মরণে দে-শু

**সংবাদদাতা, নৈহাটি :** খাদানের পর ধূমকেতু। দীর্ঘ ১২ বছর বাদে আবার একসঙ্গে বাংলা চলচ্চিত্রের অন্যতম দুই সেরা অভিনেতা-অভিনেত্রী। বুধবার দুপুরে লাল পোশাকের রংমিলান্তিতে নৈহাটির বড়মার মন্দিরে পূজা দিলেন সাংসদ-অভিনেতা দীপক অধিকারী ও অভিনেত্রী শুভশ্রী গঙ্গোপাধ্যায়।

এদিন ধূমকেতু রিলিজের আগে বড়মা স্মরণে দেব-শুভশ্রী। লাল পাঞ্জাবি-পাজামায় নজর কাড়লেন 'ধূমকেতু'র নায়ক। নায়িকার পরনে লাল শাড়ি, সোনার গয়না। মায়ের সামনে বসে হাত জোড় করে পুজো দিলেন যুগলে। সঙ্গে পরিচালক কৌশিক গঙ্গোপাধ্যায়, সুরকার ইন্দ্রদীপ দাশগুপ্ত, বারাকপুরের সাংসদ পার্থ ভৌমিক। ছবির সাফল্য কামনায় অঞ্জলি দিলেন, আরতি করলেন 'ধূমকেতু' জুটি। পুরোহিত দেব-শুভশ্রীর কপালে এঁকে দিলেন সিঁদুরের মঙ্গলটিকা। 'দেব-দেবী'কে এক ঝলক দেখার জন্য ব্যাকুল সবাই। তারপর খোলা ছাদে নায়ক-নায়িকাকে দেখে বাঁধনহারা উল্লাস অনুরাগীদের। ভালবাসার জনগর্জনে মুখরিত 'দেশু' স্লোগান।



■ বড়মার মন্দিরে দেব ও শুভশ্রী।

দেব বলেন, সারা পৃথিবী জুড়ে যে অশান্তি হচ্ছে তার জন্য শান্তি চাইলাম। আমরা সবাই যেন ভালো থাকি, সুখে থাকি, সুস্থ থাকি। বড়মা খুব জাগ্রত। এর আগে যা যা চেয়েছি, তার থেকে বেশি পেয়েছি। এই ছবিতে যেভাবে ভিড় হচ্ছে তাই মাকে প্রণাম জানাতে এসেছি। বাংলা জুড়ে দেব-শুভশ্রী জুটিকে নিয়ে যে উন্মাদনা দেখছি, তাতে মাকে শতকোটি প্রণাম এতটা আশীর্বাদ দেওয়ার জন্য। শুভশ্রী বলেন, মাকে প্রণাম জানিয়েছি আমাদের পুরনো জুটিকে এত ভালবাসা দেওয়ার জন্য।

## আমাদের পাড়া আমাদের সমাধান



■ উত্তর ২৪ পরগনার খড়দহ। পাতুলিয়া গ্রাম পঞ্চায়েত শিবিরে মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও প্রদীপ মজুমদার। বুধবার।



■ বারুইপুর পশ্চিমের শিখরবালি। শিবিরে বিধায়ক বিমান বন্দ্যোপাধ্যায়।



■ হরিপাল ব্লকের কাশীপুর। উপস্থিত বিধায়ক করবী মান্না।



■ বারাসত দু'নম্বর ব্লকের কীর্তিপুর। শিবিরে হাড়োয়ার বিধায়ক শেখ রবিউল ইসলাম ছাড়াও রয়েছেন মনোয়ারা বিবি, শাহাবুদ্দিন আলি প্রমুখ।



■ হুগলির কোন্নগরের শিবিরে বিধায়ক কাঞ্চন মল্লিক।



■ দক্ষিণ হাওড়ার ৩৫ নম্বর ওয়ার্ড। শিবিরে বিধায়ক নন্দিতা চৌধুরি।

# রাজ্য



জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

মাতলা নদীতে উদ্ধার নিখোঁজ-যুবকের মৃতদেহ। দক্ষিণ ২৪ পরগনার কুলতলির বালা হারানিয়া গ্রামের বাসিন্দা পলাশ সরদার গত সোমবার বিকেলে মাছ ধরতে গিয়েছিলেন নদীতে। কিন্তু সন্ধ্যা গড়িয়ে গেলেও তিনি ফেরেননি

## গোটা দেশে এসআইআর স্থগিত হোক সুপ্রিমে আর্জি

**প্রতিবেদন :** সারা দেশে অবিলম্বে স্থগিত করা হোক ভোটার তালিকার নিবিড় সংশোধন বা এসআইআর। বুধবার সুপ্রিম কোর্টে পশ্চিমবঙ্গ সরকারের তরফে সওয়াল করতে গিয়ে এই দাবি করেছেন আইনজীবী গোপাল শঙ্করনারায়ণ। তাঁর সূত্র ধরেই এদিন তৃণমূল কংগ্রেসের তরফে সওয়াল করতে গিয়ে বর্ষীয়ান আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় দাবি করেন, বিহারের মতো বাংলাতেও গায়ের জোরে ভোটার তালিকায় নিবিড় সংশোধন বা এসআইআর প্রক্রিয়া শুরু করেছে নির্বাচন কমিশন। ষড়যন্ত্র করে এই পদক্ষেপে প্রচুর বৈধ ভোটারকে বাদ দেওয়া হচ্ছে। কল্যাণ বন্দ্যোপাধ্যায় আরও বলেন, নির্বাচন কমিশনের পদক্ষেপের ফলে সাধারণ মানুষের মনে তীব্র আতঙ্ক তৈরি হচ্ছে। মঙ্গলবার কলকাতা হাইকোর্টের সামনে নিজেদের গায়ে আগুন লাগানোর চেষ্টা করেছেন দুই মহিলা। এই পরিস্থিতি শুনে শীর্ষ আদালতের দুই বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচী জানান, তাঁরা কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে আরও বিস্তারিতভাবে তাঁর বক্তব্য জানানোর সুযোগ দেবেন। অগণতান্ত্রিক এসআইআর বন্ধ করতে হবে দাবি তুলে তৃণমূল কংগ্রেসের তরফে সুপ্রিম কোর্টে এই মামলাটি করেছেন দলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন। এদিন বাংলায় এসআইআর নিয়ে সোচ্চার হয়েছেন বর্ষীয়ান আইনজীবী অভিষেক মনু সিংভিও।

# এসআইআর নিয়ে কেন্দ্রকে তিন চ্যালেঞ্জ অভিষেকের



**প্রতিবেদন :** এসআইআর নিয়ে সুর আরও চড়ালেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিজেপি ও নির্বাচন কমিশনকে তুলোধোনা করার পর আজ বুধবার সোশ্যাল মিডিয়ায় ফের সরব হয়েছেন তিনি। তৃণমূলের লোকসভার দলনেতা লিখেছেন, আপনাদেরকে তৃণমূল কংগ্রেসের তিন চ্যালেঞ্জ। ১. সংসদ ভেঙে দিন। ২. সারা দেশে এসআইআর শুরু করুন। ৩. এরপর নির্বাচনে যান এবং জনগণের মুখোমুখি হোন। এক্স হ্যান্ডেলে অভিষেক লিখেছেন, ভেঙে দেওয়া হোক লোকসভা। ২০২৪ সালের ভোটার তালিকার ভিত্তিতে লোকসভা নির্বাচন হয়েছিল, তা ত্রুটিপূর্ণ বলছে নির্বাচন কমিশনই। দেশের মানুষ প্রতারিত হয়েছেন। এছাড়াও নির্বাচন কমিশনকে ট্যাগ করে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক লেখেন, ভারত সরকার যদি কমিশনের সঙ্গে একমত হয়, তবে, নীতির প্রশ্নে অবিলম্বে লোকসভা ভেঙে দেওয়া উচিত এবং মুখ্য নির্বাচন কমিশনার যদি সত্যিই এত ক্ষমতাশালী হয়ে থাকেন, তা হলে শুধু ভোটমুখী রাজ্যগুলির বদলে গোটা দেশে ভোটার তালিকার বিশেষ নিবিড় পরিমার্জন করানো উচিত।



■ বিধাননগরের সিজে ব্লকে খুঁটিপুজোর উদ্বোধনে মেয়র কৃষ্ণা চক্রবর্তী। রয়েছেন আবাসিকবৃন্দ, যোগা সেন্টারের মহিলারা ও পুজো কমিটির সদস্যরা। বুধবার।

## বিজেপির মিথ্যাচারের জবাব দিলেন দেবাংশু

**প্রতিবেদন :** ডায়মন্ড হারবারে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছে ৭ লক্ষ ভোটে হেরে বদহজম হয়ে গিয়েছে বিজেপির! তাই একবছর পরও সেই হারের স্মৃতিতে অবসাদগ্রস্ত হয়ে পড়েছেন বিজেপির নেতা-মন্ত্রীরা। সেই অবসাদ থেকেই এবার ডায়মন্ড হারবারে ভুয়ো ভোটার বৃদ্ধির ভিত্তিহীন অভিযোগ তুললেন বিজেপির মন্ত্রী অনুরাগ ঠাকুর। কিন্তু তৃণমূলের পাল্টা যুক্তিতে বিজেপির সোশ্যাল মিডিয়া ইনচার্জ এখন স্পিকটি নট। তথ্য তুলে একের পর এক প্রশ্ন ছুঁড়ে দিয়ে বিজেপির মন্ত্রী অনুরাগ কিংবা জ্ঞানপাপী ট্যুইট মালব্যের মুখে ঝামা ঘষে দিলেন তৃণমূলের সোশ্যাল মিডিয়া ইনচার্জ দেবাংশু ভট্টাচার্য। অনুরাগ ঠাকুরের কাছে দেবাংশুর প্রশ্ন, প্রধানমন্ত্রীর কেন্দ্র বারাণসীতে ২০২৪-এ ভোট বেড়েছে ১২ শতাংশ! অনুরাগ সে-নিয়ে কেন প্রশ্ন করছেন না? ভুয়ো ভোটারের প্রশ্নটা নির্বাচন কমিশনের বদলে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে করা হচ্ছে কেন? ২০২৪ সালে লোকসভা ভোটের সময় তো একজনও ভোটার তালিকা নিয়ে অভিযোগ জানাননি। তাহলে আজকে কেন? বিজেপির এই মিথ্যাচারের পাল্টা দেবাংশুর সাফ কথা, আসলে ৭ লক্ষ ভোটে পরাজয়ের থাপ্পড়টা বিজেপির কাছে দগদগে ঘায়ের মতো হয়ে রয়েছে। সে কি এত দ্রুত শুকোয়?



■ বেঙ্গল চেম্বার অফ কমার্সে বেলা ছবির ট্রেলার লঞ্চ অনুষ্ঠানে অরূপ বিশ্বাস, ঋতুপর্ণা সেনগুপ্ত, অনন্যা বন্দ্যোপাধ্যায় এবং পরিচালক অনিলাভ চট্টোপাধ্যায়। বুধবার। —শুভেন্দু চৌধুরী

## প্রশিক্ষণ কর্মশালা পূর্তকর্মীদের

**প্রতিবেদন :** ন্যায়নিষ্ঠা ও গুণগত মান বাড়ানোই পূর্ত দফতরের ইঞ্জিনিয়ারদের জন্য বিশেষ প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হল। সরকারি আদেশে জানানো হয়েছে, এই ট্রেনিং-কর্মশালাটি পরিচালনা করবে ভারতীয় মানক সংস্থা বিস। প্রশিক্ষণের উদ্দেশ্য প্রকল্প ব্যবস্থাপনায় মানদণ্ড প্রতিষ্ঠা, ভূমি-ভিত্তি ও ভূতাত্ত্বিক অন্বেষণের সঠিক নীতি প্রয়োগ এবং মেসনারি, আরসিসি ও স্টিলের সঠিক নির্মাণ অনুশীলন প্রতিস্থাপিত করা। প্রকল্পের গুণগত কাজ নিশ্চিত করতে এবং বর্তমান ও ভবিষ্যৎ প্রকল্পগুলির ক্ষেত্রে নিরাপত্তা চাহিদা মেটাতে এই তিনটি মডিউলে প্রশিক্ষণ দেওয়া হবে। সরকারি সূত্রে খবর, রাজ্যে যেসব বৃহৎ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ প্রকল্প সম্প্রতি বাড়েছে, সেক্ষেত্রে নিচের তলায় কৌশলগত নীতি ও নির্মাণের সঠিক মান মেনে কাজ করা জরুরি। সেই লক্ষ্যেই রাজ্য প্রশাসন এই প্রশিক্ষণ-সেমিনার আয়োজন করেছে। প্রশিক্ষণ শেষ হলে প্রকল্প বাস্তবায়নে তাত্ত্বিক ও প্রযুক্তিগত দিক মিলিয়ে কার্যক্রম দ্রুততর ও নিরাপদ হবে। একই সঙ্গে দুর্যোগ মোকাবিলা, রক্ষণাবেক্ষণ সংক্রান্ত গুণগত মানে উন্নতি হবে। প্রশাসনের আশা, এই ধরনের নিয়মিত সংবেদনশীলতা কর্মশালা ভবিষ্যতে রাজ্যের পরিকাঠামো উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

## পুলিশকে মার, জালে বিজেপি কর্মী

**প্রতিবেদন :** নবান্ন অভিযানের নামে বিজেপির চূড়ান্ত অসভ্যতা! পুলিশ কর্তাদের কুৎসিত ভাষায় আক্রমণ বিরোধী দলনেতার। আর নেতাদের প্রশ্রয়ে পুলিশকে মারধর নিচুতলার কর্মীদের। শনিবারের সেই অভিযানে পুলিশকর্মীকে মারধরে অভিযুক্ত এক বিজেপি কর্মীকে বুধবার গ্রেফতার করল কলকাতা পুলিশ। মিছিল থেকে সেদিন বিজেপির গুন্ডাবাহিনী হামলা চালিয়েছিল ডিসি এসএসডি বিদিশা কলিতার দেহরক্ষীর উপর। সমস্ত সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করল লালবাজার। জানা গিয়েছে, ধৃত জগদ্দলের সক্রিয় বিজেপি কর্মী চন্দন গুপ্ত। ঘটনার দিন যেভাবে ডিসি এসএসডি-র দেহরক্ষী প্রশান্ত পোদ্দারের উপর হামলা চালিয়েছিল বিজেপির গুন্ডাবাহিনী, তাতে খুনের চেষ্টার ধারা যোগ করেছে পুলিশ।

## ঝলসে মৃত্যু

**প্রতিবেদন :** সল্টলেকে মর্মান্তিক দুর্ঘটনায় প্রাণ গেল ফুড ডেলিভারি বয়ের। বুধবার বিকেলে কেষ্টপুরের নয়াব্রিজে একটি বেপরোয়া গতির চারচাকা গাড়ি সজোরে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা বাইকে ধাক্কা মারলে সঙ্গে সঙ্গে গাড়ি ও বাইকে আগুন ধরে যায়। সেই আগুনে মুহূর্তের মধ্যে ঝলসে গিয়ে মৃত্যু হয়েছে রাহুল মণ্ডল নামের যুবকের। চারচাকা গাড়িতে থাকা এক শিশু-সহ তিনজনকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।



■ ওয়ার্ড ৯০। আমাদের পাড়া আমাদের সমাধান শিবিরে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, মেয়র পারিষদ বৈশ্বানর চট্টোপাধ্যায়, চৈতালি চট্টোপাধ্যায়।

## ব্রাত্যর গাড়িতে হামলায় ধৃত

**প্রতিবেদন :** যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর গাড়িতে হামলার ঘটনায় গ্রেপ্তার অভিযুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী হিন্দোল মজুমদার। স্পেন থেকে দিল্লি বিমানবন্দরে নামতেই তাঁকে গ্রেফতার করে পুলিশ। তাঁর বিরুদ্ধে লুক আউট নোটিশ জারি করা ছিল। দিল্লি পুলিশের হেফাজতে রয়েছে। অভিযুক্তকে নিয়ে আসতে কলকাতা পুলিশের একটি দল দিল্লি পৌঁছে গিয়েছে। যাদবপুর থেকে ফার্মেসিতে বি-টেক করে হিন্দোল এখন স্পেনে গবেষণা করছেন।

# কুকথার জের, সিঙ্গুরে গদ্দারকে কালো পতাকা, জয়বাংলা স্লোগান

**সংবাদদাতা, হুগলি :** আইনি রক্ষাকবচ পেয়ে বেপরোয়া হয়ে গদ্দার অধিকারী লাগাতার কুৎসিত ও অশালীন মন্তব্য করাটাই নিয়ম করে ফেলেছে। কখনও মুখ্যমন্ত্রীকে, কখনও পুলিশকে লক্ষ্য করে। সাধারণ মানুষ এই ঘটনায় প্রচণ্ড ক্ষুব্ধ। তাই বুধবার সিঙ্গুরে সভা করতে যাওয়ার পথে ডানকুনিতে টোল প্লাজায় স্থানীয় মানুষজন তাঁকে দেখেই 'জয় বাংলা' স্লোগান দেন এবং কালো পতাকা দেখিয়ে 'গো ব্যাক' ধ্বনি দেন। এই প্রতিবাদ-বিক্ষোভের জেরে সিঙ্গুরের সভামঞ্চ থেকে ফের অশালীন শব্দ প্রয়োগ করে গদ্দার। স্থানীয় মানুষদের বক্তব্য, বাংলায় থেকে ওঁর 'জয় বাংলা' শুনলে রাগ হয়, তাই ওঁকে জয় বাংলা স্লোগান বেশি করে শোনানো হবে। সিঙ্গুরে গিয়ে গদ্দার হতাশায় অনেক কথা বলেছে। এর প্রেক্ষিতে তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক ও মুখপাত্র কুণাল ঘোষ বলেন, এখন এত বড় বড় কথা বলছে কেন? যদি ধরেও নিই ২০০৫ সালে সিঙ্গুরে গতিবিধি শুরু, তবে ১৫ বছর চুপ করে থাকলো কেন ও। তখন তো মন্ত্রী-সাংসদ সবই ছিল। তখন বলেনি কেন? আর ভোট তো ২০২১ সালেও হয়েছে। বিজেপি নেতারা ডেলি প্যাসেঞ্জারি করেছে, কী হয়েছে তাতে? কুণালের সংযোজন, মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্দোলন ছিল, সিঙ্গুরে দো-ফসলি, তিন-ফসলি জমি নিয়ে কিছু করা যাবে না। ওটা সিপিএমের জমি-শিল্প নীতির ভুল ছিল। মমতা বন্দ্যোপাধ্যায় টাটাদের তাড়াননি।

## ফের নিম্নচাপে ভারী বৃষ্টির ভ্রূকুটি

**প্রতিবেদন :** ফের সাগরের বুকে ঘনীভূত হয়েছে নিম্নচাপ। মধ্য-পশ্চিম ও তৎসংলগ্ন উত্তর-পশ্চিমে সেই নিম্নচাপের অবস্থান। ক্রমশ শক্তি বাড়িয়ে তা গভীর নিম্নচাপে পরিণতির দিকে এগোচ্ছে। ধীরে ধীরে সড়বে দক্ষিণ ওড়িশা ও উত্তর অন্ধ্রপ্রদেশ উপকূলমুখে। তবে এর জেরে রাজ্যের উত্তর-দক্ষিণে বুধবার থেকে ফের ঝড়-বৃষ্টি শুরু হয়েছে। ভারী থেকে অতি ভারী বৃষ্টিতে বিপর্যস্ত উত্তরের জেলাগুলি। অতি-বৃষ্টিতে ধসে গিয়েছে পাহাড়ি রাস্তা জলস্তর বেড়ে ফুঁসছে তিস্তা, তোর্সা, জলঢাকা। কলকাতা-সহ দক্ষিণের জেলাগুলিতেও বজ্রবিদ্যুৎ-সহ মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে। যদিও দক্ষিণের চেয়ে উত্তরের জেলায় বৃষ্টির প্রভাব বেশি থাকবে। আবহাওয়া দফতর জানিয়েছে, বৃহস্পতিবার ভারী থেকে অতি-ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলায়। দার্জিলিং, কালিম্পং, কোচবিহারের বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা। শুক্র ও শনিবার বৃষ্টির বেগ কিছুটা কমলেও রবি ও সোমবার ফের দার্জিলিং-সহ উত্তরের ৫ জেলায় ভারী বৃষ্টির সতর্কতা জারি হয়েছে।

গঙ্গা ও ফুলহরের জলে প্লাবিত হল মালদহের রতুয়া-১নং ব্লকের কমলপুর গ্রাম। এলাকা পরিদর্শনে গিয়ে জেলা তৃণমূল সাধারণ সম্পাদক সৌমিত্র সরকার ও রাজেশ সিংহের অভিযোগ, পর্যাপ্ত ত্রাণ পাঠালেও বিজেপি পরিচালিত কাহালা গ্রাম পঞ্চায়েত তা বিলি করেনি

# ঘরে ফিরলেন আমির

**প্রতিবেদন :** হাই কোর্টের নির্দেশে মালদহের পরিযায়ী শ্রমিক আমির শেখকে ফিরে পেল তাঁর পরিবার। অভিযোগ, মালদহের কালিয়াচক থানার জামালপুরের পরিযায়ী শ্রমিক আমির শেখকে রাজস্থান থেকে আটক করে বাংলাদেশে পাঠিয়ে দিয়েছিল পুলিশ। যা নিয়ে মামলা দায়ের হয়। এই নিখোঁজ পরিযায়ী শ্রমিকের সন্ধান পেতে হাইকোর্টের দ্বারস্থ হয় তাঁর পরিবার। বুধবার

**হাইকোর্টের নির্দেশ**

এই সংক্রান্ত মামলায় হাই কোর্টের বিচারপতি তাপোব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চে রাজ্য জানায়, পুলিশকে বিএসএফ একটি অভিযোগ জমা দিয়েছে। সেখানে বলা হয়েছে যে, আমির সীমান্ত এলাকায় ঘোরাফেরা করছিল। তাকে উদ্ধার করা হয়েছে। অর্থাৎ পুশব্যাকের ঘটনা বিএসএফ এখন অস্বীকার করছে বলে অভিযোগ পরিবারেরই। হাই কোর্টের নির্দেশমতো, আমির শেখকে বুধবার বিকেলে বসিরহাট থানার পুলিশের হাতে তুলে দেয় বিএসএফ। প্রয়োজনীয় নথিপত্র খতিয়ে পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

## উত্তরের জলছবি

### দিনহাটায় পথে মন্ত্রী উদয়ন



**সংবাদদাতা, কোচবিহার :** দিনহাটা শহর রাতভর বৃষ্টিতে জলমগ্ন। সাধারণ মানুষের সমস্যা কতটা হচ্ছে দেখতে পথে নামলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। রাতভর টানা বৃষ্টিতে জলমগ্ন দিনহাটা শহরের বিভিন্ন ওয়ার্ড। সাধারণ মানুষ চরম ভোগান্তিতে। বুধবার সকালে শহরে জল জমার জেরে বিপর্যস্ত হয় জনজীবন। দিনহাটা শহরের বেশ কয়েকটি ওয়ার্ডের রাস্তাঘাট তো বটেই, অনেকের বাড়িতেও ঢুকে পড়েছে জল। জলমগ্ন এই পরিস্থিতিতে দৈনন্দিন কাজকর্ম থেকে শুরু করে শিশু ও বয়স্কদের চলাফেরায় মারাত্মক অসুবিধা হয়েছে। এদিন রাস্তায় বেরিয়ে নাগরিকদের সমস্যা শুনেছেন মন্ত্রী উদয়ন গুহ।

### আলিপুরদুয়ারে পথে সুমন




**সংবাদদাতা, আলিপুরদুয়ার :** গত ১২ ঘণ্টায় ভুটান পাহাড়ে লাগাতার বৃষ্টি ও সমতলে ভারী বৃষ্টির জেরে আলিপুরদুয়ার শহরের ৮, ৯, ৪, ৫, ১৮, ১৬ ও ১৯ নম্বর ওয়ার্ড জলমগ্ন। কয়েক হাজার বাসিন্দা অসুবিধার সম্মুখীন। সকালে পরিস্থিতি দেখতে সঙ্গে সেচ দফতরের আধিকারিকদের নিয়ে বিভিন্ন ওয়ার্ড পরিদর্শন করেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল। ইতিমধ্যেই ওই সমস্ত ওয়ার্ডের জমে থাকা জল পাম্প দিয়ে নদীতে ফেলতে শুরু করেছে পুরসভা। বিধায়ক জানান, প্রতি বছরই ভারী বৃষ্টি হলে কয়েকটি ওয়ার্ডে জল জমে। এই সমস্যা থেকে শহরবাসীকে মুক্তি দিতে স্যাটেলাইটে ইমেজের সাহায্যে সমীক্ষা শুরু করা হয়েছে প্রায় দু'মাস আগে। সেচ দফতরের আধিকারিকরা বাস্তব পরিস্থিতি খতিয়ে দেখতে আমার সঙ্গে পরিদর্শন করছেন।

### জলমগ্ন রায়গঞ্জ, ব্যবস্থা পুরসভার



**সংবাদদাতা, রায়গঞ্জ :** প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত জনজীবন। মঙ্গলবার রাত থেকে অবিরাম বৃষ্টিতে জলমগ্ন রায়গঞ্জ শহরের একাধিক এলাকা। শপিং মল থেকে সাধারণ মানুষের বাড়িতেও ঢুকে পড়েছে বৃষ্টির জল। বুধবার সকাল থেকেই তৎপরতার সঙ্গে জল নিয়ন্ত্রণের কাজ শুরু করে পুরসভা। পুর প্রশাসক সন্দীপ বিশ্বাস বলেন, অতিরিক্ত বৃষ্টির ফলে শহরের ৩-৪টি ওয়ার্ডে জল জমেছিল। বৃষ্টি কমলেই জল নামবে। পুরসভা ড্রেনের কাজ শুরু করেছে। তার মাঝেই এই প্রাকৃতিক বিপর্যয়ে সাময়িক জল জমেছে। যে সব জায়গায় জল জমে থাকবে সেখানে বৃহস্পতিবার সেচ দফতরের সহযোগিতায় রিভার পাম্প দিয়ে জল বের করা হবে। জেলা জুড়েই চলছে প্রবল বৃষ্টি।

# উত্তর দিনাজপুর জেলায় নজরকাড়া সাফল্যে কন্যাশ্রী




**সংবাদদাতা, রায়গঞ্জ :** কন্যাশ্রী প্রকল্পে নজরকাড়া সাফল্য উত্তর দিনাজপুরের। জেলাগুলির মধ্যে গতবারের মতো এবছরও কন্যাশ্রীতে সার্বিক কাজের নিরিখে রাজ্যে প্রথম সারির স্বীকৃতি জেলার। বৃহস্পতিবার কলকাতার ধনধান্য প্রেক্ষাগৃহে এই পুরস্কার তুলে দেওয়া হবে। জেলার দুই কন্যাশ্রী— বীথি রায় ও পায়েল রজককে পুরস্কৃত করা হবে ওই মঞ্চ থেকে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত থেকে পুরস্কার পাবেন কৃতীরা। বীথি তাঁর পড়া শেষে রায়গঞ্জ হাসপাতালের জিএনএম হিসেবে কর্মরত। পায়েল ইটাহারে কেকের ব্যবসা শুরু করে প্রতিষ্ঠিত উদ্যোগী। জেলা থেকে এই কৃতীদের সঙ্গে থাকবেন অতিরিক্ত জেলাশাসক মানস মণ্ডল ও ডেপুটি ম্যাজিস্ট্রেট অঙ্কিতা উপাধ্যায়। জেলা প্রশাসনের নিরন্তর প্রচেষ্টায় ও কন্যাশ্রী ক্লাবগুলির সহযোগিতায় জেলায় উল্লেখযোগ্যভাবে কমেছে বাল্যবিবাহ, ড্রপ আউটের হার। বৃহস্পতিবার রায়গঞ্জের বিধানমঞ্চেও জেলা প্রশাসনের পক্ষ থেকে ১২তম কন্যাশ্রী দিবস উদযাপন করা হবে। যেখানে জেলার পাঁচ কন্যাশ্রীকে পুরস্কৃত করা হবে। কন্যাশ্রী ২ পেয়ে জেলার রায়গঞ্জ ব্লকের মাড়াইকুড়া ইন্দ্রমোহন বিদ্যালয় থেকে পাশ করে দীপা দাস এখন জিএনএম, কালিয়াগঞ্জের ডালিমগাঁও বিদ্যালয়ের আসমা ইয়াসমিনও এএনএম হিসেবে কাজ করছেন। মিনু মণ্ডল নিজের বাল্যবিবাহ আটকে উচ্চ মাধ্যমিকে ভাল ফল করে কলেজে পড়ছেন। হাতিয়া হাইস্কুলের প্রীতিকা বর্মন অনূর্ধ্ব ১৭ ভারতীয় মহিলা ফুটবল দলে সুযোগ পেয়ে গর্বিত করেছে জেলাকে। ডালিমগাঁও স্কুলের চন্দনা রায় জাতীয় খো খো দলে। এই পাঁচ কন্যাশ্রীও সম্মানিত হবেন। উত্তর জেলার ওসি কন্যাশ্রী জানান, জেলার কন্যাশ্রীদের এই স্বীকৃতিতে খুশি সকলে।

# পাঁচিল ধসে পড়ে দুই শিশুর মৃত্যু পরিবারের পাশে তৃণমূল নেতৃত্ব


■ পরিবারের সঙ্গে খগেশ্বর রায়।

**সংবাদদাতা, শিলিগুড়ি :** উত্তরবঙ্গে অতি ভারী বৃষ্টিতে বিপর্যস্ত জনজীবন। আবহাওয়া দফতর জলপাইগুড়ি জেলায় লাল সতর্কতা জারি করেছে। এরই মধ্যে মঙ্গলবার রাতে হৃদয়বিদারক দুর্ঘটনা। রাজগঞ্জ ব্লকের সাহুডাঙির পাঘালুপাড়া এলাকায় মাটির দেওয়ালের উপর টিনের চালের ঘরে বাবা-মায়ের সঙ্গে বাস করত দুই শিশু মধুমিতা (৭) ও দেবায়ন মোদক (৫)। প্রচণ্ড বৃষ্টির মধ্যে হঠাৎ প্রতিবেশীর বাড়ির দেওয়াল ভেঙে তাদের ঘরের উপর এসে পড়ে। চাপা পড়ে যায় দুই শিশু। প্রতিবেশীরা চিৎকার শুনে ছুটে এসে দেওয়াল সরানোর চেষ্টা করেন। শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ভোরের আলো থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে শিশুদের উদ্ধার করে শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে যায়। কিন্তু চিকিৎসকেরা জানান, অনেক আগেই তাদের মৃত্যু হয়েছে। টানা বৃষ্টিতে এলাকায় আরও বেশ কয়েকটি কাঁচা বাড়ির দেওয়ালে ফাটল ধরা পড়েছে। প্রশাসন ইতিমধ্যেই দুর্বল কাঠামোর ঘরগুলিকে চিহ্নিত করে পরিবারগুলিকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার উদ্যোগ শুরু করেছে। বুধবার সকালে রাজগঞ্জ বিধায়ক তথা জেলা তৃণমূল চেয়ারম্যান খগেশ্বর রায় পরিবারের সঙ্গে দেখা করেন। সবরকম সাহায্যের আশ্বাস দিয়ে বলেন, অত্যন্ত মর্মান্তিক দুর্ঘটনা। প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে দ্রুত ক্ষতিগ্রস্ত পরিবারকে প্রয়োজনীয় সহায়তা পৌঁছে দেওয়ার জন্য।

## সাপটিবাড়ি শিবির পরিদর্শনে জ্যোৎস্না মান্ডি



**সংবাদদাতা, জলপাইগুড়ি :** 'আমাদের পাড়া, আমাদের সমাধান' শিবিরের কাজ দেখতে ময়নাগুড়ি ব্লকের সাপটিবাড়ি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতে গেলেন খাদ্য ও সরবরাহ প্রতিমন্ত্রী জ্যোৎস্না মান্ডি। শিবির পরিদর্শন করে সাধারণ মানুষের সমস্যার সরাসরি সমাধানের প্রক্রিয়ার তদারকিও করেন। ছিলেন জেলাশাসক শামা পারভিন, জেলা তৃণমূল সভানেত্রী মহুয়া গোপ, বিধায়ক নির্মলচন্দ্র রায়, রামমোহন রায়, নুরজাহান বেগম প্রমুখ। শিবিরের শুরুতে আদিবাসী নৃত্যের মাধ্যমে প্রতিমন্ত্রীকে বরণ করা হয়। পরে বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা তাঁদের হাতে তৈরি পণ্য মন্ত্রীকে উপহার দেন।

## বৃষ্টিতে দুর্ঘটনা, আহত ১০

■ ডুয়ার্সে গত কয়েকদিনের টানা বৃষ্টিতে জাতীয় সড়ক পিচ্ছিল হয়ে পড়ায় বুধবার বড়সড় দুর্ঘটনা ঘটল। মাল ব্লকের রানিচেরা চা-বাগান সংলগ্ন ১৭ নম্বর জাতীয় সড়কে বাঁক নিতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায় যাত্রীবোঝাই ছোট গাড়ি। বেলা ১১টা নাগাদ। আহত হন ১০ যাত্রী। থমকে যায় যান চলাচল। স্থানীয়রা আহতদের উদ্ধার করে ওদলাবাড়ি হাসপাতালে পাঠান। গাড়িটি মেটেলি থেকে শিলিগুড়ি যাচ্ছিল।

# শীত-গ্রীষ্ম-বর্ষা গাছতলাই কাউন্সিলরের অফিস

**মানস দাস ● মালদহ**



সুসজ্জিত কার্যালয় নেই। শীত গ্রীষ্ম বর্ষা গাছতলায় বসেই পরিষেবা দিয়ে চলেছেন ইংরেজবাজার পুরসভার ২৩ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর সুজিত সাহা। সুভাষপল্লি এলাকায় বকুলগাছের তলায় চেয়ারে বসে পরিষেবা দেন সুজিত। এলাকার মানুষেরা বলেন, শীত, গ্রীষ্ম,বর্ষা সুজিতদায় ভরসা। এমনকি শহরে সুজিত গাছতলার কাউন্সিলর হিসেবেই পরিচিত হয়ে উঠেছেন।

প্রখর রোদই হোক বা কনকনে শীত, প্রতিদিন নিয়ম করে বেলা এগারোটা থেকে দুপুর একটা পর্যন্ত ওয়ার্ডবাসীকে বিভিন্ন পরিষেবা দেন সুজিত। বিভিন্ন সার্টিফিকেট প্রদানের পাশাপাশি বিভিন্ন সমস্যার কথা শোনেন। ওয়ার্ডের বাসিন্দারা জানান, একসময় ওয়ার্ডে ছিল সিপিএমের কাউন্সিলার, পরে বিজেপির। এঁরা পরিষেবা দিতেন না। অথচ রাস্তা, পানীয় জল, নিকাশি-সহ বিভিন্ন কাজের উদ্যোগ গ্রহণ করেছেন বর্তমান কাউন্সিলর।

কাউন্সিলরকে হাতের কাছেই পেয়ে খুশি বাসিন্দারা। সুজিত বলেন, মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় উন্নয়নের জোয়ার চলছে। ঝাঁ-চকচকে এসি অফিসে বসে কাজ করলে দলের লোকেরাই আসবে, সাধারণ মানুষ আসবে না। তাই গাছতলা বেছে নিয়েছেন। এলাকার কিছু সমস্যা মেটাতে পারলেও, এখনও বহু কাজ বাকি। গাছতলায় কাজ করার সুবিধা হল, সবার সঙ্গে নিয়মিত দেখা হয়। পাশাপাশি তাঁরা বিভিন্ন সমস্যার কথা জানান। শুনে সমাধানের চেষ্টা চলে। সুজিতের বক্তব্য, কাজ করার মানসিকতা থাকলে যে কোনও জায়গায় বসে করা যায়।

আমার বাংলা
14 August, 2025 • Thursday • Page 8 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

# ১ কোটির বেশি ব্যয়ে জেলার ২৩ জীর্ণ সেতু এক মাসেই সংস্কারের উদ্যোগ সেচ দফতরের

তুহিনশুভ্র আগুয়ান ● তমলুক

পূর্ব মেদিনীপুর

পূর্ব মেদিনীপুর জেলায় অবস্থিত কাঠ ও বাঁশের বেশ কয়েকটি জীর্ণ সেতু সংস্কারের উদ্যোগ নিল সেচ ও জলপথ দফতর। ইতিমধ্যে এই সমস্ত সেতু সংস্কারের জন্য অনলাইন টেন্ডারের প্রক্রিয়াও শুরু হয়ে গিয়েছে। প্রতিটি সেতু সংস্কারে ৩০ দিনের সময়সীমা ধার্য করা হয়েছে বলে সেচ দফতর সূত্রে জানা গিয়েছে। সম্প্রতি জেলার জীর্ণ সেতুগুলির স্বাস্থ্যপরীক্ষা করে যায় টেকনিক্যাল এক্সপার্ট টিম। যেখানে প্রাথমিকভাবে ৫০টি ভগ্নপ্রায় সেতু চিহ্নিত করা হলেও প্রথম পর্যায়ে তাদের ইস্ট সাবডিভিশনের ২৩টি সেতু সংস্কারের উদ্যোগ নিয়েছে সেচ দফতর। এর জন্য বরাদ্দ করা হয়েছে মোট ১ কোটি ৮ লক্ষ ১৬ হাজার ১৪০ টাকা। এই ২৩টি সেতুর মধ্যে সবথেকে বেশি সেতু রয়েছে মহিষাদল ব্লকে। এই ব্লকের ৭টি সেতু সংস্কার করা হবে। যার মধ্যে ৫টি হিজলি টাইডাল ক্যানেল এবং একটি তেঁতুলবেড়িয়া ও আরেকটি ভোলসরা খালের উপর। এছাড়াও শহিদ মাতঙ্গিনী ব্লকের গঙ্গাখালি খালের উপর অবস্থিত একটি সেতুরও সংস্কার করা হবে। পাঁশকুড়া ব্লকে মেদিনীপুর খালের উপরেও একটি সেতু সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়াও এই তালিকায় আরও দুটি সেতু রয়েছে ময়না এবং সবং ব্লকের চণ্ডীয়া নদীর উপর। কোলাঘাট ব্লকের জয়গোপাল, মুরাইল, টোপা, দেহাটি, দেনান, খারিচক এলাকার মোট ১২টি সেতু সংস্কার করা হবে। জানা গিয়েছে, দীর্ঘদিন ধরে এই সেতুগুলি বেহাল। একাধিকবার এই সেতুগুলিতে দুর্ঘটনা পর্যন্ত ঘটেছে। স্থানীয় প্রশাসনের কর্তাব্যক্তিরা সংশ্লিষ্ট দফতরে তা জানিয়েও দিয়েছেন। তারই ফল স্বরূপ সেচ দফতরের এই উদ্যোগ। এই সমস্ত সেতু সংস্কারের জন্য দিন দশেকের মধ্যেই ওয়ার্ক অর্ডার দেওয়া হবে বলে সেচ ও জলপথ দফতর সূত্রে খবর। সেচ দফতরের আধিকারিক দেবব্রত সরকার বলেন, অতি দ্রুত এই সমস্ত সেতু সংস্কারের কাজ শুরু করা হবে। বর্তমানে ২৩টি কাঠের সেতু সংস্কার হবে। জানা গিয়েছে, এই সমস্ত সেতু সংস্কারের জন্য একাধিকবার প্রশাসনের কাছে আর্জি জানিয়েছেন এলাকার বিধায়ক, পঞ্চায়েত প্রধান-সহ জনপ্রতিনিধিরা। তার ফলেই সেচ দফতরের তরফে এক্সপার্ট টিম ওই সব সেতু ঘুরে দেখে যায়। তাদের রিপোর্টের ভিত্তিতেই এবার সেতুগুলি সংস্কার হতে চলেছে। এই বিষয়ে সেচমন্ত্রী মানস ভুঁইয়া বলেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশমতো সাধারণ মানুষের দীর্ঘদিনের সমস্যার কথা মাথায় রেখে এই সব কাঠের ব্রিজ সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। এতে এলাকার মানুষজন দীর্ঘদিনের সমস্যা থেকে রেহাই পাবেন। দ্রুত এই ব্রিজগুলি সংস্কারের নির্দেশ দেওয়া হয়েছে।


■ পূর্ব মেদিনীপুর জেলার প্রশাসনিক ভবন।

## নেটে দেশের সেরা নীলুফারকে সংবর্ধনা



■ সংবর্ধিত করছেন মন্ত্রী স্বপন দেবনাথ।

**সংবাদদাতা, পূর্ব বর্ধমান :** গ্রামবাংলার গর্ব, সর্বভারতীয় নেট পরীক্ষায় প্রথম স্থান পাওয়া নীলুফার ইয়াসমিনকে তাঁর ছাত্রাবাসে গিয়ে সংবর্ধনা জানালেন মন্ত্রী স্বপন দেবনাথ। বুধবার তৃণমূল মুখপাত্র প্রসেনজিৎ দাসের পারিবারিক স্মরণসভায় যোগ দিতে শহরে আসেন মন্ত্রী। সেখান থেকে সোজা গার্গী হোস্টেলে যান। সঙ্গে ছিলেন রাসবিহারী হালদার, আমিরুল ইসলামের মতো যুব, ছাত্রনেতারা। নীলুফার জানান, অভিনন্দন জানাবার পাশাপাশি ১৬ অগাস্ট কবিতা উৎসবে তাঁকে আমন্ত্রণ জানিয়েছেন মন্ত্রী। সেখানে গান গাইবেন নীলুফার। মন্ত্রীর এই সৌজন্যে তিনি আপ্লুত। মন্ত্রী স্বপন দেবনাথ জানান, আগে ফোনে কথা হয়েছিল। ইউজিসি নেটে সর্বভারতীয় স্তরে প্রথম স্থান পাওয়া খুবই গর্বের। ওঁর সাফল্য কামনা করি।

## দুই দুর্ঘটনায় মৃত ৩

**সংবাদদাতা, বর্ধমান :** জামালপুরে পৃথক দুটি পথ দুর্ঘটনায় মৃত্যু হল ৩ জনের, আহত হন ১ জন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গতকাল একটি অনুষ্ঠান শেষে তিন বন্ধু মিলে শক্তিগড় থেকে বাইকে ১৯ নম্বর জাতীয় সড়ক ধরে ফেরার পথে কলকাতাগামী লেনে জামালপুরের মসুন্ডা এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনায় পড়ে। গুরুতর আহত তিনজনকে জামালপুর থানার পুলিশ উদ্ধার করে বর্ধমান মেডিক্যালে নিয়ে গেলে শিবাজিৎ হাঁসদা ও অরিন্দম মুর্মুকে চিকিৎসক মৃত ঘোষণা করেন। চিকিৎসাধীন আর এক বন্ধু হিমাংশু হেমব্রম। অন্যদিকে, ১৯ নম্বর জাতীয় সড়কের সার্ভিস রোডে অন্য একটি পথ দুর্ঘটনায় মৃত্যু হয় আরও একজনের। সাইকেল চালিয়ে জৌগ্রামের দিকে যাওয়ার সময় জৌগ্রাম এলাকায় একটি ট্রাকের ধাক্কায় মৃত্যু হয় জামালপুরের ধুলুক এলাকার মোসলেম মল্লিকের। ইতিমধ্যেই পুলিশ ঘাতক ট্রাকটিকে আটক করেছে।

## দুশো কেজি বাজি নষ্ট

**সংবাদদাতা, পটাশপুর :** নিষিদ্ধ বাজি নিয়ে সক্রিয় হয়েছে পুলিশ। ইতিমধ্যে পূর্ব মেদিনীপুর জেলার বিভিন্ন থানা এলাকায় অভিযান চালিয়ে ব্যাপক পরিমাণ বাজি উদ্ধার হয়েছে। গত কয়েক মাসে পটাশপুর থানা এলাকায় উদ্ধার হওয়া প্রায় ২০০ কেজি নিষিদ্ধ বাজি এবার নিষ্ক্রিয় করল পুলিশ। বুধবার পটাশপুর থানার কনকপুরে এই সমস্ত বাজি নিষ্ক্রিয় করা হয়। বাজি নিষ্ক্রিয়ের জন্য এলাকায় অগ্নি নির্বাপণ ব্যবস্থাও ছিল পর্যাপ্ত পরিমাণে। পটাশপুরের ওসি সুরজ আশ বলেন, এই সমস্ত বাজি গত কয়েক মাসে উদ্ধার হয়েছিল। তা আজ নিষ্ক্রিয় করা হল।

## নিয়ম না মেনে চলা বালির ঘাট বন্ধ করতে অতর্কিতে অভিযান চালালেন জেলাশাসক

**সংবাদদাতা, সিউড়ি :** নিয়ম বহির্ভূতভাবে চলা বালির ঘাট বন্ধ করতে অতর্কিতে অভিযান চালালেন বীরভূমের জেলাশাসক। নানুরের প্রতাপপুর চক, পালিতপুর, নানুর, এইসব এলাকায় অজয় নদের উপর প্রশাসনকে ফাঁকি দিয়ে এক শ্রেণির অসাধু ব্যবসায়ী রাতের অন্ধকারে নৌকা নামিয়ে নদীগর্ভ থেকে বালি তুলছিল গোপন সূত্রে এমন খবর আসে বীরভূমের জেলাশাসক বিধান রায়ের কাছে। মধ্যরাতে প্রশাসনিক কর্তাব্যক্তিদের নিয়ে একের পর এক বেআইনি বালিঘাটে অভিযান চালান খোদ জেলাশাসক। তাতেই আসে বড়সড় সাফল্য। উদ্ধার হয় বালি ভর্তি ১৯টি ডাম্পার, দুটি ইলেকট্রিক বোট এবং নদীগর্ভ থেকে তোলার জন্য ব্যবহৃত পাম্প মেশিন। নানুরের বিডিও, বোলপুরের মহকুমা শাসককে জেলাশাসক নির্দেশ দেন, এরপরে এভাবে কোনও অসাধু ব্যবসায়ী যেন বালি তুলতে না পারে সেদিকে কড়া নজর দিতে হবে। জেলাশাসক জানান, রাজ্য সরকারের নিয়ম অনুযায়ী বর্ষাকালের তিন মাস কোনওভাবেই নদী থেকে বালি তোলা যায় না। সেই নির্দেশ উপেক্ষা করে কারা এই বালি তুলছিল সে বিষয়ে তদন্ত শুরু হয়েছে। ইতিমধ্যে বালি তোলার সরঞ্জাম-সহ বেশ কয়েকটি গাড়ি বাজেয়াপ্ত করা হয়েছে। তাঁর কড়া নির্দেশ, জেলার কোথাও এভাবে বালি তোলা হলে দোষীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ করা হবে।


■ প্রতাপপুর চকে অভিযান জেলাশাসকের।

## আজ থেকে চালু হচ্ছে জেলা পরিষদের মা অন্নপূর্ণা ক্যান্টিন

**সংবাদদাতা, বর্ধমান :** পূর্ব বর্ধমান জেলা পরিষদের উদ্যোগে আজ, বৃহস্পতিবার থেকে চালু হচ্ছে মা অন্নপূর্ণা ক্যান্টিন প্রতিদিন ১০০ জনকে মাত্র ৫ টাকায় খাওয়ানো হবে ভাত, ডাল, সবজি এবং একটি করে ডিম। পূর্ব বর্ধমানের জেলা সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার জানান, মা ক্যান্টিনের মতোই এই মা অন্নপূর্ণা ক্যান্টিন চালু করলাম। তিনি জানান, প্রতিদিন জেলা পরিষদ এবং আদালত চত্বরে বহু মানুষ আসেন। এঁদের মধ্যে অনেকেই দারিদ্রসীমার নিচে বসবাস করায় তাঁদের হোটেলে খাওয়ার মতো পরিস্থিতি থাকে না। মূলত তাঁদের কথা ভেবেই মা অন্নপূর্ণা ক্যান্টিন চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিদিন ১০০ জনকে কুপনের মাধ্যমে খাবার দেওয়া হবে। সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত এই কুপন আগে এলে আগে সুযোগের ভিত্তিতে দেওয়া হবে। এ ব্যাপারে জেলা পরিষদ মাথা পিছু ২৫ টাকা করে বরাদ্দ করেছে। যার মধ্যে ৫ টাকা কুপন থেকে আসলেও ভর্তুকি দিতে হবে মাথা-পিছু ২০ টাকা করে। একটি সংস্থাকে টেন্ডার দেওয়া হয়েছে। উল্লেখ্য, এই জেলা পরিষদ বোর্ডের দ্বিতীয় বর্ষ পূর্তিতে রক্তদান, স্বাস্থ্যপরীক্ষার পাশাপাশি মা অন্নপূর্ণা ক্যান্টিন উদ্বোধনের পাশাপাশি চালু হচ্ছে জেলা পরিষদের বন্ধ থাকা প্রিন্টিং প্রেসেরও। প্রিন্টিং প্রেসে নতুন সংযোজন ফ্লেক্স তৈরির মেশিন। জেলা পরিষদের মেন্টর মহম্মদ ইসমাইল জানান, ১৩০ বোতল রক্ত সংগ্রহের লক্ষ্যমাত্রা আছে।

# ইংলিশ চ্যানেল জিতে ফিরলেন আফরিন, উচ্ছ্বসিত শহর

মেদিনীপুর

**সংবাদদাতা, মেদিনীপুর :** মাত্র ২১ বছর বয়সে ইংলিশ চ্যানেল পার করে মেদিনীপুর ফিরলেন সাঁতারু আফরিন জাবি। হুড খোলা গাড়িতে তাঁকে নিয়ে শোভাযাত্রা বের করে মেদিনীপুর সুইমিং ক্লাব। তাঁকে ঘিরে উচ্ছ্বাসে ফেটে পড়ল শহর। এই প্রথম পশ্চিম মেদিনীপুর জেলার কোনও সাঁতারু ইতিহাসের সাক্ষী থাকলেন। মেদিনীপুর সুইমিং ক্লাবে নিয়মিত প্র্যাকটিস করতেন দেওয়ান নগরের বাসিন্দা আফরিন জাবি। ইতিমধ্যে জাতীয় স্তরে একাধিক পুরস্কার পেয়েছেন তিনি। ক্লাবের এক কর্তা জানান, এর আগে বহরমপুরে গঙ্গাবক্ষে পৃথিবীর দীর্ঘতম ৮১ কিলোমিটার সফলভাবে সাঁতরেছেন তিনি। এবার ইংলিশ চ্যানেল পার হওয়া রীতিমতো গর্বের বিষয়। তবে ইংলিশ চ্যানেল জয় করেই সন্তুষ্ট থাকতে রাজি নন আফরিন। আপাতত ক'দিন বিশ্রাম নিয়ে নতুন চ্যালেঞ্জের প্রস্তুতি শুরু করতে চান। ১৩ ঘণ্টা ৪৫ মিনিট সময় নিয়ে ইংলিশ চ্যানেল পার করে মেদিনীপুরবাসী হিসেবে রেকর্ড গড়েছেন। ছোটবেলায় মেদিনীপুর সুইমিং ক্লাবেই সাঁতারে হাতখড়ি তাঁর। অদম্য জেদ ও সাহসের উপর ভর করে সাফল্য পেয়েছেন। বুধবার খড়্গপুরের হিজলি রেল স্টেশনে পা রাখেন আফরিন। সেখানে তাঁকে ক্লাবের তরফে সংবর্ধনা জানানো হয়। বিকেলে সুসজ্জিত শোভাযাত্রায় মেদিনীপুর শহরের রিং রোড পরিক্রমা করেন। আফরিন বলেন, ভয় ছিল, উৎসাহও ছিল। এর আগে কোনওদিন সমুদ্রে সাঁতার কাটিনি। যা ভেবেছিলাম তার থেকে অনেক বেশি কিছু শিখতে পেরেছি। ওখানকার আবহাওয়া এতটাই খারাপ ছিল, শেষ এক কিলোমিটার আমাকে ৪ থেকে ৫ ঘণ্টা একই জায়গায় ঘুরতে হয়েছে। চারবার জেলিফিশের দল আক্রমণ করেছে। এই সাফল্য উৎসর্গ করেন তাঁর সাঁতার প্রশিক্ষকদের। এই সাফল্যের পেছনে মা-বাবার অবদান অনস্বীকার্য জানিয়ে আফরিন বলেন, পরবর্তী বছর জিব্রাল্টার পেরোনোর প্রস্তুতি নেব। তারপর সাঁতারের ম্যারাথন অলিম্পিকে যোগ দেব।


■ নিজের শহরে ফিরে গাড়িতে পরিক্রমায় আফরিন। সঙ্গে মা-বাবা। বুধবার।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

আমার বাংলা

১৪ অগাস্ট ২০২৫ বৃহস্পতিবার

14 August, 2025 • Thursday • Page 9 || Website - www.jagobangla.in



রায়নার পর এবার আউশগ্রাম ২ ব্লকের রামনগর পঞ্চায়েতের ভুঁয়েরা বটতলার জঙ্গল লাগোয়া রাস্তার ধার থেকে তাজা দুটি বোমা উদ্ধার করল বুধবার টহলদারি পুলিশ। সিআইডির বম্ব ডিস্পোজাল স্কোয়াড বোমা দুটি নিষ্ক্রিয় করে

# জনপ্লাবন ১০ ঘণ্টার মধ্যেই মোক্ষম জবাব দিল গদ্দারকে



■ তৃণমূলের মিছিলে জনজোয়ার। রয়েছেন দেবাংশু ভট্টাচার্য, নরেন্দ্রনাথ চক্রবর্তী প্রমুখ।

**সংবাদদাতা, পাণ্ডবেশ্বর :** গদ্দার অধিকারীর মিছিলের ১০ ঘণ্টার মধ্যেই পাণ্ডবেশ্বরের গোগলা অঞ্চলে প্রায় ১২ হাজার মানুষের মিছিল করে তাঁর মুখের উপর মোক্ষম জবাব ছুঁড়ে দিলেন পাণ্ডবেশ্বর বিধানসভা এলাকার তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। পানশিউলি স্কুল মোড় থেকে মন্দারমণি কোলিয়ারি পর্যন্ত এই মহামিছিলটিতে কার্যত জনপ্লাবন দেখা গেল বুধবার। মিছিলে হাঁটলেন তৃণমূল আইটি সেলের দায়িত্বে থাকা জননেতা দেবাংশু ভট্টাচার্য, বিধায়ক ও জেলা তৃণমূল সভাপতি নরেন্দ্রনাথ চক্রবর্তী, পাণ্ডবেশ্বর ২ ব্লক তৃণমূল সভাপতি কিরীটী মুখোপাধ্যায়, শতদীপ ঘটক-সহ পাণ্ডবেশ্বর বিধানসভা এলাকার তৃণমূল নেতৃত্ব। মিছিলে পায়ে পা মেলান হাজার হাজার সাধারণ মানুষ ও দলের কর্মী-সমর্থকেরা।

# ইএসআই হাসপাতাল নিয়ে কেন্দ্রকে তুলোধোনা করলেন মন্ত্রী ও সাংসদ



■ মঞ্চে মন্ত্রী মলয় ঘটক, সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, জেলাশাসক পূর্ণেন্দু মাজি, এসপি সৌম্যদীপ ভট্টাচার্য, হলদিয়া উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান জ্যোতির্ময় কর প্রমুখ।

**সংবাদদাতা, হলদিয়া :** হলদিয়ায় ইএসআই হাসপাতাল গড়ার দাবি নিয়ে দীর্ঘ প্রায় দু'দশক ধরে আন্দোলন করে চলেছেন শিল্পশহর হলদিয়ার শ্রমিকরা। বছরখানেক আগে এই হাসপাতাল তৈরির অনুমোদন দেয় কেন্দ্রের ইএসআই কর্পোরেশন। হলদিয়া পুরসভার ২১ নং ওয়ার্ডে প্রায় ১০০ কোটি টাকায় তৈরি হয়ে গিয়েছে নতুন ইএসআই হাসপাতাল। কিন্তু সেই হাসপাতাল চালু হওয়া নিয়ে চলছে কেন্দ্রের গড়িমসি। সম্পূর্ণ হাসপাতালটি সম্পূর্ণভাবে তৈরি থাকলেও এখনও পর্যন্ত চালুর বিষয়ে রাজ্যকে ছাড়পত্রই দেয়নি কেন্দ্রীয় সরকার। আর তাই নিয়ে এবার কেন্দ্রকে তুলোধোনা করলেন তৃণমূলের মন্ত্রী ও সাংসদ। বুধবার হলদিয়া শিল্পশহরে রাজ্য শ্রম দফতরের উদ্যোগে সমস্ত কারখানার প্রতিনিধি ও শ্রমিকদের নিয়ে পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন রাজ্যের শ্রমমন্ত্রী মলয় ঘটক ও সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। শ্রমিকদের দীর্ঘদিনের ইএসআই হাসপাতালের দাবির বিষয় নিয়ে কেন্দ্রীয় সরকারকে তুলোধোনা করে শ্রমমন্ত্রী মলয় ঘটক বলেন, এই ইএসআই হাসপাতাল তৈরির জন্য আমরা রাজ্য সরকারের তরফে জমি দিয়েছিলাম। সেই হাসপাতাল এখন প্রস্তুত। কিন্তু কীভাবে বাধা দেওয়া এবং দেরি করানো যায় সেই চেষ্টা করে যাচ্ছে কেন্দ্র। রাজ্য সরকারকে এখনও পর্যন্ত হস্তান্তর করছে না তারা। এই হাসপাতালের জন্য আমাদের ডাক্তার এবং নার্স নেওয়া হয়ে গিয়েছে। বর্তমানে পশ্চিমবঙ্গের সব প্রাপ্য টাকা কেন্দ্র আটকে রাখছে। উল্লেখ্য, হলদিয়া ছাড়া শিলিগুড়িতেও ইএসআই হাসপাতাল কেন্দ্রের হস্তান্তরের গড়িমসিতে একইভাবে চালু হয়নি। ফলে শ্রমিকদের কয়েকশো কিলোমিটার দূরে উলুবেড়িয়া কিংবা জোকায় যেতে হচ্ছে। বর্তমানে হলদিয়ায় ২৫ হাজার ইএসআই কার্ড হোল্ডার রয়েছেন। হাসপাতাল নিয়ে সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বলেন, রাজ্য সরকার চালাতে চেয়েছে এই হাসপাতাল। কিন্তু কোনওভাবেই হস্তান্তর করা হচ্ছে না। আগামী বৃহস্পতিবার আমি এই নিয়ে সংসদে প্রশ্ন করব। শুনছি কেন্দ্র নাকি এখন এটা দিতে চাইছে না। মূলত বাংলায় বিজেপি জিততে না পারার ফ্রাস্টেশন থেকে। ২৬ সালে বাংলার মানুষ বিজেপিকে এমন উত্তর দেবে যে ওরা আসল জবাব পেয়ে যাবে। বুধবারের এই পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সভায় মূলত শ্রমিকদের সেফটি বিষয়ে জোর দেওয়ার পাশাপাশি শিল্প কারখানা হ্যাজার্ড আইডেন্টিফিকেশন, সেফটি ট্রেনিং এবং ইনসিডেন্ট ইনভেস্টিগেশনের ওপর জোর দেওয়া হয়। এছাড়াও ইমারজেন্সি রেসপন্স টিম রাখার জন্য কারখানাগুলিকে নির্দেশ দেওয়া হয়। মন্ত্রী ও সাংসদদের পাশাপাশি উপস্থিত ছিলেন জেলাশাসক পূর্ণেন্দু মাজি, পুলিশ সুপার সৌম্যদীপ ভট্টাচার্য, হলদিয়া উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান জ্যোতির্ময় কর, সিইও সুধীর কোন্থাম-সহ অন্যরা।

# আরও ২৭ ডায়াগনস্টিক সেন্টারকে বন্ধের নির্দেশ জেলা স্বাস্থ্য দফতরের

**সংবাদদাতা, কাঁথি :** গত মাসে নন্দীগ্রাম, চণ্ডীপুর ও হেঁড়িয়া এলাকার ২২টি অবৈধ ডায়াগনস্টিক সেন্টার বন্ধের নির্দেশ দিয়েছিল জেলা স্বাস্থ্য দফতর। এবার ফের ২৭টি অবৈধ ডায়াগনস্টিক সেন্টারকে বন্ধের নোটিশ পাঠাল তারা। বুধবার এই সব ডায়াগনস্টিক সেন্টারের কাছে বন্ধের নোটিশের পাশাপাশি শোকজ লেটার পাঠানো হয়েছে। আগামী সাতদিনের মধ্যে তাদের শোকজের উত্তর দিতে হবে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কাছে। জানা গিয়েছে, এই ২৭টি ডায়গনস্টিক সেন্টার মূলত নাচিন্দা, মারিশদা এবং কাঁথি স্কুল বাজার এলাকায় অবস্থিত। নন্দীগ্রাম স্বাস্থ্যজেলার ১১টি ব্লক এবং একটি পুরসভা এলাকায় বৈধ ডায়াগনস্টিক সেন্টারের সংখ্যা ১৩৬টি। তবে সম্প্রতি এর বাইরেও বড় বড় হোর্ডিং লাগিয়ে একাধিক অবৈধ ডায়াগনস্টিক সেন্টার গজিয়ে ওঠে। মাসখানেক আগে জেলাশাসকের নেতৃত্বে তমলুকে বৈঠকের পর নন্দীগ্রাম স্বাস্থ্যজেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক অসিতকুমার দেওয়ানের নেতৃত্বে মনিটরিং কমিটি গঠিত হয়। সেই কমিটি বিভিন্ন ব্লকের ডায়াগনস্টিক সেন্টারগুলি পরিদর্শন করে একাধিক গরমিল খুঁজে পায়। সেইমতো ফের ২৭টি ডায়াগনস্টিক সেন্টারের কাছে ক্লোজার নোটিশ পাঠানো হয়েছে। এই সমস্ত ডায়াগনস্টিক সেন্টারের অধিকাংশের ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট লাইসেন্স নেই। এমনকী যে-ক'টির লাইসেন্স রয়েছে তাদেরও বৈধ সময়সীমা পেরিয়ে গিয়েছে। এছাড়াও একাধিক ডায়াগনস্টিক সেন্টারের বায়োমেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট লাইসেন্সই নেই। ফলে তাদের অবিলম্বে সেন্টার বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে। সব মিলিয়ে এই নিয়ে জেলায় মোট ৪৯টি ডায়াগনস্টিক সেন্টার বন্ধ করা হল। আর এরপরেই জেলা স্বাস্থ্য মহলে শোরগোল পড়ে গিয়েছে। নন্দীগ্রাম স্বাস্থ্যজেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক অসিতকুমার দেওয়ান বলেন, সারা বছর ধরেই গোটা জেলায় এই অভিযান চলবে। ২৭টি ডায়গনস্টিক সেন্টারের কোনও বৈধ কাগজপত্র না থাকায় বন্ধ করে দেওয়ার নির্দেশ দিয়েছি।

**নন্দীগ্রাম**



## জেলায় জেলায় আমাদের পাড়া আমাদের সমাধান শিবির




■ পশ্চিম মেদিনীপুরের রামজীবনপুর ৭ নম্বর ওয়ার্ডে পুরপ্রধান কল্যাণ তিওয়ারি নাগরিকদের থেকে সমস্যার কথা শুনে সরকারি প্রতিনিধিদের উপস্থিতিতে দ্রুত সেইসব সমস্যার সমাধানের পথ বের করলেন।



■ ঝাড়গ্রামের সাঁকরাইল ব্লকে রঞ্জিতপুর প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত শিবিরে সকাল থেকেই এলাকাবাসীর ঢল নামল বুধবার। শিবির পরিদর্শন করেন পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুনু বেরা, মথুর মাহাত-সহ অন্যরা।



■ নদিয়ার চাপড়া ১ গ্রাম পঞ্চায়েতের ইসলামগঞ্জ হাই মাদ্রাসাতে চাপড়ার বিধায়ক রুকবানুর রহমান শিবিরে আসা তিনটি বুথের মানুষের সমস্যা শুনে সমাধানের চেষ্টা করেন।

## উদ্ধার রক্তাক্ত দেহ

**প্রতিবেদন :** বুধবার সকালে বড়বাজারের লজে উদ্ধার হয় বিহারের পবনকুমার দাসের রক্তাক্ত দেহ। কলকাতা মেডিক্যাল কলেজে নিয়ে গেলে মৃত ঘোষণা করা হয়। বড়বাজার থানার পুলিশ জিজ্ঞাসাবাদ শুরু করে জানতে পারে কলকাতায় কাজে এসেছিলেন। মঙ্গলবার রাতে মৃত যুবক মদের অর্ডার দিয়েছিলেন। ফলে সেই সময় ঘরে কারা ছিলেন, কী কাজ করতেন, তাও খতিয়ে দেখা হচ্ছে।

## বজ্রাঘাতে মৃত

**সংবাদদাতা, ডেবরা :** বুধবার দুপুরে পশ্চিম মেদিনীপুরের ডেবরায় বজ্রবিদ্যুৎ-সহ তুমুল বৃষ্টির মধ্যে মাঠে চাষের কাজের সময় বাজ পড়ে মৃত্যু হয় সুজন সরেনের (২৬)। বাড়ি ডেবরা ব্লকের ২ নং ভরতপুর গ্রাম পঞ্চায়েতের চকফতেউল্লা এলাকায়। আহত আরও একজন ডেবরা সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি।

## গোডাউনে হানা, লক্ষাধিক টাকার জিনিস উদ্ধার

**সংবাদদাতা, কোলাঘাট :** গোপন সূত্রে খবর পেয়ে মঙ্গলবার রাতে কোলাঘাট থানার হাকোলায় একটি গোডাউনে অভিযান চালিয়ে লক্ষাধিক টাকার অবৈধ জিনিসপত্র উদ্ধার করে জেলা পুলিশের ডিইবি। অভিযানে মোট ৩টি ট্র্যাক্টর এছাড়াও একটি জেসিবি, ৩০০০ ঘন ফুট কয়লা, ২০০ লিটার কেরোসিন এবং বিটুমিন উদ্ধার হয়েছে। পাঁচটি পাম্প এবং পাঁচটি জেনারেটর উদ্ধার হয়েছে। পুলিশ সূত্রে খবর, সুরজিৎ ঘোড়ার এই গোডাউনে বিটুমিন এবং তেলে ভেজাল মেশানো হত। জেলা পুলিশের ডিএসপি (ডিইবি) শান্তব্রত চন্দ্র বলেন, গোডাউন মালিকের খোঁজ চালাচ্ছি। এমন অভিযান ভবিষ্যতেও চলবে।

# জাতীয় পরিবার সহায়তা : ১০৪ স্বামীহারাকে ৮৩ লক্ষ




**সংবাদদাতা, মেদিনীপুর :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় মেদিনীপুর পুর এলাকায় জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচির অন্তর্গত জাতীয় পরিবার সহায়তা প্রকল্পের আওতায় আর্থিক অনুদান প্রদান করা হল। এই প্রকল্পের মাধ্যমে স্বামী-হারানো মোট ১০৪ জন উপকারভোগীর প্রত্যেককে ৪০ হাজার করে মোট ৮৩ লক্ষ ২০ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়। উপস্থিত ছিলেন মেদিনীপুর পুরসভার চেয়ারম্যান সৌমেন খান-সহ অন্য কাউন্সিলররা।

আমার বাংলা
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
14 August, 2025 • Thursday • Page 10 || Website - www.jagobangla.in

## ভাসছে শিলিগুড়ি নদী পেরোতে গিয়ে তলিয়ে গেলেন প্রৌঢ়




**সংবাদদাতা, শিলিগুড়ি :** শিলিগুড়িতে লাগাতার ভারী বর্ষণে একাধিক জায়গায় জল জমে ক্ষতির সম্মুখীন হচ্ছেন শহরের বাসিন্দারা। বুধবার সকাল নাগাদ শিলিগুড়ি পুর নিগমের ৪৭ নম্বর ওয়ার্ডের অন্তর্গত পঞ্চানন নদী পার হতে গিয়ে স্রোতে ভেসে গিয়েছেন ৫৭ বছর বয়সী দশাই ওঁরাও। চাঁদমনণি চা-বাগান সংলগ্ন লাইনে এলাকার বাসিন্দা। বিকেল গড়ালেও খোঁজ পাওয়া যায়নি তাঁর। ইতিমধ্যেই পুর নিগমের ৪৭ নম্বর ওয়ার্ডের পঞ্চানন নদীতে বিপর্যয় মোকাবিলার টিমের তরফে বোট নামিয়ে চলছে তল্লাশি।



■ 'আমাদের পাড়া আমাদের সমাধান' কর্মসূচির অগ্রগতি ও বাস্তবায়ন নিয়ে এক আলোচনাসভা বসল, শিলিগুড়ির সার্কিট হাউসে। মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী ছাড়াও ছিলেন জেলাশাসক, বিডিও ও অন্য আধিকারিকরা। ভার্চুয়ালি উপস্থিত ছিলেন মন্ত্রী সাবিনা ইয়াসমিন, মহকুমা পরিষদের সভাপতি।

## রায়গঞ্জে তেরঙা মিষ্টি


**সংবাদদাতা, রায়গঞ্জ :** স্বাধীনতা দিবসের আগে তিনরঙা মিষ্টিতে সেজেছে দোকান। গেরুয়া, সাদা ও সবুজ এই মিষ্টি কিনতে ভিড় করছেন ক্রেতারা। স্বাধীনতা দিবসের আগে শহরের এফসিআই মোড়ের একটি দোকানে এই মিষ্টি বানিয়ে চমক দিচ্ছেন কারিগরিরা। এই মিষ্টি ইতিমধ্যেই শহরবাসীর কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে। দোকান কর্মী গৌতম দত্ত জানালেন, বছরের বিভিন্ন সময় তাঁরা নানা উৎসব ও স্মরণীয় দিনে বিভিন্ন মিষ্টি তৈরি করেন। স্বাধীনতা দিবস উপলক্ষে তাই স্বাস্থ্যসম্মত উপায়ে তৈরি করা হয়েছে এই মিষ্টি। ক্রেতারা জানান, এমন অভিনব মিষ্টি সচরাচর দেখা যায় না। দেখতে যেমন সুন্দর, তেমনি স্বাদেও সেরা।



# রাজ্য পুলিশেই আস্থা জানালেন অমরের মা

**সংবাদদাতা, কোচবিহার :** রাজ্য পুলিশের উপর আস্থা আছে। সিআইডি তদন্ত চাই। কোচবিহারের পুলিশ সুপারের সঙ্গে দেখা করে এমনটাই দাবি করলেন নিহত তৃণমূল কর্মী অমর রায়ের পঞ্চায়েত প্রধান মা। বুধবার তিনি সাগরদিঘির পাড়ে পুলিশ সুপারের অফিসে দেখা করেছেন। ছেলের খুনের বিচার চেয়ে কোচবিহার জেলা পুলিশ সুপারের দ্বারস্থ হয়েছিলেন ডাউয়াগুড়ি গ্রাম পঞ্চায়েতের তৃণমূল প্রধান কুন্তলা রায়। এদিন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্যের সঙ্গে এব্যাপারে কথা বলেছেন নিহত অমরের পরিবারের সদস্যরা। ডাউয়াগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান কুন্তলা বলেন, পুলিশের ওপরে আস্থা আছে। আমরা চাই এই খুনের ঘটনার সঠিক তদন্ত হোক ও দোষীদের শাস্তি হোক।

শনিবার কোচবিহারের ২ ব্লকের ডোড়েয়ারহাটে বাজার করতে এলে দিনদুপুরে অমরকে গুলি করে খুন করা হয়। তদন্তে নেমে পুন্ডিবাড়ি থানার পুলিশ অমরের সঙ্গী বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করেছে। দোষীরা এখনও অধরা। অবিলম্বে দোষীদের গ্রেফতারের দাবিতে ডাউয়াগুড়িতে দফায় দফায় প্রতিবাদ মিছিল করেছে তৃণমূল। অমরের বাড়িতেও গিয়েছেন তৃণমূল নেতৃত্ব।



## ভূতনির বাঁধ ভেঙে জল ঢোকা রাজনৈতিক ষড়যন্ত্র, দাবি সাবিত্রীর

**সংবাদদাতা, মালদহ :** নবনির্মিত বাঁধ কেটে ফুলহরের জল হু হু করে ভূতনিতে ঢুকছে। আর এই ঘটনায় রাজনৈতিক ষড়যন্ত্রের অভিযোগ তুলে সরব হলেন মানিকচকের তৃণমূল বিধায়ক সাবিত্রী মিত্র। তিনি বাঁধ কেটে হু হু করে জল ঢোকার খবর পেয়ে বুধবার কাটা বাঁধের স্থান পরিদর্শনে যান। পরিদর্শনে গিয়ে তিনি ষড়যন্ত্র করে বাঁধ কাটার অভিযোগ করেন। স্থানীয় বাসিন্দারা গোটা ঘটনার সঠিক তদন্ত দাবি করেন। তদন্তের পক্ষে সায় দেন মানিকচকের বিধায়ক সাবিত্রী মিত্রও। সেই সঙ্গে তিনি বাঁধ কাটার ঘটনায় নাম না করে বিজেপি-সিপিএমের কড়া সমালোচনা করেন। ভূতনির বাঁধ ভেঙে প্লাবিত হয়েছে দক্ষিণ চণ্ডীপুরের একাধিক এলাকা। রাজ্য সরকার প্রতিরোধের চেষ্টা করলেও উদাসীন কেন্দ্রীয় সরকার। ভূতনির বাঁধ ইস্যুতে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা। যদিও গঙ্গাভাঙন প্রতিরোধে দীর্ঘ বাঁধ তৈরি করেছিল রাজ্য সেচ দফতর। দীর্ঘ ১৫ দিন মালদহে অতিরিক্ত বৃষ্টিপাত না হওয়ায় কীভাবে বাঁধ ভাঙল, তা নিয়ে প্রশ্ন তুলেছেন সাবিত্রী। বন্যা প্রতিরোধে যেমন তৎপর রাজ্য সরকার তেমনি স্থানীয় মানুষজনের দুঃখ দুর্দশা ঘোচাতে কাজ করে চলেছেন মানিকচক ব্লক প্রশাসন।



## কালিয়াগঞ্জ শিবির পরিদর্শনে অবজার্ভার সচিব রবিন্দর সিংহ

**সংবাদদাতা, কালিয়াগঞ্জ :** কালিয়াগঞ্জ, হেমতাবাদ-সহ জেলার একাধিক জায়গায় আমাদের পাড়া, আমাদের সমাধান শিবির পরিদর্শন করলেন অবজার্ভার রবীন্দর সিংহ। সঙ্গে ছিলেন জেলাশাসক সুরেন্দ্রকুমার মিনা, মহকুমাশাসক কিংশুক মাইতি প্রমুখ। কালিয়াগঞ্জ পুরসভা ও ব্লক প্রশাসনের উদ্যোগে আমাদের পাড়া আমাদের সমাধান শিবির চলছে। সেখানেই যান স্বনির্ভর ও স্বনিযুক্তি দফতরের প্রধান সচিব রবীন্দর সিংহ। এদিন প্রথমে রশিদপুর স্টেডিয়ামে শিবিরে আসেন তিনি। এরপর হরিহরপুর প্রাথমিক বিদ্যালয়ে ক্যাম্পেও যান। প্রবল বৃষ্টি উপেক্ষা করে এই শিবিরগুলিতে মানুষের উপস্থিতি ছিলো লক্ষণীয়। নিজেদের পাড়ার সমস্যা সমাধানে কোন কাজটি অগ্রাধিকারের ভিত্তিতে হবে তাও নিজেরাই জানান সাধারণ মানুষ।






## তৃণমূলে বিপুল যোগদান

**সংবাদদাতা, গোয়ালপোখর :** বিজেপির বিভেদের রাজনীতির বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে ও মানুষের জন্য কাজ করার লক্ষ্যে বিভিন্ন দল ছেড়ে তৃণমূলে যোগদান করলেন শতাধিক কর্মী-সমর্থক। বুধবার গোয়ালপোখর-১ ব্লকের গতি পঞ্চায়েতের ভেলাগাছি এলাকায় তৃণমূলে যোগ দিলেন প্রায় দেড়শো কর্মী-সমর্থক। যোগদানকারীদের হাতে তৃণমূলের পতাকা তুলে দেন মন্ত্রী গোলাম রব্বানি ও অন্য নেতারা।

## ছেলেকে বালিশ চাপা মায়ের

**সংবাদদাতা, মালদহ :** স্বামীর সঙ্গে বচসা হয়েছিল দিনকয়েক আগে। তার জেরে দুই বছরের শিশুসন্তানকে বালিশ চাপা দিয়ে খুন করল মা। খুনের পর বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করল নিজেও। মালদহের গাজোল থানার আহোড়ায়। মহিলার নাম জনকা মণ্ডল (২২)। স্বামীর গণেশ সরকার পেশায় বিদ্যুৎ দফতরের অস্থায়ী কর্মী। অভিযোগ দিন কয়েক আগে স্বামী খাওয়ার দিতে যাওয়ার সময় স্বামী-স্ত্রীর মধ্যে কোনও বিষয় নিয়ে বচসা হয়। তার জেরে ওই মহিলা তার দুই বছরের শিশু সন্তানকে বালিশ চাপা দিয়ে খুন করেন।

## বাংলা সিনেমার পাশে মুখ্যমন্ত্রী

(প্রথম পাতার পর)

আসে, কিছু বিনা প্রচারে। কিন্তু ব্যবসার দিক থেকে দেখলে দেখা যাবে, প্রচারবিহীন ছবিগুলিও ভাল ব্যবসা করেছে। সরকারের এই নতুন সিদ্ধান্তে বাংলা ছবি আরও উপকৃত হবে। মন্ত্রী ইন্দ্রনীল সেন বলেন, এই সিদ্ধান্ত সকলে একসঙ্গে বসে নিয়েছেন। সকলের উপকার হবে। মুখ্যমন্ত্রীর সিদ্ধান্তের কারণে বাংলা সিনেমার নবজাগরণ হল। অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত বলেন, ভাল ছবি দর্শকদের কাছ পৌঁছে দেওয়ার সকলের দায়িত্ব। এই বৈঠকের পর সকলে মিলে এই দায়িত্ব নিলাম। প্রযোজক শ্রীকান্ত মেহতা বলেন, ঐতিহাসিক সিদ্ধান্ত হয়েছে। এর ফলে বাংলা চলচ্চিত্র শিল্প উৎসাহিত হবে। বহু শিল্পী ও কলাকুশলী কাজের সুযোগ পাবেন, সিনেমাহল তৈরি হবে, আর ইন্ড্রাস্ট্রির পরিধি অনেক বাড়বে যা হবে অকল্পনীয়। দেশের কোনও সরকার এই সিদ্ধান্ত এর আগে নেয়নি। ফেডারেশনের পক্ষে স্বরূপ বিশ্বাস বলেন, বাম আমলে বছরে ১২০টি বাংলা ছবি চলত। এখন সেটা ৩৬৫টি হল। ফলে প্রেক্ষিতটাই বদলে গেল। পরিচালক অরিন্দম শীল বলেন, এই সিদ্ধান্ত বাংলা চলচ্চিত্রকে বিশাল ধাপে এগিয়ে নিয়ে গেল। আমাদের প্রত্যেকের দায়িত্ব বাড়ল। কর্মসংস্থান বাড়ল।

## জগন্নাথধামের চূড়ায় সোলার হ্যালো

(প্রথম পাতার পর)

দেখা যায়। বহু সময় সূর্য এবং চাঁদের ক্ষেত্রে এই রঙিন বৃত্ত দেখা গিয়েছে। লোকমুখে প্রচলিত, এই বৃত্ত যদি চাঁদের পাশে দেখা যায় তাহলে ঝড়-বন্যার মতো প্রাকৃতিক বিপর্যয় হতে পারে। সূর্যর ক্ষেত্রে এই বৃত্ত দেখা দিলে আবহাওয়া পরিবর্তনের সম্ভাবনা থাকে।

**আসলে কী :** জ্যোতির্বিজ্ঞানীদের বিশ্লেষণ হল, আকাশের উচ্চস্তরে বরফকণার মধ্য দিয়ে সূর্যালোক স্থানান্তরের সময় আলোর বিচ্ছুরণ ঘটার ফলেই তৈরি হয় এই সোলার হ্যালো। মূলত বৃত্ত আকৃতির হলেও আসলে এটি ষড়ভুজাকার। বিচ্ছুরণের সময় বৃত্তের আকৃতি ধারণ করে। তা থেকেই রামধনু বৃত্ত তৈরি হয়। এটি মূলত ২২ ডিগ্রি পর্যন্ত হতে পারে। দিঘা বিজ্ঞান কেন্দ্রের এডুকেশন অফিসার বিশ্বরূপ দাস বলেন, সূর্যের কাছে যখন আর্দ্রতার পরিমাণ বেশি থাকে তখন বরফের কুচি থেকে আলো পাস করায় এই বৃত্ত দেখা যায়। এটি মূলত একটি আলোকীয় ঘটনা। আলোর প্রতিসরণের ফলেই এমন ঘটনা দেখা যায়।

পুরীর জগন্নাথ মন্দিরের দেওয়ালে হুমকি-বার্তা। বুধবার সকালে মন্দিরের দক্ষিণদিকের পরিক্রমার পথে বুধি মা মন্দিরের দুটি দেওয়ালে এই হুমকি-বার্তা লেখা দেখতে পাওয়া গিয়েছে। একটিতে লেখা আছে, মন্দিরটি উড়িয়ে দেবে জঙ্গিরা। তদন্তে নেমেছে পুলিশ

## এই হল প্রধানমন্ত্রীর বারাণসী

# বিএইচইউ চত্বরে ছাত্রীর শ্লীলতাহানি

**প্রতিবেদন:** লজ্জা! প্রধানমন্ত্রী নির্বাচনী কেন্দ্রের মধ্যে ঐতিহ্যবাহী বেনারস হিন্দু ইউনিভার্সিটি ক্যাম্পাসের মধ্যেই শ্লীলতাহানির শিকার এক ছাত্রী। প্রচণ্ড মারধর করা হয় তাঁর বন্ধুদেরও। রাতে লাইব্রেরি থেকে পড়ে ফেরার সময়ই দুষ্কৃতীদের হাতে আক্রান্ত হন ওই ছাত্রী ও তাঁর পড়ুয়া বন্ধুরা। এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে তীব্র নিন্দা করেছে তৃণমূল। সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে এক্স হ্যান্ডলে বলা হয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নিজের নির্বাচনীকেন্দ্র বারাণসী এখন মহিলাদের কাছে রাতের আতঙ্ক।



এটা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। এভাবেই চলছে যোগীরাজ্যে নারীনির্যাতন। মাত্র দু'বছর আগেই এমনই এক ভয়াবহ ঘটনার সাক্ষী হয়েছিল বারাণসী। আইআইটি-বিএইচইউএর এক বিটেক পড়ুয়া শিকার হয়েছিলেন গণধর্ষণের। বন্দুক দেখিয়ে ভিডিও তুলেছিল ধর্ষণকারীরা। পরে জানা যায়, দুষ্কৃতীরা সকলেই বিজেপির আইটি সেলের সদস্য! এবারের ঘটনাতেও গেরুয়া বাহিনীর হাত রয়েছে বলে অভিযোগ উঠেছে বিভিন্ন মহলে। নিন্দার ঝড় উঠেছে সর্বত্র। কিন্তু এখনও পর্যন্ত গ্রেফতার করা হয়নি কাউকেই।

লজ্জার কথা, বিরোধী-শাসিত রাজ্যগুলি নিয়ে কথায় কথায় মিথ্যাচার করে বিজেপি। বদনামের অপচেষ্টা করে নিজেদের অপদার্থতা ঢাকতে। কিন্তু বিজেপি-শাসিত উত্তরপ্রদেশেই ভয়ের কালো ছায়ার মধ্যে মহিলাদের বসবাস করতে কি বাধ্য করছে না গেরুয়া শাসক?

# যোগীরাজ্যে এবার গণধর্ষণের শিকার হলেন মূক-বধির তরুণী

**প্রতিবেদন:** ভয়ঙ্কর যোগীরাজ্য। রেহাই পাচ্ছেন না বিশেষভাবে সক্ষম মহিলারাও। এবার উত্তরপ্রদেশের বলরামপুরে ২১ বছর বয়সি এক মূক-বধির তরুণীকে ধর্ষণের অভিযোগ উঠেছে বলে জানিয়েছে পুলিশ। একটি সিসিটিভি ক্যামেরায় ধরা পড়েছে নির্জন রাস্তায় নিজের প্রাণ বাঁচাতে দৌড়োচ্ছেন ওই তরুণী। কিন্তু কিছু বাইক আরোহী তাঁকে ধাওয়া করছে। সোমবার তরুণী তাঁর মামার বাড়ি থেকে হেঁটে বাড়ি ফিরছিলেন। সেই সময়ে এক বাইক আরোহী তাঁকে সেখানে থামিয়ে জোর করে বাইকে বসিয়ে নেন। অতিরিক্ত পুলিশ সুপার (এএসপি) বিশাল পান্ডে এই ঘটনা প্রসঙ্গে জানিয়েছেন, তরুণীকে একটি নির্জন স্থানে নিয়ে যাওয়া হয় এবং তাঁকে ধর্ষণ করা হয়। পরিবারের তরফে যদিও অভিযোগ করা হয়েছে তরুণী গণধর্ষণের শিকার হয়েছেন। পুলিশ দুই অভিযুক্ত অঙ্কুর ভার্মা এবং হর্ষিত পান্ডেকে গ্রেফতার করেছে। প্রসঙ্গত, পুলিশ সুপারের বাসভবনে লাগানো সিসিটিভি ফুটেজে দেখা গিয়েছে, তরুণী একটি নির্জন রাস্তা দিয়ে দৌড়ে যাচ্ছেন এবং বারবার পিছনে তাকাচ্ছেন। অজ্ঞাতপরিচয় কিছু পুরুষ তিন থেকে চারটি বাইকে করে তাঁকে ধাওয়া করছে।

## যৌক্তিকতা ও বাস্তবায়নের সম্ভাবনা নিয়ে সংশয়

# পথকুকুর-মুক্ত দিল্লি, সুপ্রিম নির্দেশের বিরুদ্ধে সমালোচনার ঝড় দেশ জুড়ে

**প্রতিবেদন:** রাজধানী দিল্লি এবং এনসি আরকে অবিলম্বে পথকুকুর মুক্ত করতে সুপ্রিম কোর্টের নির্দেশকে কেন্দ্র করে দেশ জুড়ে ঝড় উঠেছে সমালোচনার। প্রশ্ন উঠেছে এর যৌক্তিকতা নিয়েও। শুধু তাই নয়, বাস্তবে এই নির্দেশ কার্যকর করা আদৌ কতটা সম্ভব, প্রশ্ন উঠেছে তা নিয়েও। দেখা দিয়েছে সংশয়ও। এদিকে এই বিতর্কের আবহেই বুধবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি বি আর গাভাই বলেছেন, পথকুকুরদের নিয়ে নির্দেশ খতিয়ে দেখা হবে। সারমেয়দের নিয়মিত নির্বীজকরণ এবং টিকাদানের বিষয়টিও খতিয়ে দেখা হবে। এদিকে সারমেয়প্রেমীদের সঙ্গে এক বৈঠকে দিল্লির মেয়র আশ্বস্ত করেছেন প্রথম দিকে কেবলমাত্র সেইসব কুকুরকেই ধরা হবে যারা মানুষকে কামড়াচ্ছে, যাদের আক্রমণাত্মক আচরণ সংশোধন জরুরি। তবে দিল্লি পথকুকুর-মুক্ত করার বিষয়ে আরও গভীর হচ্ছে সংশয়। সুপ্রিম কোর্টের এই নির্দেশ পালন করতে হলে দিল্লি এবং লাগোয়া অঞ্চল থেকে অন্তত ৭ লক্ষ পথকুকুরকে ধরে পুনর্বাসন কেন্দ্রে



নিয়ে যেতে হবে। যার অর্থ দিল্লি সরকারকে অন্তত ১০০০ থেকে ২০০০ কেন্দ্রের ব্যবস্থা করতে হবে। কারণ, এত বিশাল সংখ্যায় পথকুকুর একজায়গায় থাকলে নিশ্চিতভাবেই তারা নিজেদের মধ্যে মারামারি করবে। সেই কারণেই পথকুকুরদের পুনর্বাসনের জন্য প্রথম ব্যবস্থা করতে হবে পর্যাপ্ত জমি। তারপরে রয়েছে পরিকাঠামো নির্মাণের কাজ। কেন্দ্রপিছু খরচ হবে অন্তত ৪ থেকে ৫ কোটি টাকা। এখানেই শেষ নয়, পুনবাসিত পথকুকুরদের জন্য নিয়োগ করতে হবে কেয়ারটেকার, ফিডার এবং ওয়াচম্যান। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে মাত্র ৮ সপ্তাহ সময়সীমার মধ্যে তা আদৌ সম্ভব হবে তো? সংশয়টা এখানেই। পশু অধিকার রক্ষা আন্দোলনের কর্মী মানেকা গান্ধীও চিহ্নিত করেছেন এই বিষয়গুলিকেই। তাঁর মতে যুক্তিপূর্ণ ভাবনাচিন্তার থেকে এই রায়ের ভিত্তি আসলে রাগ। কোনও অভিযোগের ভিত্তিতে নয়, আদালত এই মামলা করেছে স্বতঃপ্রণোদিত হয়ে। এটি একটি সুয়োমোটো মামলা। এক শিশুর মৃত্যুর ঘটনার বিষয়ে সংবাদপত্রে প্রকাশিত একটি অসত্য রিপোর্টের ভিত্তিতে এই নির্দেশ। সুপ্রিম নির্দেশের সমালোচনা করেছেন লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধীও। এক্স হ্যান্ডেলে তাঁর মন্তব্য, মানবিকতার পথ থেকে সরে এসে সুপ্রিম কোর্ট পথকুকুরদের নিয়ে এই নির্দেশ দিয়েছে। এই অবলা প্রাণীগুলিকে সমস্যা বলে দাগিয়ে দেওয়া যায় না। আশ্রয়স্থল, নির্বীজকরণ, টিকাদান এবং কমিউনিটি কেয়ারের মাধ্যমে নিষ্ঠুরতা ছাড়াই রাস্তাঘাট নিরাপদ রাখা সম্ভব। তৃণমূল সাংসদ অভিনেত্রী শতাব্দী রায়ের বক্তব্য খুবই স্পষ্ট। মানুষকেও বাঁচাতে হবে, কুকুরকেও বাঁচাতে হবে। রাস্তায় কুকুরের কারণে মানুষের সমস্যা মিথ্যে নয়। অনেক সময় দেখা গেছে কেউ প্রাতঃভ্রমণে গেলে কুকুর তাঁকে আক্রমণ করেছে, কেউ অসুস্থ হয়ে পড়েছে। আমার একটাই কথা, দিল্লিতে যেখানে এক লক্ষ কুকুরের থাকার জায়গা সেখানে দশ লক্ষ কুকুর কীভাবে থাকবে? আমি কোনও ভাবেই এই পদক্ষেপে বিশ্বাসী নই যেখানে কুকুরদের না খেতে পেয়ে মারা যেতে হবে। তার জন্য কেন্দ্র-রাজ্য সরকারের যা করার সেটা করা উচিত। প্রতিবাদের স্বর বলিউড শিল্পী জন আব্রাহাম, বরুণ ধাওয়ান, জাহ্নবী কাপুর, শালিনী পান্ডের গলাতেও।

**২৮০০ পথকুকুরকে হত্যা করে জৈবসার হিসাবে কবর দেওয়া হয়েছে। মিউনিসিপাল কাউন্সিলের প্রধান থাকার সময়ই তাঁর নেতৃত্বে চলছে এই বিশাল সংখ্যার কুকুর নিধন অভিযান। দেশে জুড়ে বিতর্কের মাঝেই অকপট স্বীকারোক্তি কর্নাটকের বিধান পরিষদের সদস্য এস এল ভোজেগৌড়ার।**

# জঙ্গিদের সঙ্গে গুলির লড়াইয়ে শহিদ জওয়ান

**প্রতিবেদন:** উত্তর কাশ্মীরের উরিতে জঙ্গিদের অনুপ্রবেশের চেষ্টা আটকাতে গিয়ে প্রাণ হারালেন ভারতীয় সেনার এক জওয়ান। বুধবার নিয়ন্ত্রণরেখা টপকে ভারতে অনুপ্রবেশের চেষ্টা করে কয়েক জন জঙ্গি। সেনার তৎপরতায় তা ব্যর্থ হয়। নিয়ন্ত্রণরেখা বরাবর একাধিক জঙ্গির সন্দেহজনক গতিবিধি সেনার নজরে আসে। গুলি বিনিময় হয় দু-পক্ষে।

# অমানুষ! রাখির পরেই বোনকে ধর্ষণ করে খুন

**প্রতিবেদন:** অমানুষ বললেও কম বলা হয়। যে দাদার হাতে রাখি বেঁধেছিল বোন, ১৪ বছরের সেই নাবালিকা বোনকেই ধর্ষণ করে খুন করল সেই জেঠতুতো দাদা। ঘটনাটি ঘটেছে উত্তরপ্রদেশের আউরইয়ায়। গত শনিবার। এই নৃশংস ঘটনায় আঁতকে উঠেছে গোটা দেশ। অভিযুক্ত ৩৩ বছরের যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

# দুর্যোগ মোকাবিলা খাতেও বাংলাকে বঞ্চনা কেন্দ্রের

**প্রতিবেদন:** পশ্চিমবঙ্গকে কীভাবে বারবার বঞ্চনা করছে কেন্দ্রীয় সরকার, আরও একবার তার প্রমাণ পেশ হল সংসদে। তৃণমূল কংগ্রেসের লোকসভার সাংসদ বাপী হালদার লিখিত প্রশ্নের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে জানতে চেয়েছিলেন ঘূর্ণিঝড়-সহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা খাতে পশ্চিমবঙ্গকে কত টাকা দিয়েছে কেন্দ্রীয় সরকার। এই প্রশ্নের জবাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই প্রথমেই দাবি করেন, প্রাকৃতিক দুর্যোগ সামাল দেওয়া রাজ্যের দায়িত্ব। এর পরেই তাঁর দাবি, ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফান্ড বা এনডিআরএফ খাতে রাজ্যকে দেওয়া হয়েছে ৮৪ কোটি ৭৭ লক্ষ টাকা। এই একই খাতে ত্রিপুরাকে দেওয়া হয়েছে ১৮৬ কোটি ৪০ লক্ষ টাকা। আবার একই খাতে উত্তরপ্রদেশ পেয়েছে প্রায় ১৭৩ কোটি টাকা। কেন বিজেপি-শাসিত রাজ্যগুলিকে এত বেশি টাকা দিয়ে পশ্চিমবঙ্গকে এত কম টাকা দেওয়া হয়েছে সেই বিষয় নিয়ে কোনও কথা বলেননি স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী। বেআব্রু হল প্রতিহিংসার রাজনীতি।

# স্বাধীনতা দিবসে রাজধানীর নিরাপত্তায় এআই প্রযুক্তি

সুদেষ্ণা ঘোষাল • দিল্লি

এবারের স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে গোটা দিল্লিকে কার্যত দুর্গে পরিণত করা হয়েছে। দিল্লির সর্বত্র থাকছে কড়া নিরাপত্তা বলয়। এবারই প্রথম লালকেল্লার নিরাপত্তায় আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স পদ্ধতির প্রয়োগ করা হচ্ছে। এই পদ্ধতির মধ্যে থাকছে ফেস রেকগনিশন এবং অ্যান্টি ইনট্রিউশন সিস্টেম। কড়া নিরাপত্তা বলয় ভেদ করে কেউ লালকেল্লায় অনুপ্রবেশ করতে চাইলে এই পদ্ধতিতে সব থেকে আগে অ্যালার্ট পৌঁছে যাবে পুলিশের কন্ট্রোল রুমে। এআই পদ্ধতির তৃতীয় স্তরে থাকছে নম্বর প্লেট রেকগনিশন সিস্টেম, যেখানে ভুয়ো নম্বর প্লেট-সহ কোনও গাড়ি পুলিশের নিরাপত্তা বলয় টপকানোর চেষ্টা করলে বাধাপ্রাপ্ত হবে প্রথমেই। দিল্লি পুলিশের ১০০০০ জাওয়ান ট্রাফিক পুলিশ ৩০০০ জাওয়ান এছাড়াও আধাসেনা, সেনার জাওয়ান, কমান্ডো এবং শার্প শুটার লালকেল্লার নিরাপত্তায় মোতায়েন করা হবে ১৫ অগাস্টের অনুষ্ঠানে। শুক্রবার সকালে লালকেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করবেন প্রধানমন্ত্রী।

উল্লেখ্য, পহেলগাঁওয়ের জঙ্গি হামলার পরে কেন্দ্রীয় সরকারের ব্যর্থতার মুখোশ খুলে গিয়েছে। বৈসরণ উপত্যকায় সরকারের ব্যর্থতার জেরেই প্রাণ হারিয়েছিলেন ২৬ জন



নিরীহ পর্যটক। এই ঘটনায় গোয়েন্দা ব্যর্থতার জেরে মুখ পুড়েছে গোটা দেশের। এর পরে বিরোধী শিবির থেকে শুরু করে প্রতিরক্ষা বিশেষজ্ঞরা সবাই কেন্দ্রীয় সরকারকে নিশানা করেছে। এই আবহে ১৫ অগাস্ট লালকেল্লার নিরাপত্তা নিয়ে কোনও ঝুঁকি নিতে চাইছে না কেন্দ্রীয় সরকার। কোনওভাবেই যাতে কোনও ধরনের নাশকতার ঘটনা না ঘটতে পারে তা নিশ্চিত করার জন্য ১৭ অগাস্ট পর্যন্ত দিল্লির আকাশে সব ধরনের ড্রোন ওড়া নিষিদ্ধ করা হয়েছে। এর পাশাপাশি লালকেল্লা জুড়ে থাকছে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা যেখানে দিল্লি পুলিশের পাশাপাশি আধা সেনা ও সেনা জওয়ানরাও নিরাপত্তার দায়িত্বে মোতায়েন থাকবেন। সূত্রের দাবি, লালকেল্লার বিভিন্ন প্রান্তে মোতায়েন থাকছে শার্প শুটাররাও। দিল্লিতে সরকারি সূত্রের দাবি, এবারের স্বাধীনতা দিবস অনুষ্ঠানে ভারতীয় সেনাকে বিশেষ সম্মান জানানো হবে। লালকেল্লায় থাকবে বিশেষ অপারেশন সিঁদুর স্মারক পতাকা।

# দেশ বিদেশ

14 August, 2025 • Thursday • Page 12 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

দক্ষিণ কোরিয়ার প্রাক্তন ফার্স্ট লেডি কিম কোয়েন গ্রেফতার। গত জানুয়ারিতে গ্রেফতার হন তাঁর স্বামী, প্রাক্তন প্রেসিডেন্ট ইউন সুক-ইওল। প্রায় আট মাস পরে অন্য একাধিক মামলায় গ্রেফতার হলেন দক্ষিণ কোরিয়ার প্রাক্তন ফার্স্ট লেডিও

## একাধিক জীবিত ব্যক্তিকে 'মৃত' দেখিয়ে নাম বাদ কমিশনের!

### এসআইআরে মৃতব্যক্তি ঘোষিত মিন্টু পাসওয়ান হাজির সুপ্রিম কোর্টে

**প্রতিবেদন:** বিহারের ভোজপুর জেলার আরা বিধানসভা কেন্দ্রের বাসিন্দা ৪১ বছর বয়সি মিন্টু পাসওয়ানকে নির্বাচন কমিশন তাদের বিশেষ নিবিড় সংশোধনের (এস আই আর) পর 'মৃত' বলে ঘোষণা করেছিল। কমিশনের ঘোষিত সেই 'মৃত' পাসওয়ান সশরীরে সুপ্রিম কোর্টে হাজির হয়ে প্রমাণ করলেন যে তিনি জীবিত।

পোলিং ডেটা বিশ্লেষক ও সমাজকর্মী যোগেন্দ্র যাদব, যিনি বিহারে চলমান এই ভোটার তালিকা সংশোধনের বিরুদ্ধে একটি পিটিশন দাখিল করেছেন, তিনি মিন্টু পাসওয়ান-সহ দুই জনকে আদালতে হাজির করেন। যাদব বলেন, কীভাবে নির্বাচন কমিশন ভোটারদের নাম বাদ দিচ্ছে এটি তার উদাহরণ এবং এটি একটি বৃহত্তর গণ-বর্জনের ইঙ্গিত। আরায় একজন গাড়ি চালক হিসেবে কাজ করা পাসওয়ান সংবাদমাধ্যমকে বলেন, তিনি ভোটার তালিকার জন্য ফর্ম পূরণ করা সত্ত্বেও তাঁর নাম বাদ দেওয়া হয়েছে। মিন্টু বলেন, আমি লোকের মুখে শুনেছিলাম যে আমার নাম বাদ দেওয়া হয়েছে এবং আমাকে 'মৃত' ঘোষণা করা হয়েছে। আমি অনলাইনে অভিযোগ দায়ের করি এবং একটি ভিডিও তৈরি



করি। এখন তারা আমার নাম পুনরায় অন্তর্ভুক্ত করতে ব্যাংক ডকুমেন্ট, স্কুল সার্টিফিকেট এবং আমার আধার কার্ড চাইছে। অথচ যখন আমার নাম বাদ দেওয়া হয়েছিল, তখন তারা কোনও ডকুমেন্ট চায়নি। নির্বাচন কমিশন ১ আগস্ট যে খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছে, সেই তালিকা থেকে বাদ পড়া ৬৫ লক্ষ ভোটারের মধ্যে পাসওয়ান একজন। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, বাদ পড়া ৬৫ লক্ষ ভোটারের মধ্যে ২২ লক্ষকে মৃত ঘোষণা করা হয়েছে, ৩৬ লক্ষকে স্থায়ীভাবে স্থানান্তরিত বা খুঁজে পাওয়া যায়নি বলে দেখানো হয়েছে এবং ৭ লক্ষের নাম একাধিক জায়গায় রয়েছে বলে চিহ্নিত করা হয়েছে। যোগেন্দ্র যাদব বলেন, বিশেষ নিবিড় সংশোধনের কারণে এই সংখ্যা আরও বাড়বে। এটি বিশেষ নিবিড় সংশোধনের বাস্তবায়নের ব্যর্থতা নয়, বরং এটি একটি পরিকল্পিত নকশা। যেখানেই এই ধরনের সংশোধন করা হবে, সেখানেই এর ফল একই হবে। আগিয়াওন বিধানসভার সিপিআই (এমএল) বিধায়ক শিবপ্রকাশ রঞ্জন জানান, আরাতেই এমন আরও অন্তত চারজন আছেন যাদের 'মৃত' ঘোষণা করা হয়েছে অথচ তারা সকলেই জীবিত।

## ট্রাম্প-পুতিন বৈঠকের আগে আগ্রাসী রাশিয়া



**প্রতিবেদন:** যুদ্ধবিরতি নিয়ে কথা বলতে শুক্রবার আলাস্কায় বৈঠকে বসবেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। যুদ্ধবিরতির কৃতিত্ব নিজের হাতে নিতে ট্রাম্প উদ্যোগী। যদিও ইউক্রেন ইস্যুতে আমেরিকার হাতে রাশ ছাড়তে নারাজ পুতিন। ফলে যুদ্ধবিরতি নিয়ে দর-কষাকষি তীব্র হওয়ার কথা। এদিকে যুদ্ধবিরতি নিয়ে ট্রাম্প-পুতিন বৈঠকের আগে রুশ সেনা আক্রমণের ঝাঁঝ বাড়িয়েছে বলে অভিযোগ ইউক্রেনের। ভ্লাদিমির জেলেনস্কির দেশের দাবি, রুশ বাহিনী ডনবাস অঞ্চলের প্রায় ১০ কিলোমিটার ভিতরে ঢুকে ওই এলাকায় পূর্ণ নিয়ন্ত্রণ লাগু করতে মরিয়া। এই লক্ষ্যে নতুন করে ইউক্রেনে প্রায় লক্ষাধিক সেনা মোতায়েন করেছে রাশিয়া। ইউক্রেনের তরফে দাবি করা হয়েছে, সেদেশের কোস্টিয়ান্টিনিভকা ও পোকরোভস্কের দিকে এগিয়েছে রুশ সেনা। প্রসঙ্গত, এর আগে আমেরিকার প্রেসিডেন্ট দাবি করেছিলেন যুদ্ধ থামানোর জন্য মস্কো এবং কিয়েভ দু'পক্ষকেই জমি ছাড়তে হবে। জেলেনস্কির দেশের অভিযোগ, রুশ সেনা ইতিমধ্যেই ইউক্রেনের প্রায় এক-পঞ্চমাংশ জমি দখল করে নিয়েছে। এই অবস্থায় জেলেনস্কির অনুপস্থিতিতে ট্রাম্প-পুতিন বৈঠক ইউক্রেনের বিপক্ষে যেতে পারে বলে আশঙ্কা করছে ইউরোপীয় ইউনিয়নের একাধিক দেশ।

**অভিযোগ ইউক্রেনের**

## ট্রাম্পের শুল্কনীতি ও কেন্দ্রের উদাসীনতা ১৩ হাজার কোটি ক্ষতির মুখে রপ্তানি

**প্রতিবেদন:** গত কয়েক বছর ধরে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে 'বন্ধু' বলে দাবি করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আর সেই 'বন্ধু' ট্রাম্পই চড়া শুল্ক আরোপ করে কার্যত পথে বসিয়ে দিয়েছেন মোদিকে। আর দু'দেশের মধ্যে বাণিজ্যিক টানাপোড়েনের জেরে খনিজ সম্পদ থেকে ইলেক্ট্রনিক্স, সব ধরনের ব্যবসায় ক্ষতির মুখে গোটা দেশের ছোট, বড় ও মাঝারি ব্যবসায়ীরা। সবচেয়ে বড় ধাক্কা নেমে এসেছে ভারতের রপ্তানিক্ষেত্রে। ভারতের চিংড়ি রপ্তানির বড় বাজার আমেরিকা, বাড়তি শুল্কের চাপে সেই ব্যবসায়ীদের এখন মাথায় হাত। ক্ষতির মুখে বাংলার চিংড়ি চাষীরা। বাধ্য হয়ে আমেরিকার বিকল্প হিসাবে ইউরোপ ও পূর্ব এশিয়ার বাজার খুঁজছেন চাষিরা। তবে শুধু বাংলা নয়, একই পরিস্থিতির শিকার অন্ধ্র ও ওড়িশার উপকূল এলাকার চিংড়ি চাষিদেরও।

ভারত থেকে প্রতিবছর প্রায় ১৩ হাজার কোটি টাকার চিংড়ি মাছের ব্যবসা হয় আমেরিকায়। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভারতের উপর যেসব সামগ্রীতে ৫০ শতাংশ শুল্ক লাগু করেছেন তার মধ্যে অন্যতম এই সামুদ্রিক প্রাণি। শুল্ক লাগু হওয়ার কয়েকদিনের মধ্যেই আমেরিকার বাজারে বেড়ে গিয়েছে ভারতীয় চিংড়ির দাম। স্বাভাবিকভাবেই ভারতীয় ব্যবসায়ীদের কঠিন প্রতিযোগিতায় পড়তে হচ্ছে আমেরিকায়।

পরিস্থিতি এমন যে ইতিমধ্যেই আমেরিকা থেকে ব্যবসা সরানোর ভাবনাচিন্তা শুরু করেছেন বাংলার চিংড়ি ব্যবসায়ীরা। দক্ষিণ চব্বিশ পরগনা ও পূর্ব মেদিনীপুর থেকেই মূলত বাংলার চিংড়ি বিদেশে পাড়ি দেয়। প্রতি বছর প্রায় ৯০০ কোটি টাকার ব্যবসা করেন বাংলার চিংড়ি ব্যবসায়ীরা।




এই ব্যবসায়ীদের দাবি, চলতি পরিস্থিতিতে তাঁরা ইউরোপের অন্য দেশে ব্যবসা সরানোর চিন্তাভাবনা শুরু করেছেন। যদি দ্রুত ব্যবসা সরানো না সম্ভব হয় তবে এই ব্যবসার সঙ্গে যুক্ত চাষিরা সরাসরি ক্ষতির মুখে পড়বেন, যা ইতিমধ্যেই টের পেতে শুরু করেছেন দিঘার ব্যবসায়ীরাও। বিপুল পরিমাণ ঋণ নিয়ে ব্যবসা শুরু করার পরে লোকসান হলে তাঁরা চাষিদের থেকে কেনার পরিমাণ কমানোর পথে যেতে বাধ্য হবেন।

তবে শুধু বাংলা নয়, ভারতের উপর ট্রাম্পের ৫০% শুল্ক আরোপের জেরে ক্ষতির মুখে বিজেপি শাসিত ওড়িশার চিংড়ি চাষি ও ব্যবসায়ীরাও। লোকসান ঠেকাতে দেশের বৃহৎ ঋণদান সংস্থার থেকে তাঁরা অতিরিক্ত ঋণ ও মোরাটোরিয়ামের আবেদন করে রেখেছেন। সেইসঙ্গে চিংড়ি ও অন্যান্য সামুদ্রিক মাছ মিলিয়ে ১৭ হাজার কোটির ক্ষতির মুখে পড়বে দক্ষিণ ভারতের ব্যবসায়ীরা, প্রাথমিক অনুমান সিফুড এক্সপোর্ট অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার। শুধুমাত্র বাংলা ও ওড়িশার চাষি ও ব্যবসায়ী পরিবার মিলিয়ে ৪০ লক্ষ মানুষের উপর আমেরিকায় ব্যবসায় লোকসানের সরাসরি প্রভাব পড়েছে বলে দাবি বাংলা ও ওড়িশার চিংড়ি চাষ ও রফতানির সব ক'টি সংস্থাই। আমেরিকার ব্যবসা বন্ধ হলে অন্যত্র লাভের মুখ দেখতে বিস্তর কাঠখড় পোড়াতে হবে বলে দাবি ব্যবসায়ীদের। প্রথমত, বাকি সব বাজারেই মার্কিন শুল্ক যুদ্ধের জন্য প্রতিযোগিতার মুখে পড়তে হচ্ছে চিংড়ির ব্যবসাকে। দ্বিতীয়ত, লাভজনক বাজার হিসাবে যে ইউরোপের কথা ভাবছেন ভারতের তথা বাংলার ব্যবসায়ীরা, সেই ইউরোপিয়ান ইউনিয়নের দেশগুলিও শুল্কের পরিমাণ সম্প্রতি বাড়িয়েছে। এমনকী ইংল্যান্ডের সঙ্গে ভারতের শুল্কমুক্ত বাণিজ্যের যে চুক্তি হয়েছে, তা কার্যকর হতে এখনও অনেক সময় বাকি। সেই সময়ের মধ্যে প্রতি মাসে লোকসানের মুখে পড়তে হবে বাংলা তথা সমুদ্র উপকূলবর্তী সব রাজ্যের মৎস্যজীবীদেরই।

## অপারেশন সিঁদুর : কেবিসিতে পিআর স্টান্টের অভিযোগ

**প্রতিবেদন:** 'কৌন বনেগা ক্রোড়পতি' (কেবিসি) অনুষ্ঠানে ভারতীয় সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের উপস্থিতি ঘিরে বিতর্ক তৈরি হয়েছে। এই ইস্যুতে সমাজমাধ্যমে সমালোচনার ঝড় উঠেছে। সমালোচকদের অভিযোগ, কেন্দ্রীয় সরকার রাজনৈতিক লাভের জন্য সামরিক বাহিনীকে ব্যবহার করছে। কৌন বনেগা ক্রোড়পতি-র ১৭তম সিজনের স্বাধীনতা দিবসের বিশেষ পর্বে সঞ্চালক অমিতাভ বচ্চন ভারতীয় সশস্ত্র বাহিনীর কয়েকজন উচ্চপদস্থ কর্মকর্তাকে স্বাগত জানিয়েছেন। চ্যানেলের প্রকাশিত একটি প্রোমোতে দেখা যায়, অমিতাভ বচ্চন কর্নেল সোফিয়া কুরেশি (ভারতীয় সেনাবাহিনী), উইং কমান্ডার ব্যোমিকা সিং (ভারতীয় বিমান বাহিনী) এবং কমান্ডার প্রেরণা দেওস্থলিকে (ভারতীয় নৌবাহিনী) স্বাগত জানাচ্ছেন। বিশেষ এই পর্বে তাঁরা পহেলগাঁও জঙ্গি হামলার পর পাক-অধিকৃত কাশ্মীর এবং পাকিস্তানে সন্ত্রাসবাদী শিবিরগুলির বিরুদ্ধে




ভারতের 'অপারেশন সিঁদুর'-এর গুরুত্বপূর্ণ মুহূর্তগুলি তুলে ধরবেন। তবে একটি বেসরকারি বিনোদনমূলক অনুষ্ঠানে তাঁদের উপস্থিতি বিতর্কের জন্ম দিয়েছে। অনেক নেটিজেন এটিকে 'পিআর স্টান্ট' এবং 'রাজনৈতিক ফায়দা তোলার চেষ্টা' বলে মন্তব্য করেছেন। কর্নেল সোফিয়া এবং উইং কমান্ডার ব্যোমিকা সিং ওই অভিযান চলাকালীন প্রেস ব্রিফিং করেছিলেন। এই পর্বটি ১৫ আগস্ট সম্প্রচারিত হবে। নেটিজেনদের একাংশ এই কর্মসূচির সমালোচনায় লিখেছেন, অবিশ্বাস্য! অপারেশন সিঁদুরের নায়করা একটি জাতীয় টিভি শো কেবিসি-তে এসেছেন। এটি কি একটি 'জাতীয়তাবাদী' দল কিছু ভোট পেতে চায় বলে? আরেকজন ব্যবহারকারী বলেন, কোনও গুরুত্বপূর্ণ দেশে কোনো সামরিক অভিযানের পর এমন কিছু কি দেখেছেন? কর্মরত অবস্থায় কারও জন্য এটা কীভাবে অনুমোদিত হয়? বর্তমান সরকার নির্লজ্জভাবে আমাদের বাহিনীকে তাদের তুচ্ছ রাজনীতি এবং অতি-জাতীয়তাবাদের জন্য ব্যবহার করছে। আরেক নেটিজেন লেখেন, আমাদের সেনাবাহিনী ছিল পবিত্র, রাজনীতির ঊর্ধ্বে এবং পিআর-এর বাইরে। আজ মোদি সরকার কেবিসি-র মতো শো-তে কর্মরত সেনাদের নিয়ে এসে নিজেদের ভাবমূর্তি তৈরি করছে। এমনকি আমাদের সেনাবাহিনীকেও মোদির পিআর-এর জন্য রাজনৈতিক হাতিয়ার বানানো হয়েছে। আমাদের বাহিনী দেশকে রক্ষা করার জন্য, কোনো রাজনীতিবিদের ব্র্যান্ডের জন্য নয়। এক ব্যবহারকারী আরও প্রশ্ন তোলেন, সশস্ত্র বাহিনীর প্রোটোকল অনুযায়ী কি কেবিসি-এর মতো রিয়েলিটি শো-তে কর্মকর্তাদের পাঠানো অনুমোদিত? ভারতীয় সশস্ত্র বাহিনীর কিছু প্রোটোকল, কিছু মর্যাদা এবং বিশাল সম্মান আছে। রাজনীতিবিদরা তাদের ব্যক্তিগত সুবিধার জন্য এটি নষ্ট করছেন। এটা লজ্জাজনক।

বর্ষার মরশুমে ঘুরে আসুন কোলাঘাট। ছাতা মাথায় রূপনারায়ণের তীরে বেড়াতে দারুণ লাগবে। হোটেলে পাবেন ইলিশের স্বাদ। হাওড়া থেকে আছে ট্রেন। যাওয়া যায় টানা গাড়িতেও

# বর্ষায় বেড়ু বেড়ু



অনেকের পছন্দের মরশুম বর্ষা। এই সময় মনের ডানা উড়ান চায়। বেরিয়ে পড়তে ইচ্ছে করে। প্রাণ চায় দূরে কোথাও যেতে, নয়তো কাছেপিঠে। সমস্যা হল, ভারী বৃষ্টি মাথায় নিয়ে সব জায়গায় বেড়ানো যায় না। কিছু কিছু জায়গায় জল জমে বন্যা-পরিস্থিতি দেখা দেয়, কোথাও আবার নামে ধস। পরিস্থিতি হয়ে ওঠে প্রতিকূল। যদিও সব জায়গাই যে বিপজ্জনক হয়ে ওঠে, তা কিন্তু নয়। কিছু কিছু জায়গায় অবশ্যই ঘোরা যায়। ডুবে যাওয়া যায় প্রকৃতির অপরূপ সৌন্দর্যে। বৃষ্টিদিনে কোথায় যাবেন এবং কোথায় যাবেন না, তারই একটি ছোট্ট তালিকা সাজিয়ে দিলেন

**অংশুমান চক্রবর্তী**

## কোথায় যাবেন

### লোনাভলা

বর্ষাকালীন আবহাওয়া উপভোগ করার জন্য আদর্শ জায়গা পশ্চিমঘাট পর্বতমালার লোনাভলা। চারিদিকে চোখে পড়ে সবুজে মোড়া পাহাড়, সুসজ্জিত জলপ্রপাত। মনোরম আবহাওয়া। সব মিলিয়ে দারুণ রোম্যান্টিক জায়গা। প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করা ছাড়াও লোনাভলা ট্রেকিং, ক্যাম্পিংয়ের জন্য উপযুক্ত। দেখে নেওয়া যায় বুশি ড্যাম, নিকটবর্তী জলপ্রপাত, কারলা গুহা। মুম্বই বা পুণে শহর থেকে গাড়ি ভাড়া করে ঘণ্টা দুয়েকের মধ্যেই পৌঁছে যাওয়া যায়।

### উদয়পুর

গৌরবময় ইতিহাসের স্মৃতি রোমন্থন করার জন্য রাজস্থানের উদয়পুর আদর্শ জায়গা। বর্ষায় লেক পরিবেষ্টিত রাজকীয় জায়গায় ভ্রমণের আমেজটা কিন্তু রোমাঞ্চকর হতে পারে। উদয়পুরের বিখ্যাত প্যালেস দর্শন এবং লেক বোটিংয়ের প্ল্যান করা যায়। দর্শনীয় স্থানগুলো হল সিটি প্যালেস, লেক প্যালেস, ফতেহ সাগর লেক। ট্রেনে অথবা আকাশপথে উদয়পুর যাওয়া যায়।

### কুর্গ

কর্ণাটের কুর্গ। ভারতের স্কটল্যান্ড নামে পরিচিত। ঘন অরণ্যে পরিপূর্ণ। বর্ষায় এখানকার জলপ্রপাতের মোহনীয় রূপ, লেকের মনভোলানো সৌন্দর্য, সর্বোপরি বৃহৎ কফির বাগান মুগ্ধ করবেই। প্রকৃতির রূপ দেখা ছাড়াও ট্রেকিং, কফি বাগান পরিদর্শন করা যায়। দর্শনীয় স্থানগুলো হল পুষ্পগিরি অভয়ারণ্য, কোটেবেট্টা পাহাড়, যোগ জলপ্রপাত। মাইশোর বিমানবন্দর থেকে ১২০ কিলোমিটার দূরে অবস্থিত।

### পণ্ডিচেরি

উন্মত্ত নীলাভ সমুদ্রের অবিরাম আনাগোনা, সারি সারি হলুদ রঙা ভিলা এবং ঔপনিবেশিক স্মৃতি বিজড়িত পর্যটন স্থানের অপর নাম হল পণ্ডিচেরি। এই শান্তিপ্রিয় জায়গায় মনের মধ্যে প্রশান্তি আনতে অনেকেই ধ্যানস্থ হন। সমুদ্রতটে প্রিয় মানুষের সঙ্গে রোম্যান্টিক সময় কাটানো যায়। দেখা যায় অরোভিল। আকাশপথে যেতে হবে চেন্নাই বিমানবন্দর। সেখান থেকে পণ্ডিচেরি গাড়িতে ঘণ্টা দুয়েকের পথ।

### শিলং

রূপকথার রাজ্যে মেঘের দেশের গল্প সবার শোনা। প্রকৃত মেঘের দেশ দেখতে চাইলে মেঘালয়ের শিলংয়ে যেতে হবে। এখান থেকে ভারতের উত্তর-পূর্ব অঞ্চলের গারো-খাসি পাহাড় এবং পাহাড়কে কেন্দ্র করে অগণিত ঝরনাধারা যে কোনও পর্যটককে আকৃষ্ট করবে। শিলং ভ্রমণে গিয়ে বোটিং, ট্রেকিং করা যায়। প্রধান আকর্ষণ হল প্রাচীন ট্রেকিংয়ের পথ ডেভিড স্কট ট্রেইল পরিদর্শন। ট্রেনে যেতে হবে গুয়াহাটি। সেখান থেকে ১০০ কিলোমিটার দূরে শিলং।

### কোদাইকানাল

দক্ষিণ ভারতের সেরা ভ্রমণস্থানগুলোর মধ্যে অন্যতম কোদাইকানাল। এখান থেকে ঘন সবুজে পরিপূর্ণ পশ্চিমঘাট পর্বতমালার সুন্দর দৃশ্য উপভোগ করা যায়। প্রকৃতিকে একান্তে উপভোগ করার জন্য অনেকেই ট্রেকিং করেন। প্রকৃতির রূপদর্শন ছাড়াও বেড়িজাম লেক এবং কোদাই লেক দেখা যায়। আকাশপথে যেতে হবে মাদুরাই বিমানবন্দর। সেখান থেকে গাড়ি ভাড়া করে খুব সহজেই কোদাইকানাল পৌঁছানো যায়।

## কোথায় যাবেন না

### উত্তরাখণ্ড

দেবভূমি উত্তরাখণ্ড। পর্যটকদের পছন্দের জায়গা। বর্ষার মরশুমে এখানকার অনেক জায়গায় অবিরাম বৃষ্টি হয়। ফলে রাস্তাগুলো পিচ্ছিল হয়ে যায়। যখন তখন ধস নামে। এই আবহাওয়ায় এমন জায়গায় গাড়ি চালানো বা ঘোরাফেরা করা অত্যন্ত বিপজ্জনক। তাই বর্ষায় উত্তরাখণ্ড এড়িয়ে যাওয়াই ভাল।

### মুম্বই

বর্ষাকালে আরব সাগর তীরবর্তী মুম্বই শহর জলে প্লাবিত হয়। বাইরে বেরোনো প্রায় কঠিন হয়ে পড়ে। ঘরবন্দি হয়ে পড়েন বহু মানুষ। অবিরাম বৃষ্টির কারণে ট্রেনের গতিও কমে যায়। ব্যাহত হয় স্বাভাবিক জনজীবন। তাই বর্ষায় মুম্বই বেড়াতে যাওয়ার কথা না ভাবাই বুদ্ধিমানের কাজ।

### হিমাচলপ্রদেশ

হিমাচলে রয়েছে অনেক বিখ্যাত হিল স্টেশন। তবে বর্ষার আগে বা পরে হিমাচল ভ্রমণ করা উচিত। এখানে অনেক জায়গায় বৃষ্টির সময় পাথর খসে পড়ে। আবার বন্যা বা ভূমিধসের মতো পরিস্থিতিও তৈরি হয়। ফলে বর্ষার দুর্যোগ বাড়লে হিমাচলপ্রদেশে আটকে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

### কেরল


বর্ষায় কেরল অন্য সময়ের তুলনায় অনেক বেশি সবুজ এবং সুন্দর দেখায়। তবে বৃষ্টির মরশুমে যে কোনও সময় বিপজ্জনক হয়ে উঠতে পারে। টানা বর্ষণে অনেক জায়গায় বন্যা-পরিস্থিতি তৈরি হয়। মাটি হতে পারে বেড়ানোর আনন্দ। তাই বর্ষায় নয়, কেরল ভ্রমণের পরিকল্পনা করতে হলে সেপ্টেম্বর থেকে মার্চের মধ্যেই করাই ভাল।

### সিকিম

প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর সিকিম। বর্ষায় এখানকার অবস্থা খুব খারাপ হয়ে যায়। পাহাড় হয়ে ওঠে বিপজ্জনক। নামে ধস। আটকে পড়ার সম্ভাবনা বেশি থাকে। বৃষ্টির সময় রাস্তায় গাড়ি চালানোও খুবই কঠিন হয়ে পড়ে। অতএব, বর্ষাকালে সিকিম ভ্রমণের পরিকল্পনা না করাই ভাল।









জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

# মাঠে ময়দানে

14 August, 2025 • Thursday • Page 14 || Website - www.jagobangla.in

অভিমন্যুর বয়স রয়েছে। তিন নম্বরে ও সুযোগ পেতেই পারে। বললেন সৌরভ গঙ্গোপাধ্যায়



# জোড়া গোলে এমবাপের ঝলক

**ইন্সব্রুক, ১৩ অগাস্ট :** আগামী ২০ অগাস্ট ওসাসুনা ম্যাচ দিয়ে লা লিগা অভিযান শুরু করবে রিয়াল মাদ্রিদ। নতুন মরশুম শুরুর আগেই আগুনে ফর্মে কিলিয়ান এমবাপে। তাঁর জোড়া গোলের সৌজন্যে প্রস্তুতি ম্যাচে অস্ট্রিয়ার ক্লাব ডব্লুএসজি টাইরলকে ৪-০ গোলে হারিয়েছে রিয়াল।

আগাগোড়া দাপটের সঙ্গে খেলে, ১০ মিনিটেই এগিয়ে গিয়েছিল রিয়াল। সতীর্থ ব্রাহিম দিয়াজের ভাসানো সেন্টারে মাথা ছুইঁয়ে গোল করেন এদের মিলিতাও। ব্রাজিলীয় ডিফেন্ডার চোট সারিয়ে এদিনই মাঠে ফিরেছিলেন। তিন মিনিটের মধ্যেই ২-০ করেন এমবাপে। আর্দা গুলেরের পাস ধরে চকিত টার্নিংয়ে বিপক্ষের দুই ডিফেন্ডারকে বিভ্রান্ত করে বাঁ পায়ের শটে বল জালে জড়ান তিনি। গুলের এদিন অসাধারণ খেলেছেন। রিয়ালের প্রায় প্রতিটি আক্রমণই শুরু হয়েছে তাঁর পা থেকে।

বিরতির পর বিপক্ষের উপর আরও দু'টি গোল চাপিয়েছে রিয়াল। ৫৯ মিনিটে চুয়ামেনির অসাধারণ থ্রু থেকে বল পেয়ে বিপক্ষ গোলকিপারকে কাটিয়ে ব্যক্তিগত দ্বিতীয় তথা দলের তৃতীয় গোলটি করেন এমবাপে। ৮১ মিনিটে এমবাপের পাস থেকে বল পেয়ে ৪-০ করেন পরিবর্ত হিসাবে মাঠে নামা রডরিগো। তবে গোটা ম্যাচে অজস্র সুযোগ হাতছাড়া না করলে, ম্যাচটা আরও বড় ব্যবধানে জিততে পারতেন এমবাপেরা। ম্যাচের পর রিয়াল কোচ জবি আলোন্সো বলেন, লা লিগা অভিযান শুরুর আগে বেশ ভাল একটা প্রস্তুতি ম্যাচ খেললাম। নতুন মরশুমে দলের ভাল ফল নিয়ে আমি আত্মবিশ্বাসী।



দ্বিতীয় গোল করার পথে এমবাপে। টাইরলের বিরুদ্ধে রিয়ালের প্রস্তুতি ম্যাচে।

# কোচের আস্থাই জোর আকাশের

**লখনউ, ১৩ অগাস্ট :** নতুন গাড়ি নিয়ে বিপাকে পড়েছেন আকাশ দীপ। ইংল্যান্ড সফর থেকে দেশে ফিরেই কালো রংয়ের একটি 'টয়োটা ফরচুনা' কিনেছেন তিনি। এই ঝাঁ-চকচকে এসইউভি মডেলের দাম প্রায় ৬২ লক্ষ টাকা।



কিন্তু রেজিস্ট্রেশন প্রক্রিয়া শেষ হওয়ার আগে এবং বাধ্যতামূলক হাই সিকিওরিটি রেজিস্ট্রেশন প্লেট না লাগিয়েই নতুন গাড়ি নিয়ে রাস্তায় বেরিয়ে পড়েছিলেন। তার জন্য ভারতীয় দলের পেসারকে নোটিশ ধরিয়েছে লখনউ পরিবহণ দফতর। সাফ জানিয়ে দেওয়া হয়েছে, রেজিস্ট্রেশনের যাবতীয় কাজ শেষ না হওয়া পর্যন্ত এই গাড়ি বাইরে বের করা যাবে না। নইলে গাড়ি বাজেয়াপ্ত করা হবে। শুধু তাই নয়, আকাশ দীপ যে ডিলারের কাছ থেকে গাড়ি কিনেছিলেন, সেই ডিলারকেও নোটিশ ধরানো হয়েছে।

এদিকে, সদ্যসমাপ্ত ইংল্যান্ড সিরিজে বল হাতে দারুণ ফর্মে ছিলেন আকাশ দীপ। ৩ টেস্টে ১৩ উইকেট নিয়েছিলেন। এর জন্য কোচ গৌতম গম্ভীরকে কৃতিত্ব দিচ্ছেন ডানহাতি পেসার। আকাশের বক্তব্য, গৌতম ভাই দারুণ আবেগপ্রবণ কোচ। সব সময় আমাকে উদ্দীপ্ত করেছেন। আমার ব্যাটিং ও বোলিংয়ের উপর ওঁর আস্থা আমার থেকেও বেশি। উনি আমাকে বলতেন, নিজের ক্ষমতা সম্পর্কে তোমার কোনও ধারণা নেই।

# ফের বিশ্বরেকর্ড ডুপ্লান্টিসের

**বুদাপেস্ট, ১৩ অগাস্ট :** নিজেই গড়ছেন একের পর এক বিশ্বরেকর্ড। আবার নিজেই তা ভেঙে দিচ্ছেন! তিনি মন্ডো ডুপ্লান্টিস। বিশ্ব অ্যাথলেটিক্সে রীতিমতো সাড়া ফেলে দিয়েছেন সুইডেনের পোলভল্টার। ২৫ বছর বয়সি ডুপ্লান্টিস এবার বুদাপেস্টে আয়োজিত হাঙ্গেরিয়ান গ্র্যাঁ প্রি মিটে ৬.২৯ মিটার লাফিয়ে পোলভল্টে নতুন বিশ্বরেকর্ড গড়েছেন। যা গত পাঁচ বছরে তাঁর ১৩তম বিশ্বরেকর্ড! এর ফলে কিংবদন্তি পোলভল্টার সের্গেই বুবকাকে ছাপিয়ে গেলেন ডুপ্লান্টিস। বুবকা ১২ বার বিশ্বরেকর্ড ভেঙেছিলেন। ডুপ্লান্টিস ভাঙলেন ১৩ বার। এর আগের বিশ্বরেকর্ড ছিল ৬.২৮ মিটার। যা চলতি বছরের জুনে স্টকহোম মিটে গড়েছিলেন ডুপ্লান্টিস নিজেই। এবার নিজের গড়া রেকর্ড ভেঙে নয়া কীর্তি গড়লেন সুইডিশ পোলভল্টার।




**২০৩০ কমনওয়েলথ**

# আয়োজনের অনুমোদন আইওএ-র

**নয়াদিল্লি, ১৩ অগাস্ট :** ভারতের মাটিতে ২০৩৬ অলিম্পিক আয়োজনের উদ্যোগ আগেই নেওয়া হয়েছিল। এবার ২০৩০ কমনওয়েলথ গেমসও ভারতের মাটিতে হওয়ার সম্ভাবনা জোরালো হল। কারণ বুধবারই আয়োজনের প্রস্তাব জমা দেওয়ার অনুমোদন দিল ভারতীয় অলিম্পিক সংস্থা (আইওএ)। দিল্লিতে আইওএ-র বিশেষ সাধারণ সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে চূড়ান্ত প্রস্তাব জমা দিতে হবে আগামী ৩১ অগাস্টের মধ্যে। এর পরেই জানা যাবে, ভারত আরও একবার কমনওয়েলথ গেমস আয়োজনের সুযোগ পাবে কি না। প্রসঙ্গত, ২০১০ সালে শেষবার কমনওয়েলথ গেমসের আসর বসেছিল ভারতে। সেবার ভেন্যু ছিল দিল্লি। এবার অবশ্য দায়িত্ব পেলে তা হবে আমেদাবাদে। কমনওয়েলথ গেমসের যাবতীয় খরচ বহন করবে ভারত সরকার। ইতিমধ্যেই কানাডা নাম তুলে নেওয়াতে, ভারতের সঙ্গে লড়াই এখন নাইজেরিয়ার। তবে শোনা যাচ্ছে, আয়োজনের প্রস্তাব দিতে পারে দক্ষিণ আফ্রিকাও। কমনওয়েলথ স্পোর্টসের গেমস ডিরেক্টর ডারেন হল সম্প্রতি আমেদাবাদে এসে যাবতীয় পরিকাঠামো দেখে গিয়েছেন।

# জামিন খারিজ সুশীলের

**নয়াদিল্লি, ১৩ অগাস্ট :** সুপ্রিম ধাক্কায় ফের চাপে সুশীল কুমার! গত ৪ মার্চ দিল্লি হাইকোর্ট অলিম্পিক পদকজয়ী কুস্তিগিরকে যে জামিন দিয়েছিল, তা বাতিল করে দিয়েছে সুপ্রিম কোর্ট। শুধু তাই নয়, এক সপ্তাহের মধ্যে সুশীল কুমারকে আত্মসমর্পণ করার নির্দেশও দেওয়া হয়েছে। ফলে ফের জেল খাটতে হবে তাঁকে।



তরুণ কুস্তিগির সাগর ধনকড়কে খুনের অভিযোগ রয়েছে সুশীলের বিরুদ্ধে। ২০১৪ সালের ৪ মে, দিল্লির ছত্রশাল স্টেডিয়ামের পাকিং লটে খুন হয়েছিলেন সাগর। সেই ঘটনায় সুশীল অভিযুক্ত। শুরুতে পুলিশি হেফাজতে থাকলেও, পরে তারকা কুস্তিগিরকে জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দেয় আদালত। ২০২২ সালের অক্টোবরে সুশীলের বিরুদ্ধে খুনের মামলা দায়ের হয়।

তার পর থেকে প্রায় সাড়ে তিন বছর জেলেই কাটিয়েছেন সুশীল। কিন্তু চলতি বছরের মার্চে ৫০ হাজার টাকা বন্ডের বিনিময়ে তাঁকে জামিন দিয়েছিল দিল্লি হাইকোর্ট। সেই জামিনের বিরোধিতা করে সুপ্রিম কোর্টে আবেদন জানিয়েছিলেন নিহত কুস্তিগির সাগরের বাবা। বুধবার সেই আবেদন মঞ্জুর করে সুশীলের জামিন বাতিল করেছে বিচারপতি সঞ্জয় করোল এবং বিচারপতি প্রশান্তকুমার মিশ্রর বেঞ্চ।

# হেডেন-কন্যা গ্রেস মুগ্ধ ঋষভের লড়াইয়ে



**নয়াদিল্লি, ১৩ অগাস্ট :** ২০২২-এ রুপোলি পর্দার মতো রোমাঞ্চকর প্রত্যাবর্তন ঘটেছিল ঋষভ পন্থের। যা তাঁর ভক্তের সংখ্যা আরও বাড়িয়ে দিয়েছিল। এই ভক্তদের মধ্যে আছেন ম্যাথু হেডেনের কন্যা গ্রেস হেডেন। টিভি চ্যানেলের হোস্ট ও অ্যাঙ্কর হিসাবে পরিচিত মুখ। গ্রেস বর্তমানে দিল্লি প্রিমিয়ার লিগে হোস্ট ও অ্যাঙ্কর হিসাবে কাজ করছেন।

ভয়ঙ্কর গাড়ি দুর্ঘটনার পর প্রায় মৃত্যুমুখ থেকে ফিরে এসেছেন ঋষভ। শরীরের বিভিন্ন অঙ্গ ক্ষতিগ্রস্ত হয়েছিল। হাঁটু, গোড়ালি, কবজি ও কোমরের হাড় ভেঙেছিল। লম্বা সময় রিহ্যাবিলিটেশনে কাটানোর পর ১৫ মাসের মধ্যে ঋষভ আবার আন্তর্জাতিক ক্রিকেটে ফেরেন। প্রথমে তিনি আইপিএলে খেলেছেন। তারপর টি ২০ বিশ্বকাপ ও টেস্ট ক্রিকেট।

দিল্লির বাঁহাতি উইকেটকিপার-ব্যাটারের এমন দুর্ধর্ষ প্রত্যাবর্তনের পর অনেকের মতো হেডেন-কন্যাও শিহরিত। একটি ক্রিকেট ওয়েবসাইটকে তিনি বলেছেন, ক্রিকেটার ঋষভের জন্য আমার সফট স্পট রয়েছে। ওর সেই মারাত্মক চোটের জন্যই এমন হয়েছে। ও যেভাবে ফিরে এসেছে, লড়াই করেছে ও এই পর্যায়ের ক্রিকেটে পারফর্ম করছে সেটা অসাধারণ। একজন শক্তিশালী মানুষ ছাড়া এমন কেউ করতে পারে না। হ্যাটস অফ। আর পায়ের পাতা ভেঙে যাওয়ার পরও ঋষভ যেভাবে বাইশ গজে ব্যাট হাতে নেমেছিলেন তা নিয়ে হেডেন কন্যার মুখ থেকে একটাই শব্দ বেরিয়ে এসেছে। সেটা হল গ্যাংস্টার।

ইংল্যান্ডের বিরুদ্ধে পাঁচ টেস্টের সিরিজে ঋষভ ৪৭৯ রান করেছেন। গড় ৬৮.৪৩। হেডিংলেতে প্রথম ভারতীয় কিপার হিসাবে তিনি দুই ইনিংসে সেঞ্চুরি করেছেন। এরপর ম্যাঞ্চেস্টারে পায়ের পাতার হাড় ভেঙে গেলেও তিনি ব্যাট হাতে নেমে হাফ সেঞ্চুরি পূর্ণ করেন। ওল্ড ট্র্যাফোর্ডের দর্শক এজন্য তাঁকে উঠে দাঁড়িয়ে অভিনন্দন জানিয়েছে।

পায়ের পাতার হাড় না ভাঙলে ঋষভ দিল্লি প্রিমিয়ার লিগেও খেলতেন। পুরানি দিলিল ৬ দল তাঁকে ২০২৫-এও রেখে দিয়েছিল। কিন্তু চোট তাঁকে খেলতে দিল না। যদি খেলতেন তাহলে গ্রেসের সঙ্গে তাঁর দেখা হয়ে যেত। গ্রেস এর আগে সিএবির প্রিমিয়ার লিগে কাজ করেছেন।



জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

# মাঠে ময়দানে

14 August, 2025 • Thursday • Page 15 || Website - www.jagobangla.in

১৫
১৪ অগাস্ট ২০২৫
বৃহস্পতিবার



সিনসিনাটি ওপেনের শেষ ষোলোয় কার্লোস আলকারেজ

# ইস্টবেঙ্গলের উদ্যোগ, এবার চালু অ্যাম্বুল্যান্স

**প্রতিবেদন** : ইস্টবেঙ্গলের নতুন উদ্যোগ। বুধবার ক্লাবের প্রয়াত সচিব দীপক (পল্টু) দাসের ৮৬তম জন্মদিনে বর্তমান ও প্রাক্তন খেলোয়াড়দের জন্য তো বটেই, সাধারণ মানুষের সুবিধার্থেও ক্লাব নিয়ে এল বিনামূল্যে অ্যাম্বুল্যান্স পরিষেবা। চিরপ্রতিদ্বন্দ্বী মোহনবাগান যতই যুযুধান প্রতিপক্ষ হোক, পড়শি ক্লাবের প্রয়োজনেও এক ডাকে পৌঁছে যাবে ইস্টবেঙ্গলের অত্যাধুনিক অ্যাম্বুল্যান্স। প্রাক্তন সচিবের জন্মদিনেই প্রতিবারের মতো এবারও বুধবার ১৩ অগাস্ট পালিত হল স্পোর্টস ডে।



ইস্টবেঙ্গলে অ্যাম্বুল্যান্স উদ্বোধনে ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। বুধবার।

ক্লাবের আপৎকালীন পরিষেবার উদ্বোধন করলেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। ছিলেন ক্লাবের শীর্ষকর্তা দেবব্রত সরকার, সভাপতি মুরারিলাল লোহিয়া, সচিব রূপক সাহা-সহ একঝাঁক প্রাক্তন খেলোয়াড়। এদিন ক্লাব তাঁবুতে শীতাতপনিয়ন্ত্রিত ভ্যানে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। পাশাপাশি বিশিষ্ট চিকিৎসকদের তত্ত্বাবধানে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষাও হয়।

ইস্টবেঙ্গল ক্লাবের মহৎ উদ্যোগকে স্বাগত জানিয়ে ক্রীড়ামন্ত্রী বলেন, ইস্টবেঙ্গল ক্লাব আজ ফুটবলের কর্মকাণ্ডের ঊর্ধ্বে উঠে কাজ করছে। গ্রাসরুট থেকে প্রতিভা তুলে আনার কাজ দারুণভাবে করছে। আমি বারবার বলি, ভারতীয় ফুটবলকে বাংলা যদি নেতৃত্ব দিতে পারে তাহলে ভারতের র‍্যা ঙ্কিং ২৪৭-এ নেমে যাবে। কিন্তু বাংলাকে নেতৃত্ব দিতে হবে, তবেই ভারতীয় ফুটবল এগোবে।

কাল শুরু শিবির

# দু’বছরের চুক্তি, সই খালিদের

**প্রতিবেদন** : ভারতীয় সিনিয়র ফুটবল দলের হেড কোচ হিসেবে নির্বাচিত হওয়ার পর খালিদ জামিলের সঙ্গে চুক্তি চূড়ান্ত করার কাজটা আটকে ছিল। অবশেষে তা সম্পূর্ণ করে ফেলল অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন। মঙ্গলবার রাতে ভারতীয় সিনিয়র পুরুষ ফুটবল দলের প্রধান কোচ হিসেবে পূর্ণসময়ের জন্য দু’বছরের চুক্তিতে সই করেছেন খালিদ। আরও এক বছরের চুক্তিবৃদ্ধির সুযোগও রয়েছে ভারতীয় কোচের কাছে। বুধবার সরকারিভাবে এ কথা জানিয়েছে ফেডারেশন। ২০০০ সালের পর আবার স্বদেশি কোচ পূর্ণ সময়ের মেয়াদে জাতীয় দলের দায়িত্ব নিলেন। জামশেদপুর এফসি এদিন আনুষ্ঠানিকভাবে বিদায় জানাল খালিদকে। উচ্ছ্বসিত খালিদ বলেছেন, জাতীয় দলের কোচ হয়ে নিজেকে গর্বিত এবং অত্যন্ত সৌভাগ্যবান। অনেক বছর ধরেই আমি ভারতীয় ফুটবলারদের প্রশিক্ষণ দিচ্ছি। তাদের শক্তি ও দুর্বলতা সম্পর্কে আমি যথেষ্ট ওয়াকিবহাল। কাফা কাপ এবং সিঙ্গাপুরের বিরুদ্ধে এশিয়ান কাপের গুরুত্বপূর্ণ বাছাইপর্বের প্রস্তুতি শুরুর আগে যা আমাকে সাহায্য করবে। ১৫ অগাস্ট স্বাধীনতা দিবসে সুনীল ছেত্রীদের নিয়ে প্রস্তুতি শিবির শুরু করছেন খালিদ। বেঙ্গালুরুর দ্রাবিড়-পাড়ুকোন সেন্টার ফর স্পোর্টস এক্সেলেন্সে এই শিবির হবে। শীঘ্রই সম্ভাব্য খেলোয়াড়দের তালিকা ঘোষণা করা হবে। খালিদের প্রথম পরীক্ষা শুরু ২৯ অগাস্ট। সেদিন কাফা নেশনস কাপে ভারত মুখোমুখি হবে আয়োজক তাজিকিস্তানের। গ্রুপে ভারতের অন্য দুই প্রতিপক্ষ ইরান (১ সেপ্টেম্বর) ও আফগানিস্তান (৪ সেপ্টেম্বর)। এরপর অক্টোবরে এশিয়ান কাপের যোগ্যতা অর্জন পর্বে সিঙ্গাপুরের বিরুদ্ধে দু’টি গুরুত্বপূর্ণ ম্যাচ (৯ ও ১৪ অক্টোবর) খেলবেন সুনীলরা। ফেডারেশনকে একহাত নিয়ে বাইচুং বলেন, খালিদ যোগ্য। কিন্তু ওর জন্য খারাপ লাগছে। কল্যাণ চৌবেদের অপদার্থতায় কঠিন পরিস্থিতিতে ও দায়িত্ব নিচ্ছে।



# মাঠে এল না মোহনবাগান

**প্রতিবেদন** : প্রত্যাশামতোই বুধবার নৈহাটি স্টেডিয়ামে কলকাতা লিগের ম্যাচে মেসারার্সের বিরুদ্ধে দল নামাল না মোহনবাগান। আগেই তারা আইএফএ-কে চিঠি দিয়ে জানিয়েছিল, ডুরান্ড কাপ শেষ হলেই কলকাতা লিগের ম্যাচ খেলবে দল। কিন্তু আইএফএ ১৩ অগাস্টের মোহনবাগান-মেসারার্স ম্যাচ পিছিয়ে দিতে রাজি হয়নি। ফলে বুধবার নির্ধারিত সময়ের আগেই মেসারার্স মাঠে পৌঁছে যায়। রেফারি, সহকারী রেফারিরা ম্যাচ শুরুর জন্য মাঠে নামেন। আনুষঙ্গিক সব ব্যবস্থাপনাই সম্পূর্ণ ছিল। কিন্তু মোহনবাগান আসেনি। টিম লিস্টে শুধু মেসারার্সের খেলোয়াড়দের নাম ছিল। ফাঁকা মোহনবাগানের জায়গা। গতবার ইস্টবেঙ্গল ও ডায়মন্ড হারবারের মধ্যে ম্যাচেও একই ছবি ছিল। এবারও তাই। ডায়মন্ড হারবার আইনি পথে যাওয়ায় গতবারের লিগের চ্যাম্পিয়ন, রানার্স ঠিক করা যায়নি। আদালতেই আটকে আছে সব কিছু। এবার কি মোহনবাগানও আদালতের দ্বারস্থ হবে? আইএফএ কি সিদ্ধান্ত নেয় দেখার। সূত্রে খবর, লিগ সাব কমিটির সিদ্ধান্ত দেখে পরবর্তী পদক্ষেপ করতে চায় মোহনবাগান।



আইএফএ নিজেদের সিদ্ধান্তে অনড় থেকে মোহনবাগানের অনুরোধ মেনে মেসারার্স ম্যাচ পিছোতে রাজি হয়নি। এদিন সচিব অনির্বাণ দত্ত বললেন, এই ম্যাচ পিছনোর কোনও সুযোগ ছিল না। মেসারার্স মাঠে এসেছিল। নতুন সূচিতে ম্যাচ হলে ওরা সেটা মানবে কেন? লিগ সাব কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত। নিয়মানুযায়ী ওয়াকওভার পেয়ে মেসারার্সের তিন পয়েন্ট ও তিন গোল পাওয়া উচিত। মোহনবাগান সভাপতি দেবাশিস দত্ত বললেন, আমরা এখন ১৭ অগাস্টের ডার্বি নিয়ে ভাবছি। সচিব সৃঞ্জয় বোস বললেন, আইএফএ সচিব বলেছেন, গতবার মোহনবাগান একইসঙ্গে দুটো প্রতিযোগিতায় খেলেছে। আমি বলছি, গতবারের সঙ্গে প্রতি বছরের তুলনা করা কি যায়? গতবার কলকাতা লিগের চ্যাম্পিয়ন, রানার্স টিম কে? আমরা কেউ জানি না। তাহলে এবারও কি একই অবস্থা হবে?

## আত্মবিশ্বাসী মহামেডান

**প্রতিবেদন** : বৃহস্পতিবার লিগে শ্রীভূমির বিরুদ্ধে খেলতে নামছে মহামেডান। ডুরান্ডে শেষ ম্যাচের পর সাদার্ন সমিতির বিরুদ্ধে লিগে প্রথম পেয়েছে দল। জয়ের ছন্দ ধরে রাখতে মরিয়া মেহরাজ উদ্দিনের ছেলেরা। মহামেডান কোচ বলছেন, আমরা ডুরান্ডে শেষ ম্যাচ জিতেছি। এরপর কলকাতা লিগে আগের ম্যাচে জেতায় ফুটবলারদের আত্মবিশ্বাস বেড়েছে। মোটিভেশনের অভাব নেই। ছেলেরা জয়ের ছন্দ ধরে রাখতে চায়। আমি আশাবাদী, লিগের বাকি ম্যাচগুলোয় ভাল খেলব।

## গোয়ার জয়

**মারগাঁও** : এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু-র প্রাথমিক পর্বে বুধবার ফাতোরদায় ওমানের আল সইবকে হারিয়ে দিল এফসি গোয়া। মানোলো মার্কুয়েজের দল ২-১ গোলে জিতল। এই জয়ে এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু-র গ্রুপ পর্বে খেলার যোগ্যতা অর্জন করল গোয়া। মোহনবাগানের পর দ্বিতীয় ভারতীয় ক্লাব হিসেবে এসিএল-টুয়ের মূলপর্বে মানোলো ব্রিগেড। গোয়ার দুই গোলদাতা দেজান ড্রাজিক ও জেভিয়ার সিভেরিও।

আজ টিকিট বিক্রি শুরু

# ডার্বির মহড়ায় ব্যস্ত দুই প্রধান

**প্রতিবেদন** : কোয়ার্টার ফাইনালে ডার্বি চূড়ান্ত হওয়ার পরেই বুধবার থেকে পুরোদমে বড় ম্যাচের মহড়া শুরু করে দিল মোহনবাগান ও ইস্টবেঙ্গল। মোহনবাগানে যখন মনবীর সিং, কিয়ান নাসিরিরা চোটের কবলে, তখন ইস্টবেঙ্গলে সেই অর্থে চোট সমস্যা নেই। গত মরশুমের মাঝপথে ইস্টবেঙ্গলের দায়িত্ব নেওয়ার পর এখনও ডার্বি জিততে পারেননি কোচ অস্কার ব্রুজো। এবার ডার্বির খরা কাটাতে মরিয়া লাল-হলুদের স্প্যানিশ কোচ। অন্যদিকে, মোহনবাগান সিনিয়র ডার্বিতে অপরাজিত তকমা ধরে রাখতে চায়। বৃহস্পতিবার সকাল ১১টা থেকে শুরু হচ্ছে অনলাইনে ডার্বির টিকিট বিক্রি। মাথা পিছু দু’টি করে টিকিট দেওয়া হবে। ১৪, ১৬ এবং ১৭ অগাস্ট সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মহামেডান ক্লাবের বক্স অফিস থেকে অনলাইনে কাটা টিকিট হাতে পাবেন সমর্থকরা। অফলাইন টিকিট দুই ক্লাব থেকে পাওয়া যাবে ১৬ অগাস্ট সকাল ১১টা থেকে। মোহনবাগান কোচ জোসে মোলিনা এদিন রক্ষণ ও আক্রমণে বিভিন্ন কম্বিনেশন পরখ করে নিয়েছেন। আক্রমণভাগ বনাম রক্ষণের মহড়াও সেরেছেন দিমিত্রি পেত্রাতোস, লিস্টন কোলাসো, টম অলড্রেডদের নিয়ে। মনবীর, কিয়ানকে ডার্বিতেও হয়তো পাওয়া যাবে না। বাকি তিন দিন অনুশীলনে তাঁদের ফিটনেসের উপর নজর রাখবেন মোলিনা।



লিস্টন ও আনোয়ার।

ইস্টবেঙ্গলের অনুশীলনে এদিন সবাইকে ঘুরিয়ে ফিরিয়ে দেখে নেন অস্কার। ফলে ডার্বির প্রথম একাদশ নিয়ে ধোঁয়াশা রয়েছে। আগামী দু’দিন অনুশীলনের পর বোঝা যাবে প্রথম একাদশের ছবিটা।

# সিন্ধুর সামনে চ্যালেঞ্জ



**প্যারিস, ১৩ অগাস্ট** : আসন্ন ব্যাডমিন্টন বিশ্ব চ্যাম্পিয়নশিপের শুরুতেই কঠিন চ্যালেঞ্জের মুখে লক্ষ্য সেন। প্রথম রাউন্ডেই তাঁকে খেলতে হবে টুর্নামেন্টের শীর্ষ বাছাইয়ের বিরুদ্ধে। পিভি সিন্ধু প্রথম রাউন্ডে তুলনামূলকভাবে সহজ প্রতিপক্ষ পেলেও, পরের রাউন্ডে তাঁর জন্যও কড়া পরীক্ষা অপেক্ষা করছে। তবে প্রথম রাউন্ডে বাই পেয়েছেন সাত্ত্বিকসাই রাংকিরেড্ডি-চিরাগ শেঠি জুটি।

আগামী ২৫-৩১ অগাস্ট থেকে প্যারিসে শুরু হচ্ছে এই টুর্নামেন্ট। ২০২১ ব্যাডমিন্টন বিশ্ব চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জজয়ী লক্ষ্য প্রথম রাউন্ডেই খেলবেন চিনা শাটলার শি ইয়ু কিউয়ের বিরুদ্ধে। যিনি আবার টুর্নামেন্টের শীর্ষ বাছাই এশিয়ান গেমস চ্যাম্পিয়ন। চিনা শাটলারের বিরুদ্ধে লক্ষ্য আবার শেষ তিনটে ম্যাচই হেরেছেন। অন্যদিকে, সিন্ধু প্রথম রাউন্ডে মুখোমুখি হবেন বুলগেরিয়ার কালোয়ানা নালবানতোভার। জিতলে পরের রাউন্ডে সিন্ধুর সম্ভাব্য প্রতিদ্বন্দ্বী চিনের ওয়াং ঝি উই। আরেক ভারতীয় তারকা এইচ এস প্রণয় প্রথম রাউন্ডে খেলবেন ফিনল্যান্ডের জোয়াকিম ওল্ডরফের বিরুদ্ধে। এদিকে, পুরুষদের ডাবলসে সাত্ত্বিক-চিরাগ জুটি প্রথম রাউন্ডে বাই পেয়েছেন। ২০২২ বিশ্ব চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জজয়ী সাত্ত্বিকরাই ভারতের সেরা বাজি।

# সিরিজ জিতল ওয়েস্ট ইন্ডিজ

**ত্রিনিদাদ, ১৩ অগাস্ট** : ৩৪ বছরের খরা কাটিয়ে পাকিস্তানের বিরুদ্ধে একদিনের সিরিজ জিতল ওয়েস্ট ইন্ডিজ। তৃতীয় ম্যাচে পাকিস্তানকে ২০২ রানে হারিয়ে ২-১-এ তিন ম্যাচের সিরিজ জিতেছে ক্যারিবিয়ানরা। অধিনায়ক শাই হোপের সেঞ্চুরির (৯৪ বলে অপরাজিত ১২০ রান) সুবাদে ৫০ ওভারে ৬ উইকেট হারিয়ে ২৯৪ রান তুলেছিল ওয়েস্ট ইন্ডিজ। জবাবে পাকিস্তানের ইনিংস ২৯.২ ওভারে ৯২ রানে গুটিয়ে যায়। ১৮ রানে ৬ উইকেট নেন জেডেন সিলস। পাকিস্তানের হয়ে সলমন আগা ৩০ ও মহম্মদ নওয়াজ ২৩ রান করেন। ফের ব্যর্থ বাবর আজম (৯)।

মাঠে ময়দানে
14 August, 2025 • Thursday • Page 16 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল




লখনউ সুপার জায়ান্টস ও জাহির খানের মধ্যে সম্পর্ক শেষের পথে। নজর এবার অন্য কারও দিকে

# অবসর জল্পনার মধ্যেই দুইয়ে উঠলেন রোহিত

**দুবাই, ১৩ অগাস্ট :** অবসর জল্পনার মধ্যেই আইসিসি ওয়ান ডে ব্যাটারদের ক্রমতালিকার দু'নম্বরে উঠে এলেন রোহিত শর্মা। বুধবার প্রকাশিত ক্রমতালিকায় এক ধাপ এগিয়ে পাকিস্তানের বাবর আজমকে সরিয়ে দ্বিতীয় স্থানে উঠে এসেছেন রোহিত। তিন নেমে গিয়েছেন বাবর।

প্রায় ছ'মাসের কাছাকাছি হয়ে গেল, রোহিত কোনও একদিনের আন্তর্জাতিক ম্যাচ খেলেননি। কিন্তু সাম্প্রতিক ব্যর্থতার জন্য বাবরের রেটিং পয়েন্ট কমে যাওয়াতে দুইয়ে উঠে এসেছেন। অন্যদিকে, ওয়ান ডে ব্যাটারদের তালিকার শীর্ষস্থান ধরে রেখেছেন শুভমন গিল। চার নম্বরে রয়েছেন বিরাট কোহলি। প্রথম দশে রয়েছেন আরেক ভারতীয় ব্যাটার শ্রেয়স আইয়ার। তিনি রয়েছেন অষ্টম স্থানে।

টি-২০ এবং টেস্ট ক্রিকেটকে আগেই বিদায় জানিয়েছেন। এবার একদিনের ফরম্যাট থেকেও রোহিত এবং বিরাটের সম্ভাব্য অবসর নিয়ে তুমুল চর্চা শুরু হয়েছে ক্রিকেট মহলে। আগামী ১৯ অক্টোবর থেকে অস্ট্রেলিয়ার মাটিতে তিন ম্যাচের একদিনের সিরিজ খেলবে ভারত। জোর চর্চা, এই সিরিজের পরেই একদিনের ক্রিকেটকে বিদায় জানাবেন রোহিত এবং বিরাট। যদিও বিসিসিআই আবার স্পষ্ট জানিয়ে রেখেছে, দুই ক্রিকেট তারকা নিজেদের ভবিষ্যৎ নিজেরাই স্থির করবেন। এর মধ্যে বোর্ড নাক গলাবে না। এই প্রসঙ্গে এক বোর্ড কর্তার বক্তব্য, ওরা কোনও সিদ্ধান্ত নিলে, সেটা আগেই বিসিসিআইকে জানিয়ে দেবে। যেমনটা ইংল্যান্ড সফরের আগে দিয়েছিল।

প্রসঙ্গত, বিরাট ও রোহিত শেষবার দেশের হয়ে খেলেছেন চ্যাম্পিয়ন্স ট্রফিতে। সেখানে রোহিতের নেতৃত্বে চ্যাম্পিয়ন হয়েছিল ভারত। বিরাট এই মুহূর্তে রয়েছেন লন্ডনে। সেখানেই প্রস্তুতি শুরু করেছেন। রোহিতও মুম্বইয়ে প্রস্তুতি শুরু করেছেন। বোর্ড সূত্রের খবর, অস্ট্রেলিয়া সফরের পর রোহিত ও বিরাটকে দেশের মাটিতে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে একদিনের সিরিজেও খেলানোর পরিকল্পনা রয়েছে। তবে পুরোটাই নির্ভর করছে রোহিত ও বিরাটের সিদ্ধান্তের উপর।




রোহিতের চোখ অস্ট্রেলিয়া সফরে।

# বয়স নয়, পারফরম্যান্সই শেষ কথা : বেঙ্গসরকার



**মুম্বই, ১৩ অগাস্ট :** রোহিত শর্মা ৩৮। বিরাট কোহলি ৩৬। জল্পনা চলছে যে অস্ট্রেলিয়ায় তিন ম্যাচের একদিনের সিরিজে দু'জনকে অবসরের প্রস্তাব দিতে পারে বোর্ড। কিন্তু দিলীপ বেঙ্গসরকার ও ফারুখ ইঞ্জিনিয়ারের মতো প্রাক্তনরা এখনই দুই মহাতারকার অবসরের পক্ষপাতী নন। তাঁরা বলেছেন বয়স কখনও অবসরের বিচার্য বিষয় হতে পারে না। পারফরম্যান্সই এক্ষেত্রে শেষ কথা বলবে।

২০০৮-এ বেঙ্গসরকার যখন জাতীয় নির্বাচক কমিটির চেয়ারম্যান ছিলেন, তখন বিরাট ১৯ বছর বয়সে একদিনের ক্রিকেটে প্রথম পা রেখেছিলেন। একটি দৈনিককে বেঙ্গসরকার বলেন, অবসরের ব্যাপারটা নির্বাচকরা, বিশেষ করে প্রধান নির্বাচক বলতে পারবেন। তাঁর কথায়, আমিও নির্বাচক ছিলাম। আমি বিশ্বাস করি বয়স নয়, পারফরম্যান্সই শেষ কথা। বিরাট ও রোহিতকে নিয়ে বেঙ্গসরকারের বক্তব্য, দু'জনেই বিশ্বমানের প্লেয়ার। তবে আইপিএলের পর কোনও ম্যাচ খেলেননি।

## রোহিত-বিরাটের পাশে ইঞ্জিনিয়ার

কিন্তু একদিনের ক্রিকেটে তাঁদের অভিজ্ঞতা খুব কাজে দেবে। ঘরোয়া ক্রিকেটও বিরাটদের ম্যাচ-রেডি করে দেবে। আর তাঁরা ঘরোয়া ক্রিকেট খেললে জুনিয়র ক্রিকেটাররা উৎসাহ পাবে।

ইঞ্জিনিয়ার আবার মিডিয়ায় বিরাট-রোহিতের অবসর জল্পনায় বেশ অবাক। তিনি বলেছেন, ২০২৭ বিশ্বকাপের পরিকল্পনায় ওরা নেই বলে মিডিয়া রিপোর্টে পড়েছি। কিন্তু ওরা যদি খেলতে চায় এবং পারফর্ম করে, তাহলে বিরাট-রোহিতকে না নেওয়ার কোনও কারণ নেই। বিরাট এমনিতেই ভাল ফর্মে রয়েছে। আর রোহিত ফিট থাকলে তারও কোনও সমস্যা নেই। রোহিত খুব ভাল স্লিপ ফিল্ডার। আর ব্যাট হাতে একবার শুরু করে দিলে ও ভারতকে জিতিয়ে দেবে। ইংল্যান্ডে ভারতের পারফরম্যান্সে ফারুখ গর্বিত। কিন্তু তিনি মনে করেন সিরিজে কুলদীপ যাদবকে ব্যবহার করলে ভারত সিরিজ জিতত। হেডিংলে, এজবাস্টন ও ওল্ড ট্র্যাফোর্ডের ঘূর্ণী উইকেটে ইংরেজ ব্যাটাররা কুলদীপকে খেলতে সমস্যায় পড়ত।

# রাধা-তিতাস জুটিতে জয়

**ব্রিসবেন, ১৩ অগাস্ট :** অস্ট্রেলিয়া সফরে প্রথম জয়ের স্বাদ পেল ভারতীয় মহিলা এ দল। টি-২০ সিরিজে অস্ট্রেলিয়া এ দলের কাছে ০-৩ ফলে হারের পর, বুধবার প্রথম একদিনের ম্যাচে অস্ট্রেলিয়াকে ৩ উইকেটে হারিয়েছে ভারতীয় এ দল। জয়ের কারিগর বাংলার তিতাস সাধু ও বাঁ হাতি স্পিনার রাধা যাদব। প্রথমে ব্যাট করে ৪৭.৫ ওভারে ২১৪ রানে অলআউট হয়ে গিয়েছিল অস্ট্রেলিয়া এ। তিতাস ২ উইকেট দখল করেন। রাধার শিকার ৩ উইকেট। এছাড়া ২ উইকেট পান মিন্নু মানি।




অস্ট্রেলিয়ায় সফল তিতাস।

অস্ট্রেলিয়ার হয়ে সর্বোচ্চ ৯২ রান করেন আনিকা লিয়াররয়েড। ৫১ রান করেন র‍্যাচেল ট্রেনারম্যান। পাল্টা ব্যাট করতে নেমে, ৪২ ওভারে ৭ উইকেটে ২১৫ রান তুলে ম্যাচ জিতে নেয় ভারত এ। যস্তিকা ভাটিয়া ৭০ বলে ৫৯ রান করেন। এছাড়া শেফালি ভার্মার ৩১ বলে ৩৬ রান উল্লেখযোগ্য। ওপেনিং জুটিতে দু'জনে ৭৭ রান যোগ করে, দলের জয়ের ভিত গড়ে দেন। শেফালি মাঝে বাদ পড়েছিলেন। এবার এ দলের ম্যাচে রান পেয়ে গেলেন।

# পাক ম্যাচ বয়কট করা উচিত, তোপ ভাজ্জির

## এশিয়া কাপ



**নয়াদিল্লি, ১৩ অগাস্ট :** রক্ত আর জল একসঙ্গে বইতে পারে না। আমরা কেন এত বেশি ওদের গুরুত্ব দিই? বক্তা হরভজন সিং। এশিয়া কাপে ভারত-পাকিস্তান ম্যাচ হওয়া উচিত কি না, এই প্রসঙ্গে বিস্ফোরক ভাজ্জি।

আগামী ৯ থেকে ২৮ সেপ্টেম্বর সংযুক্ত আরব আমিরশাহিতে এশিয়া কাপ অনুষ্ঠিত হবে। মুখোমুখি হবে ভারত-পাকিস্তানও। কয়েকদিন আগেই লেজেন্ডসদের বিশ্ব চ্যাম্পিয়নশিপে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেছেন হরভজন। সেখানে গ্রুপ পর্ব এবং সেমিফাইনালে পাকিস্তান ম্যাচ বয়কট করে ভারত। প্রাক্তন তারকা স্পিনার মনে করেন, কোনও ভারতীয়র কাছে দেশ সবার আগে। তাই সূর্যকুমার যাদবদেরও পাকিস্তানের বিরুদ্ধে খেলা উচিত নয়।

হরভজন বলেছেন, কোনটা গুরুত্বপূর্ণ আর কোনটা নয়, তা আগে বোঝা উচিত। সেনা জওয়ানরা যেখানে পরিবার-পরিজন ছেড়ে সীমান্তে দিন-রাত্রি এক করে আমাদের সুরক্ষা দিচ্ছে। দেশের জন্য যে কোনও মুহূর্তে যাঁদের শহিদ হতে হয়, সেই সেনা জওয়ানদের আত্মত্যাগ আমাদের কাছে অনেক বড়। সেই তুলনায় একটি ক্রিকেট ম্যাচ বয়কট করা আমাদের কাছে কিছুই নয়। এশিয়া কাপে একই গ্রুপে রয়েছে দুই চিরপ্রতিদ্বন্দ্বী দেশ। এরপর সুপার ফোর এবং ফাইনালেও মুখোমুখি হতে পারে দুই দল। ভাজ্জির কথায়, আমাদের সরকারও একই পক্ষে দাঁড়িয়ে— রক্ত ও জল একইসঙ্গে বইতে পারে না। আগে সমস্যার সমাধান হোক। দেশ সবার আগে। তার জন্য একটা ক্রিকেট ম্যাচ বয়কট করা তুচ্ছ বিষয়।

# ক্যারিবিয়ান ক্রিকেটের পাশে দাঁড়াক আইসিসি

## লারার পর উদ্বিগ্ন লয়েডও



**অ্যান্টিগা, ১৩ অগাস্ট :** ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটের দুঃসময়ে আইসিসিকে পাশে দাঁড়ানোর অনুরোধ করলেন ক্লাইভ লয়েড। হাল ফেরাতে প্রাক্তন তারকাদের সঙ্গে বৈঠকে বসেছিল ক্যারিবিয়ান ক্রিকেট বোর্ড। দু'দিনের এই বৈঠক শেষ হওয়ার পর লয়েড জানিয়েছেন, ওয়েস্ট ক্রিকেটের পতনের অন্যতম প্রধান কারণ আর্থিক সমস্যা।

কিংবদন্তি ক্যারিবিয়ান অধিনায়ক বলেছেন, আইসিসি আমাদের কত অর্থ দিচ্ছে, সেটা দেখা উচিত। ভারত, ইংল্যান্ড, অস্ট্রেলিয়া ১৬০০ কোটি করে পাচ্ছে। আমরা পাচ্ছি ৭০০ কোটির মতো। যা বাংলাদেশ, আফগানিস্তানের সমান। এটা মেনে নেওয়া যায় না। লয়েডের সংযোজন, আইসিসির কাছে আমাদের বিশেষ আর্থিক প্যাকেজ চাওয়া দরকার। যখন ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটের স্বর্ণযুগ ছিল, তখন সবাই আমাদের সঙ্গে খেলতে চাইত। সেই সময় অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের সঙ্গে আমরা নিয়মিত খেলতাম। ভারত বা পাকিস্তানে খেলতে গেলে, আমাদের খেলা দেখার জন্য লক্ষ লক্ষ মানুষ ভিড় জমাতেন। ক্যারিবিয়ান ক্রিকেটকে ভাঙিয়ে আইসিসি অনেকগুলো বছর ধরে প্রচুর অর্থ আয় করেছে। এবার আমাদের কিছু পাওয়া উচিত।

লয়েডের আশঙ্কা, দ্বিস্তরীয় টেস্ট চ্যাম্পিয়নশিপ শুরু হলে, প্রথম স্তরে পৌঁছতে ওয়েস্ট ইন্ডিজের ১০০ বছর লেগে যাবে। তিনি বলেছেন, শুনছি, দু'বছরের মধ্যে দ্বিস্তরীয় টেস্ট চ্যাম্পিয়নশিপ শুরু করবে আইসিসি। এই হাল চলতে থাকলে, দ্বিতীয় স্তর থেকে প্রথম স্তরে উঠতে আমাদের ১০০ বছর লেগে যাবে!